শ্রীরাধাকুষ্ণগণেদ্দেশ-দীপিকা

প্রণেতা শ্রীগোর-পার্যদ শ্রীল শ্রীপাদ রূপ-গোস্বামী

> বঙ্গান্নবাদক শ্রীরাসৰিহারী সাখ্যতীর্থ

প্রকাশক প্রীমেদিনীন্দ্রলাল মিত্র ১৪৩, রাজা রাজেন্দ্রলাল মিত্র রোড্ কলিকাতা–১০

প্রাপ্তি স্থান ঃ—

- ১। ১৪৩ নং রাজা রাজেন্দ্রলাল মিত্র রোড্ কলিকাতা–১৩
- ২। ত্রিদণ্ডী স্বামী শ্রীমদ্ ভক্তিস্থানয় বন মহারাজ ভজন কুটীর বুনদাবন, মথুরা

মূল্য-পাঁচ টাকা

মুক্তক—
শ্রীশ্যামলাল হাকিম
শ্রীহরিনাম প্রেস
বুন্দাবন (ইউ. পি.)

अकाभाकत निरमन

প্রমারাধ্য গুরুদেব শ্রীল ভক্তিহৃদয় বন মহারাজের নিকট শুনিয়াছিলাম যে ব্রজে শ্রীশ্রীরাধা শ্রীল গোবিন্দদেবের অপ্রাকৃত চিন্ময়ী সেবা লাভ করিতে হইলে সাধন-জীবনে রাগান্তগ মার্গে <u>জীকুফের অনুশীলন করিতেই হইবে। জীকুফের অনুশীলনই</u> শুদ্ধা ভক্তি। সাধন-জীবনে আর যে সকল চেষ্টা, তাহা কর্ম-মিশ্রা বা জ্ঞান-মিশ্রা ভক্তি হইতে পারে, এবং অবাস্তর উদ্বেশ্য মনের অন্তরালে লুকায়িত থাকিলে সেই সকল প্রচেষ্টা ভক্তি-আচরণের স্থায় প্রতীয়মান হইলেও তাহা শুদ্ধা ভক্তি নহে। ব্রজ-পরিকরগণ যে অপ্রাকৃত ভাবে বিভাবিত হইয়া শ্রীকুষ্ণের সুখের জন্ম অনুকুল অনুশীলন করেন, তাহা অনুধাবন করিয়া নাম-কীর্ত্তন মুখে সাধক যে প্রীকৃষ্ণের নাম-রূপ-গুণ-ধাম-পরিকর-লীলার দেবা মানসে চিন্তনরূপ অনুশীলন করেন, তাহাই উত্তমা ভক্তি। সাধক-জীবনে এই প্রকারে শ্রীকৃষ্ণের সুথকর সেবার অনুশীলন দারাই জীব বদ্ধাবস্থা হইতে মুক্ত হইটা অন্তিমে চিনায় ব্রজধামে শ্রীশ্রীরাধাকুফের নিত্য-সেবা লাভ করিতে সমর্থ হন। ঐক্ষের অনুশীলন করিতে হঠলে তাঁহার নিজ-জনগণের পরিচয় ও তাঁহাদের প্রেমময়ী সেবা-প্রণালী জ্ঞাত হওয়া বিশেষ প্রয়োজন। নতুবা শ্রদা ভক্তির যথার্থ অনুশীলনরূপ ভক্তি-যাজন সম্ভব নয়।

এই কারণে প্রীক্ষের পরিজন কাঁহারা জানিবার জন্ম আগ্রহান্বিত হইয়া বহু প্রয়াসে ভগবান্ প্রীগৌরস্থনরের নিত্য-পার্যদ ও ব্রজলীলায় যিনি প্রীরূপ-মঞ্জুরী নামে অভিহিত, সেই প্রীরূপ-গোস্বামী প্রভুর রচিত প্রীরাধান্তফগণোদ্দেশ-দীপিকা গ্রন্থরের একখানি প্রাচীন পুস্তক সংগ্রহ করি। তাহাই প্রকাশ করিলাম।

এই মহামূল্য গ্রন্থের বর্ত্তমান প্রকাশের পূর্ব্বে শ্রীযুক্ত রামদেব মিশ্র মহোদয় ১৩২৩ বঙ্গাব্দের বৈশাখ মাসে ইহা প্রকাশ করিয়াছিলেন। প্রথম প্রকাশে তিনি লিখিয়াছেন—

"... শ্রীকপগোস্বামিপাদের প্রণীত 'শ্রীরাধাকৃষ্ণগণোদ্দেশদীপিকা' গ্রন্থ সম্বন্ধে অনেকেই অবগত ছিলেন না। গোল্কগত
৺রামনারায়ণ বিভারত্ব মহাশয় বহু পূর্বেব এই গ্রন্থ প্রকাশের
ইচ্ছা করিয়া অনেক স্থানে শাস্ত্রান্থরাগী জনগণকে ইহার
অন্থলিপির জন্ম অনুরোধ করেন। তৎপরে সন ১৩ ২ সালের
২০শে কার্ত্তিক শ্রীযুক্ত সারদাচরণ মিত্র মহোদয় প্রাচীন তুইখানি
পুঁথির নকল তাঁহার নিকট পাঠাইয়াছিলেন, এবং শ্রীরাসবিহারী
সাজ্যাতীর্থ মহাশয়ের নিকট তুইখানি প্রাচীন হস্তলিপি প্রাপ্ত
হন। ইহার মধ্যে পূর্বের তুইখানির একখানি, ও শেষ তুইখানির
একখানি অপেক্ষাকৃত বিশুদ্ধ, অন্য তুইখানি লিপিকারের ভ্রমপ্রমাদে পরিপূর্ণ। সমস্তক্তলি পর্য্যালোচনা ও অনুবাদাদির
ভার উক্ত সাজ্যাতীর্থ মহাশয়কে প্রদান করেন। তদকুসারে তিনি
গ্রন্থখানি অনুবাদ, পাঠাদিবিবেক ও পদটীকা প্রভৃতি দারা
স্থসজ্জিত করিয়া দেন। বস্তুত ইহা অনেক দিনের কথা।

উক্ত ৺বিভারত্ব মহাশয়ের অন্তর্ধানের পর এতদিন এই প্রস্থ প্রকাশ করা ঘটিয়া উঠে নাই। এক্ষণে অনুসন্ধানে গ্রন্থানি প্রাপ্ত হইয়া প্রকাশ করিলাম। যথাসম্ভব সংশোধনের চেষ্টা করা হইয়াছে, আশা করি শাস্ত্রান্তরাগী শ্রীকৃষ্ণভজনশীল বৈষ্ণবর্গণ ইহার আদর করিতে বিমুখ হইবেন না।

উক্ত গ্রন্থ উল্লিখিত ভাবে অনূদিত ও সজ্জিত হইবার পূর্বের গোবরহাটী-গোরভূমি কার্য্যালয় হইতে শ্রীরামপ্রসন্ন ঘোষ মহাশয় একবার এই পুস্তক মুদ্রিত করেন। তাহাও ঐ সাজ্যতীর্থ মহাশয়ের অনূদিত। কিন্তু উপযুক্ত আদর্শের অভাবে সেখানি বিশুদ্দ করিতে পারেন নাই।

শ্রীমন্তাগবতের দশম স্কন্ধের টীকা বৈষ্ণবতোষণীর শেষে গোস্বামিপাদত্রয়ের অর্থাৎ শ্রীসনাতন, শ্রীরূপ ও শ্রীজীবের গ্রন্থ-পরিচয়-প্রসঙ্গে শ্রীরূপের গ্রন্থ-পরিচয়ে দেখা যায় যে—

> "তয়োরন্থজস্প্টেষু কাব্যং শ্রীহংসদূতকং" "রহল্লঘুতয়া খ্যাতা শ্রীগণোদ্দেশদিপীকা"

অর্থাৎ সনাতন জ্যেষ্ঠ, রূপ তাহার অরুজ। সেই রূপের গ্রন্থ মধ্যে হংসদৃত প্রভৃতি এবং বৃহৎ ও লঘু ছই ভাগে বিভক্ত শ্রীরাধাকৃষ্ণগণোদ্দেশ-দীপিকা। ভক্তিরত্বাকর গ্রন্থের পঞ্চম তরঙ্গেও এই কথারই প্রতিধ্বনি করিয়াছে। এই গ্রন্থের রচনা কাল ১৪৭২ শাক। ৺িতারত্ব মহাশয়ের আমলের সেই প্রস্তুত গ্রন্থ, আমরা এতদিনে প্রকাশ করিলাম।"

বহুদিন পরে উক্ত পুস্তকেরই পুনঃ প্রকাশ করিয়া আমরা कृ वार्थ रहेलाम ।

"Infrarrows to the later transmit

)२ जूनारे,

নিবেক ১৯৭১ - ত্রীমেদিনী জ্বলাল মিত্র

विषय-मूछी

Gr

বিষয়	পৃষ্ঠা	বিষয়	शृष्ठी
১। মঙ্গলাচরণ	3	(৫) তুঙ্গবিদ্যা	२०
২। গ্রন্থারম্ভ	2	(७) हेम्पूरतथा (हेम्पूरलथा)	20
৩। পশুশালা	9	(৭) রঙ্গদেবী	25
(ক) বৈশ্য	0	(৮) ऋषिवी	३७
(খ) আভীর	8	১২। বর	२७
(গ) গুর্জর	8	(ক) কলাবতী	३७
8। বি প্র	8	(খ) শুভাঙ্গদা	34
ए। विष्ठिष्ठ	0	(গ) হিরণ্য:ক্ষী	२४
৬। পূজা	C	(ঘ) রত্নলেখা	00
৭। মহীস্থর	16	(ড) শিখাবতী	9)
৮। यूथ	20	(চ) কলপ্রপ্রগ্রী	92
৯। সখীবর্গ	52	(ছ) ফুল্লকলিকা	99
১০। বরিষ্ট	22	(জ) অনক্ষপ্ররী	00
১১। স্থীগণ	22	১৩। বয়স্থাদিগের সাধারণ কা র্য্য	08
(১) ললিতা	२२	১৪ ৷ পুষ্পভূষণ	96
(২) বিশাখা	२०	(১) কিরীট	96
(৩) চম্পকলতা	2.8	(২) বালপাশ	80
(৪) চিত্রা (স্থচিত্রা)	28	(৩) কর্ণভূষণ	80

বিষয়	ब्रे श	বিষয়	शृष्ठी।
(১) তাড়স্ক	85	১৮। অष्टेमशौत	
(২) কুণ্ডল	83	চরিত্র বর্ণন	(1)
(o) sp	85	১৯। हिन्।	02
(৪) কর্ণিকা	82	२०। कुन्नविष्णा	CO.
(৫) कर्नरवष्ट्रेन	82	२)। हेन्तूरनश	40
(৬) লগাটিকা	80	२२ । तक्षरंपवी	63
(৭) গৈরেয়ক	89	२०। स्ट्रापि	७२
(৮) অঙ্গদ	82	২৪। সখীদিগের	
(৯) কাঞ্চী	89	বিভিন্ন ভাব	48
(১০) কটক	88	২৫। ছতীগণ	159
(১১) মণিবন্ধনী	88	২৬। সন্ধিত্তী	90
(১২) হংসক	80	২৭। দ্বিতীয় মণ্ডল	92
(১৩) कक्षूनी	80	২৮। গ্রীরাধার অষ্ট্রস	াখী
(১৪) ছত্র	80	(সম্মোহন-তন্ত্ৰ মতে)	40
(১৫) শয়ন (শজ্জা)	83	২৯। অন্তাপ্ত সংশী	-99
(১৬) উল্লোচঃ	85	৩০। রত্বভব	99
(১৭) চন্দ্রাতপ	89	नपूर औताभाक्षकगरणा	THE
(७५) (४%)	89	मी शिका	
১৫। দূতীগণ	89	> ! গ্রীকৃষ্ণরূপাদিক	42
১৬। বিশাখা	85	২। বয়স্তাগণ	49
২৭। বস্ত্রসেবার দাসীগণ	188	হ। বয়শুগণের প্রভো	1 69

৪। স্থ্রদগণ	49	২৬। বেশকারিগণ ১৯৩
ে। স্থভাদ	49	২৭। গান্ধিকগণ ১০৪
৬। স্থাগণ	42	২৮। নালিতগণ ১০৪
৭। প্রিয়সখাগণ	۵۰	২৯। অপর ভূতাগণ ১০৫
৮। প্রিয় নর্মস্থাগণ	ره	৩০। পরিচারিকাগণ ১০৫
৯। জ্রীদামা	52	७)। (ठिंगिन)० ए
১০। স্থামা	ನ೨	৩২। চরগণ ১০৬
১১। স্থ্ৰল	20	তে। তুত্রপণ ১০৬
১২। অজুন	28	৩৪। শ্রীকৃষ্ণের তৃতী
১৩। গন্ধর্ব	28	প্রকরণ ১০৬
১৪। বসন্ত	20	৩৫। পৌর্বমাসী ১০৭
>৫। উজ्জ्ञन	৯৬	৩৬। বীরা ১০৮
১৬। কোকিলা	৯৬	৩৭। বৃন্দার বিশেষ ১০৯
১१। मनन्त्र	29	७৮। नान्नीमूशी ১১०
১৮। विनक्ष	৯৭	৩৯। সাধারণ ভৃত্যের
১৯। खीमधूमकन	ನಿರ	नामानि ১১०
२०। जीवनताम	ನಿನ	৪০। স্থান বিবরণ ১১৪
२१। विष्ठेशन	202	৪১। শ্রীকৃষ্ণের ব্যবহার-
२२। टिंगन	205	জব্য সমূহের নাম ১১৬
২৩। তামু লিকগণ	२०२	🦟 ৪২। ভূষণ সমুহেব
২৪। জলসেবক	200	নাম ১১৮
२৫। वखरमवक	200	৪৩। শ্রীকৃষ্ণের প্রেয়সীগণ ১২০

৪৪। জীরাধা	:52	৫০। নিতা সখীগণ	:00
৪৫। কর চিহ্নানি	>29	৫১। শ্রীরাধার	
৪৬। জীরাধার		মঞ্জরীগণ	200
কর চিহ্ন	:29	৫২। জীরাধার	
৪৭। জীরাধার চরণ	13.	উপাস্থ	308
চিহ্ন সকল	:22	৫৩। সখীদিগের বিশেষ	ŧ
৪৮। প্রিয় সখীগণ	७०२	বিবরণ	208
৪৮। জীবিত স্থী—	0 6	৫৪। জ্রীরাধার কিন্ধরীগণ	206
প্রাণস্থীগণ	५०२	৫৬। ভূষণ সকল	:80



त्रहरू

श्री त्राधाकु स्थाप्ति भ-की शिका

सक्ला छ तथ स

বন্দে গুরুপদদ্ধং ভক্তবৃন্দসমন্বিতং।
শ্রীচৈতগ্যপ্রভুং বন্দে নিত্যানন্দসহোদিতং।। ১।।
শ্রীনন্দনন্দনং বন্দে রাধিকাচরণদ্বয়ং।
গোপীজনসমাযুক্তং বৃন্দবনমনোহরং।। ২।।

রাধানাথপদং নতা দাস-রাসবিহারিণা। রাধাকৃষ্ণগণোদেশোহন্দ্যতে বঙ্গভাষয়া।।

ভক্তগণসমন্বিত শ্রীগুরুদেবের পাদপদ্ম এবং নিত্যানন্দ-সহযোগে অবতীর্ণ শ্রীচৈতগ্যপ্রভূকে বন্দনা করি।। ১।।

বৃন্দাবন-মনোহরণকারী গোপীজনবেষ্টিত শ্রীনন্দুনন্দন এবং শ্রীরাধিকার পাদপদ্ম বন্দনা করি।। ২।।

গ্রন্থ।রম্ভঃ

* যে সূত্রিতাঃ সতা রত্যা প্রসিদ্ধাঃ শাস্ত্রলোকয়োঃ।
ব্যাক্রিয়ন্তে পরিবারাত্তে বৃন্দাবননাথয়োঃ।। ৩।।
মথুরামণ্ডলে লোকে গ্রন্থেরু বিবিধেষু চ।
পুরাণে চাগমাদোচ তদ্ভক্তেষু চ সাধুষু।। ৪।।

সাধুগণ ঐক্স্ক-পরিবারবর্গের নাম অনুরাগবশতঃ সূত্ররূপে উল্লেখ করিয়াছেন। তাহা লোকপরাম্পরায় এবং শাস্ত্রে বিখ্যাত ছিল। আমি সেই ঐাবুন্দাবননাথ শ্রীরাধানাথের পরিবার-বর্গের নাম এই গ্রন্থে প্রণালী বন্ধনপূর্বেক লিখিতে আরম্ভ করিতেছি॥ ৩॥

মথুরাপ্রদেশের লোকপ্রবাদে, বিবিধ গ্রন্থমধ্যে, পুরাণ ও আগমাদিতে এবং তাঁহার ভক্ত সাধুগণের নিকট যাহা অবগত হইয়াছি, তাহাই নিজের স্থল্ফর্গের পরিতোষ নিমিত্ত যথা-

* य विख्नाः পরিবারা রাধামাধবয়োরিহ।

তিরিয়োগাশ্চ লীলা চ তথা পরিকরাদয়ঃ।। ইতি পাঠান্তরং।।
তারং শ্লোকঃ গ্রন্থান্তরে লঘুভাগে দৃশ্যতে। তার লোকশান্তরেঃ।
ইতি পাঠান্তরঃ।

তে সমাসাদিলিখ্যন্তে সমুছৎ পরিতৃষ্টয়ে।
সারুপ্ববীবিধানেন রতিপ্রথিতবর্ম নঃ ॥ ৫॥
তে কৃষ্ণস্থা পরিবারা যে জনা ব্রজবাসিনঃ।
পশুপালাস্তথা বিপ্রা বহিষ্ঠাশ্চেতি তে ব্রিধা॥ ৬॥

३। তত भश्रभालाः

পশুপালান্ত্রিধা বৈশ্যা আভীরা গুর্জরান্তথা। গোপ-বল্লভ-পর্যায়া যত্বংশসমূদ্রবাঃ।। ৭।।

(ক) বৈশ্ৰাঃ

প্রায়ো গোবৃত্তয়ো মুখ্যা বৈশ্যা ইতি সমীরিতাঃ। অন্যেহনুলোমজাঃ কেচিদাভীরা ইতি বিশ্রুতাঃ।। ৮।।

ক্রমে সজ্জেপে লিখিতেছি। ইহাতে অনুরাগের পথ বিশেষ প্রণালীবদ্ধ হইবে॥ ৪-৫।।

ব্রজনাদিগণ শ্রীকৃষ্ণের পরিবার। সেই পরিবার ত্রিবিধ; পঞ্পাল, বিপ্র এবং বহিষ্ঠ। ৬।।

७। भश्रभाल

পশুপাল আবার তিন প্রকার—বৈশ্য, আভীর ও ওর্জর। ইহারা সকলেই গোপ বা বল্লবপর্য্যায়ভুক্ত এবং যতুবংশজাত।। ৭।।

(ক) বৈশ্ব

বৈশ্যগণ প্রায়ঃ গোরসের দারা জীবিকানির্বাহ করেন এবং তাহারা শ্রেষ্ঠ। কেহ কেহ ইহাদিগকে আভীর বলিয়াও উল্লেখ করেন। ইহারা অনুলোমজাত, অর্থাৎ পিতা উচ্চবর্ণ, মাতা হীনবর্ণ। ৮।।

(খ) আভীরাঃ

আগবাদ্যকু তৎসাম্যাদাভীরাশ্চ স্মৃত। ইমে।
আভীরা: শূজজাভীয়া গোমহিবাদির্ক্তয়ঃ।
যোষাদিশকপর্য্যায়াঃ পূর্বতো ন্যুনতাং গতাং।। ৯।।

(গ) গুর্জ্জরাঃ

কিঞ্চিলাভীরতো ন্যুনাশ্ছাগাদিপশুরুত্তয়ঃ। গোষ্ঠপ্রান্তকুতাবাসাঃ পুষ্টাঙ্গা গুর্জ্জরাঃ স্মৃতাঃ।। ১০।।

२। विश्वाः

मर्कितमितिषा विखाः याजनाम् धिकाविभः ।। ১১।।

(খা আভীর

আভীরগণ গোবৎসাদিদার। জীবিকানির্ব্বাহ করেন বলিয়া বৈশ্যাদির সমান শূদ্রজাতীয়। গো-মহিষাদি চারণ করাই ইহাঁদের প্রধান কার্য। ঘোষ প্রভৃতি ইহাদের উপাধি। এই উপাধি ইহাঁদের মধ্যে এখন হীনতা প্রাপ্ত হইয়াছে।। ৯।।

(গ্ন) গুর্জ্জর

যাঁহারা আভীর হইতে কিঞ্চিৎ হীন, ছাপানি পশুপালক, এবং পোষ্ঠের প্রান্তে বসতিশীল, তাহাদিপকে গুর্জের বলে। ইহারা বেশ স্বস্তুপুষ্ট ।। ১০।।

३। विश्रा

বিপ্রপণ সর্ববেদজ্ঞ, এবং যজন, যাজন, অধ্যয়ন, অধ্যাপন,

- * আচারাত্তেন তৎসাম্যাদাভারাশ্চ শ্বতা ইমে। ইত্যপি পাঠঃ।
- ০ ষাজনাদিবিধায়িনঃ। ইতি চ পাঠঃ।।

७। विद्यिष्ठाः

বহিষ্ঠাঃ কারবঃ প্রোক্তাঃ নানাশিল্পোপজীবিনঃ।। ১২।।
এতিঃ পঞ্চবিধেরেব পরিবারা হরেরিহ।
পূজা ভ্রাতৃভগিন্যাতা দূত্যো দাসাশ্চ শিল্পিনঃ।
দাসিকাশ্চ বয়স্তাশ্চ প্রেয়স্তাশ্চেতি তেইপ্টধা।।
মান্যা ভ্রাত্রাদয়স্তম্ভ বয়স্তাঃ সেবকাদয়ঃ।
ভ্রীগোষ্ঠযুবরাজস্ত প্রেয়ম্তশ্চ পুরক্রমাং।। ১৩॥

८। शुक्राः

পূজ্যাঃ পিতামহাদ্যাশ্চ তথা জ্বেয়া মহীস্থরাঃ।। ১৪।। পিতামহো হরেগৌরঃ সিতকেশঃ সিতাম্বর।।

জি দান ও প্রতিগ্রহ এই ষট্কর্মনিরত।। ১১।। ৩। বহিষ্ঠা

> নানাবিধ শিল্পোপজীবি কারুগণকে বহিষ্ঠ কহে। শ্রীকৃষ্ণের পাঁচ প্রকার পরিবার আছেন।। ১২।।

সেই পরিবার আবার অন্তপ্রকার—পূজ্য, প্রাতৃভিগিনী প্রভৃতি, দূতীবর্গ, দাস, শিল্পী, দাসী, বয়স্থ ও প্রেয়সী। বজরাজ নন্দের প্রাত্বর্গ, বয়স্য, সেবক ও প্রেয়সীগণ, ইহারা গোষ্ঠ-যুবরাজ শ্রীকৃষ্ণের মান্য।। ১৩।।

8। शृका

পিতামহ ও মাতামহ প্রভৃতি এবং ব্রাহ্মণগণ পুজাপাদ বাচ্য ।। ১৪ ।।

শ্রীকৃষ্ণের পিতামহের নাম পজ্জন্য। ইনি মঙ্গলরূপ

মঙ্গলাম্তপর্জন্যঃ পর্জন্যো নাম বল্লবঃ ।। *

যঃ প্রর্থেনিদেশেন লক্ষীভর্ত্ত্রুকপাসনাং ।

বরিষ্ঠো ব্রজগোষ্ঠীনাং স কৃষ্ণস্থ পিতামহঃ ।।

পুরা নন্দীশ্বরে চক্রে শ্রেষ্ঠসন্ততিকাক্ষয়া ।

বাগমূর্ত্তা ততে ব্যোমি প্রাত্রাসীৎ প্রিয়ঙ্করী ।। ১৫-১৬ ।।

"তপসানেন ধন্যেন ভাবিনঃ পঞ্চ তে স্বতাঃ ।

বরীয়ান্ মধ্যমস্তেষাং নন্দনামা ভবিষ্যতি ।।

নন্দনস্তম্ম বিজয়ী ভবিতা ব্রজনন্দনঃ ।

সুরাস্তরন্থিখারত্ব-নীরাজীতপদামুজঃ" ।। ১৭-১৮ ।।

সুধাবর্ষণকারী পর্জন্য অর্থাৎ মেঘের তুল্য। ইহাঁর বর্ণ গৌর, কেশ শুল্র। পূর্বকালে নন্দীশ্বরপ্রদেশে এই পর্জন্য উৎকৃষ্ট সন্তানকামনায় দেবর্ষি নারদমহাশয়ের উপদেশে লক্ষ্মীপতি নারায়ণের উপাসনা করেন। জীকুফের এই পিতামহ সমস্ত ব্রজগোষ্ঠীর মাননীয়। বিপুল তপস্যা করিলে পর স্থবিস্তীর্ণ নভোমগুলে পর্জন্যের প্রিয়ঙ্করী এক অশরীরিণী আকাশবাণী হইয়াছিল।। ১৫-১৬।।

'হে পজন্য! তোমার এই ধন্য তপদ্যার ফলে পাঁচটী পুত্র হইবে। তন্মধ্যে মধ্যমটীই সর্বশ্রেষ্ঠ এবং নন্দনামে প্রকাশিত হইবে। সেই নন্দের পুত্র বিজয়ী ও ব্রজের

^{*} পৰ্জন্যাভিধ ঈর্যাতে। ইতি চ পাঠঃ।।

০ বার্গসৌ বিততে ব্যোমি। ইতি পাঠান্তরং।।

তুপ্তস্ত্র বসন্নত্র প্রেক্ষ্য কেশিনমাগতং।
পরীবারৈঃ সমং সর্বৈর্ব্যয়ে ভীতো বৃহদ্ধনং।। ১৯।।
পিতামহী মহীমান্যা কুস্থজাভা হরিংপটা।
বরীয়সীতি বিখ্যাতা খর্বা ক্ষীরাভকুন্তলা।। ২০।।
পিত্ব্যো পিতুরুজ ন্যরাজন্যো বল্লবো চ যৌ।
* নটীস্থবেজ নাখ্যাপি পিতামহসহোদরা।
গুণবীরঃ পতির্যস্যাঃ সুর্য্যস্যাহ্বয়পত্তনং।। ২১।।

আনন্দ-দাতা হইবেন। কি স্থর, কি অস্থর সকলেই ইহঁার পাদপদ্মকে শিরোরত্বদারা নীরাজন (আরাত্রিক বা সম্মান) করিবেন।। ১৭-১৮।।

পজ্জন্য কিয়ৎকাল তুষ্টচিত্তে ঐ নন্দীশ্বরে বাস করিয়া পুনশ্চ "কেশী" নামক অস্তরকে তথায় আগত দেখিলেন এবং ভীত হইয়া সমস্ত পরিবারবর্গের সহিত মহাবনে (গোকুলে) গমন করিলেন।। ১৯।

শ্রীকৃষ্ণের পিতামহীর নাম বরীয়সী। ইনি ব্রজমগুলের মাননীয়া। ইহাঁর বর্ণ কুহুস্তপুষ্পের ন্যায়, বসন হরিদ্র্ণ, আকার খর্বব, কেশ গুলি হুশ্বের মত একেবারে ধবল ।। ২০।।

প্রীকুষ্ণের পিতা নন্দমহারাজের হুই জন পিতৃব্য অর্থাৎ পিতার ভ্রাতা, উর্জ্জন্য ও রাজন্য। হুইজনেই বল্লব (গোপ)। নৃত্যবিদ্যাপরায়ণা স্থবেজনা পিতামহ পর্জন্যের সহোদরা ভগিনী। এই স্থবেজনার পতির নাম গুণবীর। ইহার বাসস্থান

[🕶] तंजीनूरम नूजतााथा। । ইতি চ পাঠঃ।।

পিতা ব্রজজনানন্দো নন্দো ভূবনবন্দিতঃ ৠ।।
তুন্দিলশ্চন্দনরুচির্বন্ধুজীবনিভাম্বরঃ।
তিলতভূলিতং কূর্চেং দধানো লম্ববিগ্রহঃ।। ২২-২০।।
উপনন্দান্তভো নন্দো বস্থাদেব-স্থান্তরমঃ।
গোপরাজ-যশোদে চ কৃষ্ণ তাতো ব্রজেশ্বরৌ , ২৪।।
বস্থাদেবোহপি ০ বস্থভিদীব্যতীত্যেষ ভণ্যতে।
যথা দ্রোণস্বরূপশ্চ খ্যাতশ্চানকত্বন্দুভিঃ।।

स्रांकुछ ॥ २১ ॥

শ্রীকৃষ্ণের পিতার নাম নন্দ। ইনি ভ্বনবন্দিত এবং ব্রজ-বাসির আনন্দের নিদান। ইহাঁর উদর স্থুল, অঙ্গকান্তি চন্দন-সদৃশ শুভ্র ও স্থান্ধযুক্ত, বন্ধুজীব (বাঁধুলী) পুষ্প বর্ণের ন্যায় তাঁহার বসন, কূর্চ্চ (দাড়ী) তিলতগুলিত অর্থাৎ শ্বেতকৃষ্ণবর্ণে মিশ্রিত, এবং ইনি দীর্ঘাকায়॥ ২২-২৩।।

নন্দের জ্যেষ্ঠ ভ্রাতা উপনন্দ। ইনি বস্থদেবের বিশেষ স্থাতং। গোপরাজ ও যশোদা শ্রীকৃষ্ণের পিতা ও মাতা। ইহাঁরা ব্রজেশ্বর ও ব্রজেশ্বরী বলিয়াও বিখ্যাত।। ২৪।।

বস্থ-শব্দ পুণা, রত্ন ও ধনবাচী। বস্থ দ্বারা যিনি ক্রীড়াশীল, তিনিই বস্থাদেব। অথবা, বিশুদ্ধ সত্ত্ত্ত্পকে বস্থ কহে। এই অর্থে বস্থাদেব মহাশয় শুদ্ধসত্ত্ত্ত্পসম্পন্ন বলিয়া বিখ্যাত। ইনি পূর্বজন্ম জোণনামা বস্থ ছিলেন। আনকছন্দুভি ইহাঁর নামান্তর।

^{*} পিতা ব্রজাপিতানন্দঃ। ইতি পাঠান্তরং।।

০ বসুভিঃ ইতাত্র বসুষু। ইতি চ পাঠঃ।।

নামেদং গারুড়ে প্রোক্তং মথুরামহিমক্রমে।
ব্রবভান্থর জৈ খ্যাতো যস্য প্রিয়স্থল্বরঃ ॥ ২৬ ॥
अ মাতা গোপযশোদারী যশোদা শ্যামলতাতিঃ।
মূর্ত্তা বৎসলতেবাসো ও শক্রচাপনিভান্বরা ॥ ২৭ ॥
নাতিস্থলতন্তঃ কিঞ্চিলীর্ঘমেচকক্তলা।
ক্রিলবী কীর্ত্তিদা যস্যা প্রিয়া প্রাণসখী বরা ॥ ২৮ ॥
গোক্লাধীশগৃহিণী যশোদা দেবকীসখী।
গোপেশ্বরী গোষ্ঠরাজ্ঞী কৃষ্ণমাতেতি ভণ্যতে ॥ ২৯ ॥

এই নাম গরুড়পুরাণের মথুরামাহাত্মপ্রসঙ্গে উক্ত হইয়াছে। শ্রীরাধার জনক বৃষভাত্মরাজ ইহাঁর বিশেষ স্থকং।। ২৫।২৬।।

গোপগণের মধ্যে যশোদানকারিনী বা যশস্বিনী বলিয়া শ্রীকৃষ্ণের মাতার নাম যশোদা। ইহাঁর অঙ্গকান্তি শ্যামলবর্ণা এবং ইনি বৎসল-রসের মূর্ত্তিমতী, ইহাঁর বসন ইন্দ্রধন্তর ন্যায় বর্ণস্কুতা। ২৭।।

ইহঁ ব তন্থ নাতি স্থল অর্থাৎ তত ক্বশন্ত নহে, স্থলেও নছে, মধ্যমাকার। কেশপাশ কিঞ্চিৎ দীর্ঘ, মেচকবর্ণ। ঐন্দবী ও কীর্ত্তিদা ইহাঁর প্রিয়ত্মা প্রাণতুল্যা শ্রেষ্ঠা সখী।। ২৮।।

গোকুলরাজ নন্দরাজের পত্নী যশোদা, গোপেশ্বরী, গোষ্ঠরাজ্ঞী এবং কৃষ্ণমাতা বলিয়া বিখ্যাত, এই যশোদা

^{*} यत्नाना (मानसमूता। देि भार्गाखतः॥

০ শক্রগোপঃ। ইত্যাপি পাঠঃ॥

তথাচ আদিপুরাণে।।

"দ্বে নামী নন্দভার্য্যায়া যশোদা দেবকীতি চ।
অতঃ সখ্যমভুত্তস্যা দেবক্যাঃ শোরিজায়য়া" ।: ৩০ ।।
রোহিণী রহদম্বাস্য প্রহর্মারোহিণী সদা।
স্বেহং যা কৃক্তে রামস্কেহাৎ কোটিগুণং হবোঁ।। ৩১ ॥
উপনন্দোহভিনন্দাচ পিতৃর্যো পূর্বেজো পিতৃঃ।
পিতৃর্যো তু কনীয়াংসো স্যাতাং সমন্দ-নন্দনো।। ৩২ ।।
আতঃ সিতাক্রণক্রচিদীর্ঘক্রেচা হরিৎপটঃ।
তুঙ্গী প্রিয়াস্য সারঙ্গবর্ণা সারঙ্গশাটিকা।। ৩০ ।।

অতএব আদিপুরাণে লিখিত আছে—

"নন্দপত্মীর তুইটি নাম, যশোদা এবং দেবকী। এই জন্য বস্তুদেবপত্মী দেবকীর সহিত যশোদার বিশেষ সখ্যভাব হইয়া ছিল।। ৩০।।

বলরামের মাতা রোহিণী। ইনি আনন্দ্রময়ী ও কুঞ্চের ''বড় মা'' বলিয়া বিখ্যাত। রোহিণীদেবী বলরাম অপেক্ষা শ্রীকৃষ্ণকে কোটিগুণ স্নেহ করেন। ৩১।।

নন্দের জ্যেষ্ঠ প্রাতা গৃই জন, উপনন্দ অভিনন্দ। সমন্দ ও নন্দ্রন্য এই গুই জন নন্দের কনিষ্ঠ প্রাতা। ইহারা সকলেই শ্রীকৃষ্ণের পিতৃব্য।

সন্নদের অঙ্গকান্তি ধবল, মেচক ও অরুণবর্ণ। কূর্চ্চ (দাড়ী) দীর্ঘ। বস্ত্র হরিদ্বর্ণ। ইহার পত্নীর নাম তুঙ্গী, ইনি সারঙ্গ অর্থাৎ চাতকবর্ণা এবং তদ্বর্ণ শাটীপরিধানা।। ৩৩॥ দ্বিতীয়ঃ কমুরম্য শ্রীলম্বক্র্চেইসিতাম্বরঃ।
ভার্যাস্য পীবরী নীলপটা পাটলবিগ্রহা।। ৩৪।।

※ স্থনন্দাপরপর্যায়ঃ সন্ধন্দ্য চ পাগুরঃ।

শ্যামচেলঃ সিতদ্বিত্রিকেশোইয়ং কেশবপ্রিয়ঃ॥ ৩৫॥
ভার্যা কুবলয়ারক্তচেলা কুবলয়চ্ছবিঃ।

নন্দনঃ শিতিকপাভশ্চগুতকুম্বমাম্বরঃ॥ ৩৬॥

০ অপৃথগ্ বস্তিঃ পিত্রা তরুণপ্রণয়ী হরৌ।

অতুল্যাস্য প্রিয়া বিত্যুৎকান্তিরভ্রনিভাম্বরা॥ ৩৭॥

দ্বিতীয় প্রাতা নন্দনের কূর্চচ শঙ্খের ন্যায় রমণীয় শোভা-শীল। বসন কুষ্ণবর্ণ। পত্নীর নাম পীবরী। ই হার বস্তা নীলবর্ণ, দেহ পার্টলবর্ণ। ৩৪।।

সন্নদরে দ্বিতীয় নাম স্থননা। ই হার বর্ণ পাগুর। শ্যাম ও ধবলবর্ণ বস্ত্র। কেশের মধ্যে তুই তিনটী কেশ শ্বেতবর্ণ। ইনি কুষ্ণের প্রিয়। (এই তুই নামের পৃথক্ বর্ণ ও ভার্য্যাদি বণিত আছে)।। ৩৫।।

ই হার ভার্যার বসন ক্বলয় অর্থাৎ নীল ও ঈষৎ রক্তবর্ণ। অঙ্গকান্তিও কুবলয়ের ন্যায়। নন্দনের বর্ণ শিতিকণ্ঠ অর্থাৎ ময়ুরের মত। বসন চণ্ডাতকুস্থমের তুল্য।। ৩৬।

ইনি হরির অত্যন্ত প্রিয় ও পিতার সহিত একত্র বাস করেন। ই হার পত্না অতুল্যা, কান্তি সৌদামিনীর ন্যায়, বসন

^{*} সন্ধনঃ কুন্পপাঞ্জরঃ। ইতি চ পাঠঃ।।

০ অদিষুবাস পিত্রা চ। ইতি পাঠান্তরং।।

সানন্দা নন্দিনী চেতি পিতৃরেতে সহোদরে।

০ কল্মাষ্বসনে রিক্কদন্তেচ ক্ষেনরোচিষী।
মহানীলঃ স্থনীলশ্চ রমণাবেতয়োঃ ক্রমাণ। ৩৮।

রুপ্তিরাদ্যপিতৃব্যস্য পুরো কগুবদগুরো।
স্থবলে মুদ্মাপ্তো যৌ যয়োশ্চারু মুখাস্কুজং।। ৩৯।।
রাজন্যো যৌতু দায়াদো নামা তোঁ চাইবাটু কা।
দ্বিসারাহবিঃসারে স্বন্মিণ্যে ক্রমান্তয়োঃ।। ৪০।।

মেষবর্ণ।। ৩৭।।

সানন্দা ও নন্দিনী নামে পিতা নন্দের তুই জন সহোদরা।
কল্মাষ অর্থাৎ বিবিধ বর্ণের বসন, দন্তপঙ্ক্তি বিরল, অঙ্গকান্তি ফেনসদৃশ শুক্র। ই হাদের তুই জনের পতির নাম যথাক্রমে মহানীল ও স্থনীল। ই হারা শ্রীকৃষ্ণের পিতৃষ্ণস্পতি
(পিসে)। ১৮।।

কৃষ্ণের প্রথম পিতৃব্য উপনন্দের কণ্ডব ও দণ্ডব নামে তুহ পুত্র, তুই জনেই স্থবলের নিকট বিশেষ হর্ষ লাভ করেন, তুই জনের মুখ পদ্মবৎ স্থন্দর। চাটু ও বাটু নামে নন্দের তুই ক্ষত্রিয় জাতা আছেন, ই হারা পিতা বস্থদেবের জ্ঞাতি। চাট,র পত্নীর নাম দধিসারা ও বাটুকের পত্নীর নাম হবিঃ-সারা।। ৩৯-৪০।।

০ ফেনয়োচিষা ইতাত্র চিক্কপরোচিষা। ইতি চ পাঠঃ।।

^{*} কণ্ডবদণ্ডবৌ ইতাত্র কন্তরদন্তরৌ। ইতি চ পাঠঃ।।

মাতামহো মহোৎসাহো স্যাদস্য সুমুখাভিধঃ।
লম্বকম্পুসমশাশ্রুঃ পরুজমুফলচ্ছবিঃ।। ৪১॥
খ্যাতা মাতামহী গোষ্ঠে পাটলা নামধেয়তঃ।
মাতামহী তু মহিষী দিধিপাগুরকুন্তলা।
পাটলা পাটলীপুপ্পপটলাভা হরিৎপটা।। ৪২।।
প্রিয়া সহচরী তদ্যা মুখরা নাম বল্লবী।
ব্রজেশ্বর্যো দদৌ স্তনাং সখীম্মেহভরেণ যা।। ৪৩।।
স্থমুখন্যানুজশ্চারুমুখোইঞ্জননিভচ্ছবিঃ।
ভার্য্যান্য কুলটীবর্ণা বলাকা নাম বল্লবী।
গোলো মাতামহীভাতা ধূমলা বসনচ্ছবিঃ।।

শ্রীকুষ্ণের মাতামহ বিশেষ উৎসাহশীল, নাম সুমুখ। দীর্ঘশস্থাবং শ্বেত শাশ্রু। সুপক জন্ম ফলের ন্যায় কান্তি, মাতামহী
গোষ্ঠমধ্যে পাটলা নামে বিখ্যাতা।। ৪১।।

এই পাটলা প্রধান রাজ্ঞী। দধিবর্ণ ও পাগুরবর্ণ কেশ। পাট পুম্পের ন্যায় পাটল কান্তি, হরিদ্বর্ণ বসন।। ৪২।।

শ্রীকৃষ্ণের মাতামহীর একজন প্রিয় সহচরী, নাম মুখরা, জাতি গোপ। ইনি সখী পাটলার স্নেহভরে ব্রজেশ্বরী যশোদাকে স্তন্যত্থ্য দান করিতেন।। ৪৩।।

সুমুখের কনিষ্ঠ ভাতা চারুমুখ। কান্তি দলিত অঞ্জনের ন্যায়। পদ্মী কুলটীবর্ণা। ইহার নাম বলাকা। মাতামহের ভাতার নাম গোল, বসন ধূ্মবর্ণ। ইহার ভগিনীপতি সুমুখ উপহাস করিলে ক্রোধে তিনি ব্যস্ত হইয়া পড়িতেন। ইনি হসিতো যা স্বস্থ র্ত্রা সুমুখেন কুধোদ্ধর ।

তুর্বাসসমুপাস্যৈর কুলং লেভে ব্রজোজ্জলং ॥ ৪৫ ॥

যস্য সা জটিলা ভার্যা ধ্বঙ্খাবর্ণা ক্ষ মহোদরী ।

যশোধর যশোদেব-স্থদেবাদ্যাস্ত মাতৃলাঃ ॥ ৪৬ ॥

অভসীপুপ্রক্রচয়ঃ পাণ্ডবাদ্বরসংরতাঃ ।

যেষাং ধূম্রপাল ভার্যা কর্ক টীকুস্থমতিষঃ ॥ ৪৭ ॥

রেমা রোমা স্থরেমাখ্যাঃ পাবনস্য পিতৃব্যজাঃ ।

মাতৃষস্থঃ পতির্মল্লঃ স্বসা মাতৃর্যশ্বিনী ।

যশোদেবীয়শস্বিন্যাবুভে মাতৃঃ সহোদরে ॥ ৪৮ ॥

পূর্বে তুর্বাসা ঋষির উপাসনা পূর্বেক ব্রজের উজ্জল বংশে জন্মলাভ করেন।। ৪৪-৪৫।।

ই হার পত্নী জটিলা কাকবর্ণা, স্থুলোদরী । যশোধর যশোদেব এবং স্থাদেব প্রভৃতি একুষ্ণের মাতৃল ।। ৪৬ ।।

ই হাদের কান্তি অতসী পূজ্পের ন্যায়। পরিধানে পাশুরবর্ণ বসন। ই হাদের ভার্য্যা ধূমপটা এবং কর্কু টী কুন্থমের ন্যায় কান্তিশীল।। ৪৭।।

রেমা রোমা ও স্থরেমা নামে তিন্টী পাবনের পিতৃব্য কন্যা। যশোদেবী ও যশস্বিনী মাতা যশোদার সহোদরা ভগিনী। কুফের যে মাসীর নাম যশস্বিনী, সেই মাসীর পতির নাম মল্ল, অর্থাৎ ইনি শ্রীকৃফের মেসো। (বিশাখার পিতার নাম পাবন)।। ৪৮।।

^{*} কাকবর্ণা। ইতি চ পাঠঃ।

দধিসারা-হবিঃসারে ইত্যন্যে নামনী তয়োঃ।
জ্যেষ্ঠা শ্যামান্তজা গৌরী হিন্দুলোপমবাসসী ।। ৪৯ ।।
চাটুবাটুকয়োভ থিছা তে রাজন্মতন্জয়োঃ।
পুত্রশ্চারুমুখস্যৈকঃ স্থচারুনামশোভনঃ ॥ ৫০ ।।
গোলপ্রাতুঃ স্থতা যস্য ভার্যা নামা তুলাবতী।
পিতামহসমাস্তপ্তু কুটেরপুরটাদয়ঃ ।। ৫১ ।।
কিলাহস্তকেল-তীলাট-কুপীট-পুরটাদয়ঃ।
গোণ্ডকল্লোটকারগু-তরীষণ-বরীষণাঃ । 0
বীরারোহ-বরারোহ-মুখ্যা মাতামহোপমাঃ ।। ৫২ ।।

এই ছই জনের অর্থাৎ জ্যেষ্ঠা যশোদেবী ও কনিষ্ঠা যশ-িষনীর দধিসারা ও হবিঃসারা এই ছইটী নামান্তর। জ্যেষ্ঠা ভগিনী শ্যামবর্ণা অর্থাৎ তপ্তকাঞ্চনের ন্যায় বর্ণশীলা। কনিষ্ঠা গৌরবর্ণা। উভয়েরই বস্ত্র হিন্দুলবর্ণ।। ৪৯।।

উক্ত ছইজন গোপী ক্ষত্রিয় তনয় পূর্বেবাক্ত চাট্র ও বাট্র-কের ভার্যা। চারুমুখের স্থচারু নামে স্থন্দর একটি পুত্র ছিল।। ৫০।।

পূর্ব্বোক্ত গোলের ভ্রাতৃকন্যা এই স্থচারুর ভার্য্যা, ই হার নাম তুলাবতী। তুণ্ডু, কুটের এবং পুরট প্রভৃতি সকলেই পিতামহের তুল্য।। ৫১।।

কিল, অন্তকেল, তীলাট, কুপীট, পুরট, গোণ্ড, কল্লোন্ট, কারণ্ড, তরীষণ, বরীষণ, বীরারোহ, বরারোহ প্রভৃতি সকলেই মাতামহতুল্য।। ৫২।।

० সतवोत्रमतानयः । ইতি চ পार्ठः।

বৃদ্ধাঃ পিতামহীতুল্যাঃ শিলাভেরী শিখাম্বরা।
ভারুণী ভঙ্গুরা ভঙ্গী ভারশাখা শিখাদ্যঃ ।। ৫০।।
ভারুণ্ডা জটিলা ভেলা করালা করবালিকা।
ঘর্ষরা মুখরা ঘোরা ঘন্টা ঘোণী সুঘন্টিকাঃ ।।
ধ্বাঙ্করুণ্টা হাণ্ডী তুণ্ডী ডিঙ্গিমা মঞ্জুবাণিকাঃ ।
চিক্রিণী চোণ্ডিকা চুণ্ডী ডিণ্ডিমা পুগুবাণিকাঃ ।

ঋ ডামণী ডামরী ডুম্বী ডঙ্কা মাতামহী-সমাঃ ।। ৫৪।।
মঙ্গলঃ পিঙ্গলঃ পিঙ্গো মাঠরঃ পীঠ-পট্টিশৌ।

0 শঙ্করঃ সঙ্গরো ভৃঙ্গো ঘৃণিঘাটিকসারঘাঃ ॥
পটীর-দণ্ডি- কেদারাঃ সৌরভেয়-কলাস্কুরাঃ ।

শিলাভেরী, শিখাম্বরা, ভারুণী, ভঙ্গুরা, ভঙ্গী, ভারশাখা শিখা, ইত্যাদি বৃদ্ধা রমণীগণ পিতামহীতুল্য ॥ ৫৩ ।।

ভারুণ্ডা, জটিলা, ভেলা, করালা, করবালিকা, ঘর্ঘরা, মুখরা, ঘোরা, ঘণ্টা, ঘোণা, সুঘন্টা, ধ্বাঙ্করুন্টা, হাণ্ডা, তুণ্ডা, ডিভিমা, মঞ্জুবাণা, চিক্কিণা, চোণ্ডিকা, চুণ্ডা, ডিভিমা, পুণ্ডবাণা, ডামণা, ডামরা, ডুম্বা, ডঙ্কা, ইঁহারা সকলেই বৃদ্ধা এবং মাতামহীতুল্যা ।। ৫৪ ॥

মঙ্গল, পিঙ্গল, পিঞ্গ, মাঠর, পীঠ, পট্টিশ, শঙ্কর, সঙ্গর, ভূঙ্গ, ঘৃণি, ঘাটিক, সারঘ, পটীর দণ্ডী, কেদার, সৌরভেয়,

^{*} তামদী তামরী তুম্বী তঙ্কা। ইতি চ পাঠঃ।

০ শক্রঃ সক্রঃ। ইতি চ পাঠঃ।

শ্বরীণ-ধূর্ব্ব-চক্রাঙ্গা মন্ধরোৎপল-কন্ধলাঃ।

স্থপক্ষ-সৌধ-হারীত-হরিকেশ হরাদয়ঃ।
উপনন্দাদয়শ্চান্যে সর্বেহ্মী জনকোপমাঃ।। ৫৫–৫৮ ।।
পজ্জনাঃ স্থমুখশ্চেমৌ মিথঃ সখ্যং পরং গতৌ।
বাগদ্ধং চক্রতুঃ প্রীত্যা কৈশোরে তৌ স্থহদররী।
তেন নন্দাদি-নামানস্থিষ্ঠস্তান্যেহপি বল্লবাঃ।। ৫৯।।
বৎসলা কৃশলা তালী মেতুরা মস্থা কুপা।
শক্ষিনী বিদ্বিনী মিত্রা স্থভ্গা ভোগিনি প্রভা।

কলাক্ষ্র, ধুরিণ, ধুর্বে, চক্রাঙ্গ, মস্কর, উৎপল, কম্বল, প্রপক্ষ, সৌধ, হারীত, হরিকেশ ও হর প্রভৃতি এবং উপনন্দাদি অন্যান্য গোপগণ, সকলেই জীকৃষ্ণের জনকোপম অর্থাৎ পিতৃ-তুল্য।। ৫৫–৫৮।।

পর্জন্য এবং স্থায় ই হারা ছইজনেই পরস্পার প্রীতি সহকারে বন্ধ্বস্ত্রে আবদ্ধ ছিলেন, উভয়েরই দেহ ছান্তপুষ্ট। অপিচ
নিজপুত্র নন্দ উপনন্দাদির নামের ন্যায় ''অপরেও আপন
আপন আপন পুত্রাদির ঐরূপ নাম রাখিতে পারিবে'' এইরূপ একটা বাগ্বন্ধ অর্থাৎ মৌখিক বাক্যনিয়ম স্থির করিয়াছিলেন।
এই কারণে জীবন্দাবনে নন্দাদি নামধারি অপরাপর গোপও
দেখিতে পাওয়া যায়।। ৫৯ ॥

বংসলা, কুশলা, তালী, মেত্রা, মস্ণা, কুপা, শঙ্কিনি, বিশ্বিনী, মিত্রা, স্থভগা, ভোগিনী, প্রভা, শারিকা, হিঙ্গুলা.

० मूलहातो रेठाळ मूलोवातो। रेठि ह लार्ठः।

শারিকা হিঙ্গুলা নীতি কপিলা ধমনীধরা।
পক্ষতিঃ পাটকা পুঞ্জী সূতৃণ্ডা তৃষ্টিরঞ্জনা ॥
তরঙ্গাক্ষি তরলিকা শুভদা মালিকাঙ্গদা ॥
বংসলা কৃশলা তালি মেতুরাপি তথৈবচ।
বিশালা শল্লকি বেণা বর্ত্তিকাতাঃ প্রস্থপমাঃ ॥ ৬০-৬২ ॥
অম্বিকাচ কিলিম্বাচ ধাতৃকে স্তত্তদায়িকে।
অম্বিকেয়ং তয়োমুখ্যা ব্রজেম্বর্যাঃ প্রিয়া সখী॥ ৬৩ ॥

অথ মহিসুরাঃ॥

মহিমুরাস্ত দিবিধা গোকুলান্তর্বসন্তি যে। কুলমাশ্রিত্য বর্তন্তে কেচিদন্যে পুরোহিতাঃ।। বেদগভো মহাযজা ভাগুর্যান্তাঃ পুরোধসঃ। ০

নীতী, কপিলা, ধমনীধরা, পক্ষতি, পার্টকা, পুণ্ডী, স্বতুণ্ডা, তুষ্টি, অঞ্জনা, বিশালা, শল্লকী, বেণা এবং বর্ত্তিকা প্রভৃতি গোপাঙ্গনাগণ শ্রীকৃষ্ণের জননি-তুল্যা।। ৬০-৬২।।

অম্বিকা এবং কিলিম্বা শ্রীকৃষ্ণের ধাত্রি ও স্তম্মায়িনি। তুই জনের মধ্যে অম্বিকা শ্রেষ্ঠা এবং ব্রজেম্বরীর প্রিয়া-স্থি॥ ৬৩।।

অর্থ মহীসুরগণ।

যাঁহারা গোকুল মধ্যে বাস করেন, এমত ব্রাহ্মণগণ ছই ভাগে বিভক্ত। কেহ কেহ প্রীকৃষ্ণের পিতৃকুলের আশ্রিত, অপর গুলি পুরোহিতশ্রেণী। বেদগর্ভ, মহাযজা ও ভাগুরি-

० वयि कात- यथाकात आमावामा भूताहिणः। रेि ह भार्यः॥

সামধেনী মহাকব্যা বেদিকাভাস্তদঙ্গনাঃ।। ৬৪।। স্থলভা গৌতমী গার্গী চণ্ডিলাছা দ্বিজম্ভিয়ঃ। গ কুজিকা বামনী স্বাহা স্থলতা শাণ্ডিলী স্বধা। ভার্গবীত্যাদয়ো বন্ধা বান্ধণ্যে। বজপ্জিতাঃ।। ৬৫-৬৬।। পোর্ণমাসী ভগবতী সর্ববিসদ্ধিবিধায়িনী। কাষায়বসনা গোরী কাশকেশী দরায়তা।। মান্তা ব্রজেশ্বাদীনাং সর্বেষাং ব্রজবাসিনাং।

প্রভৃতি পুরোহিত। সামধেনী, মহাকব্যা ও বেদিকাপ্রভৃতি ব্রাহ্মণীগণ ঐ পুরোহিতদিগের পত্নী।। ৬৪।।

স্থলভা, গোতমী, গাগী, চণ্ডিলা, কুজিকা, বামনী, স্বাহা, স্থলতা, শাণ্ডিলী, স্বধা এবং ভার্গবীপ্রভৃতি শ্রেষ্ঠ স্ত্রীগণ বজ-মণ্ডলের পৃজিতা বাহ্মণী।। ৬৫-৬৬।।

ভগবতী পৌর্ণমাসী ইনি সর্ববিদিদ্ধিবিধায়িনী, অর্থাৎ কৃষ্ণ-লালার সর্বত্র সকলবিষয়ে নির্ববাহকারিণী, কারণ ইনিই 0 যোগমায়া। ইহার বসন ক্ষায়রঞ্জিত, বর্ণ গৌর, কেশ কাশকুসুম অর্থাৎ কেশেঘানের ফুলের ন্যায় শুভ, দেহ কিঞ্ছিৎ দীর্ঘ। ব্রজেশ্বর নন্দুপ্রভৃতি সমস্তব্রজবাসিগণের মাননীয়া।

ণ দ্বিজব্রিয়ঃ। ইতাত্র স্ত্রিয়ো বরাঃ। ইতি চ পাঠঃ॥

০ মায়া ও যোগমায়ার প্রভেদ এই যে—মারা যথাবস্থিত বস্তুকে অন্য প্রকারে দেখাইয়া থাকে, যেমন নিত্যে অনিত্যবোধ, অনিতো নিত্য-বোধ। অথবা ব্রহ্মার মোহ উপস্থিতি। যোগমায়া যথাবস্থিত বস্তুর বৈচিত্রা জন্মাইয়া থাকে, যেমন মৃত্তিকাভক্ষণ কালে মুখমধ্যে ব্রহ্মাণ্ড नर्गत यर मानात यत अश्रयाक छि ७ (माय भूव वारमल छाव।।

দেবর্ষেঃ প্রিয়শিষ্যেয়মুপদেশেন তস্তা যা।। मान्नीপनिः युजः প্রেষ্ঠः হিত্বাবন্তীপুরীমপি। স্বাভীষ্টদৈবতপ্রেয়া ব্যাকুলা গোকুলং গতা।। ৬৭-৬৮ ।। व्यथं यृथः

যুথঃ পরিজনানাং স্থাৎ দ্বিবিধানাং মহোচ্চয়ঃ। বয়স্থো দাসিকা দূত্য ইত্যসোঁ ত্রিকুলো মতঃ।। ৭০॥ যুথস্যাবান্তরা ভেদাঃ কুলঃ তস্ত তু মণ্ডলং। গণস্থ সমবায়ঃ স্থাৎ সমবায়স্থ সঞ্চয়ঃ। সঞ্জ্যুস্থ সমাজঃ স্থাৎ সমাজস্থ সমন্বয়ঃ।। ইতি ভেদা নব জ্বেয়া লঘবঃ ক্রমশো বুধৈঃ ।। ৭১-৭২ ।।

रेनि प्तर्वि नात्रपत প্রिय्ञिष्णा এवः তাঁহারই উপদোশ (জীকুষ্ণের ও বলদেবের অধ্যাপক) বিখাত সান্দীপনি মুনি-নামক প্রিয়তম পুত্রকে ত্যাপ করত অবস্তীপুরী হইতে আসিয়া নিজের অভীষ্টদেব শ্রীকৃষ্ণের প্রতি প্রেমবশতঃ গোকুলে আসিয়া বাস করেন।। ৬৭-৬৯।।

ञथ यूथ

দিবিধ পরিজনের যে মহতী সমষ্টি, তাহাকে বৃথ কহে। সেই যূথ আবার ত্রিবিধ। বয়সাগণ, দাসীগণ, ও দূতীপণ।।৭০।।

যূথের অবান্তর ভেদ নয়্টী। যথা—য়ূথের ভেদ কুল, কুলের মণ্ডল, মণ্ডলের বর্গ, বর্গের গণ, গণের সমবায়, সম-বায়ের সঞ্চয়, সঞ্য়ের সমাজ, সমাজের সমন্বয়। (যুথ, কুল, মঞ্জল, বর্গ, গণ, সমবায়, সঞ্চয়, সমাজ, সমন্বয়)। বুধগণ

जथ मथीवर्गः

তারতম্যাত্তয়োঃ প্রেমাং কুলস্যাস্য ত্রিরূপতা। সমাজো মণ্ডলঞেতি গণশ্চেতি তহুচাতে।। সমাজঃ প্রমপ্রেষ্ঠস্থীনাং প্রথমো মতঃ। বরিষ্ঠ*চ বর শেচতি স সমন্বয় যুগা ভাক্।। ৭৩-৭৫।। তত্র বরিষ্ঠঃ

বরিষ্ঠঃ সর্বতঃ খাতঃ সদা সচিবতাং গতঃ। তয়োরেবাসমোর্দ্ধো বা নাসে প্রেয়ঃ সমাশ্রয়ঃ।। ৭৬।।

क्रा এই नयु छि एक लघू विल्या कानिरवन ॥ १२-१२ ॥ वर्थ मथीवर्ग

প্রথমতঃ আলী অর্থাৎ স্থীদিগের ত্রিমণ্ডলরূপ কুলের বিষয় লেখা যাইতেছে। তন্মধ্যে প্রেমের তারতম্যবশতঃ এই কুল আবার ত্রিবিধ। সমাজ, মণ্ডল এবং গণ। পরম প্রিয়তম স্থীগণের সম্প্তিকে সমাজ কহে এবং ইহাই প্রথম বলিয়া গণ্য। এই সমাজ যুগাভাক অর্থাৎ দ্বিবিধ, বরিষ্ঠ এবং वत् ॥ १७-१० ॥

তন্মধ্যে বরিষ্ঠ

বরিষ্ঠ নামক যুথ সর্ববপ্রকারে বিখ্যাত এবং সর্বদা সচি-বতা প্রাপ্ত অর্থাৎ সহায়রূপে গণ্য। এইটা প্রীরাধাকৃষ্ণের অসম এবং অনৃদ্ধি। ইহা প্রেমের সমাক্ আশ্রয় নহে।। ৭৬।।

^{*} তল্রিমণ্ডলং ইত্যত্র ভর্ত্মণ্ডলং। ইতি চ পাঠঃ।।

প্রপন্নঃ সর্ববস্থদাং প্রমাদরণীয়তাং। অপার-গুণরূপাদি-মাধুরীভিশ্চ ভূষিতঃ।। ৭৭।।

जाश मथाउ

ললিতা চ বিশাখা চ চিত্রা চম্পকমল্লিকা।
তুঙ্গবিদ্যেন্দুলেখা চ রঙ্গদেবী স্থদেবিকা।। ৭৮।।

১। তত্ৰ ললিতা

তত্রাদ্যা ললিতাদেরী স্যাদষ্টাস্থ বরীয়সী। প্রিয়সখ্যা ভবেজ্যেষ্ঠা সপ্তবিংশতিবাসরৈঃ ॥ ৭৯॥ অনুরাধাতয়া খ্যাতা বামপ্রখরতাং গতা। গোরোচনা-নিভাঙ্গী সা শিখিপিচ্ছনিভাম্বরা॥ ৮০॥

এই বরিষ্ঠ সমস্ত স্থলদের পরম আদরণীয় এবং অপার গুণরূপাদি ও মাধুরী দ্বারা ভূষিত।। ৭৭ ॥

ज्ञथ मशीशव

ললিতা, বিশাখা, চিত্রা, চম্পকলতা, তুঙ্গবিদ্যা, ইন্দুলেখা, রঙ্গদেবী ও স্থদেবী ।। ৭৮ ।।

১। निन्छ। (पर्वी

এই অষ্ট্রসখীর মধ্যে ললিতাদেবী সকলের শ্রেষ্ঠা, প্রিয়-সখী শ্রীরাধার সপ্তবিংশতি দিনের জ্যেষ্ঠা।। ৭৯।।

ইনি অনুরাধা বলিয়া গণ্য এবং বামা ও প্রথরা নামক নায়িকার গুণে ভূষিতা। ই হার অঙ্গকান্তি গোরোচনার তুল্য, ময়ূরপিচ্ছের ন্যায় বস্ত্র ॥ ৮০॥ জাতা মাতরি সারদ্যাং পিতুরেষা বিশোকতঃ। পতিতৈরিবনামাস্যাঃ স্থা গোবর্দ্দন্স্য যঃ ॥ ৮১॥

२। विभाश

বিশাখাত্র দিতীয়া স্যাদেকাচারগুণব্রতা। প্রিয়সখ্যা জনির্ঘত্র তত্তৈষাভ্যুদিতা ক্ষণে।। তারাবলিত্বকূলেয়ং বিহারিভতরুত্যতিঃ। পিতৃঃ পাবনতো জাতা মুখরায়াঃ স্বস্থঃ সূতাৎ।। জটিলায়াঃ স্বস্থঃ পুত্রাাং দক্ষিণায়ান্ত মাতরি। ভবেদ্বিবাহকর্ত্তাস্যাঃ বাহিকো নাম বল্লবঃ।। ৮২-৮৩।।

ই হার জননী সারদী, পিতা বিশোক, পতি ভৈরব নামা গোপ এবং সেই গোপ গোবর্দ্ধনের স্থা।। ৮১।।

২। বিশাখা

অষ্ট্রস্থী মধ্যে বিশাখা দিতীয়া, ললিতার সহিত ইহার এক আচার, একগুণ ও একব্রত। যে সময়ে জীরাধার জন্ম হয়, সেই সময়েই বিশাখার জন্ম হইয়াছে। বিশাখার বসন নক্ষত্রবেষ্টিত আকাশমগুলের ন্যায় অর্থাৎ সাদা বুটোদার নীলামরী। অঙ্গকান্তি সৌদামিনীর ন্যায়, পিতার নাম পাবন, এই পাবন মুখরার ভগিনীর পুত্র। জটিলার ভগিনীর কন্যা (বোন্ঝি) যে দক্ষিনা, তিনি বিশাখার জননী। বিশাখার পতি বাহিকনামা গোপ।। ৮২-৮৩।।

৩। চম্পকলত।

তৃতীয়া চম্পকলতা ফুল্লচম্পকদীধিতি:। একেনাকা কনিষ্ঠেয়ং চাষপক্ষনিভাম্বরা॥৮৪।। পিতুরারামতো জাতা বাটিকায়ান্ত মাতরি। বোঢ়া চণ্ডাক্ষনামাস্যা বিশাখা সদৃশী গুণৈ:।।৮৫।।

৪। চিত্রা (স্থচিত্রা)

চিত্রা চতুর্থী কাশ্মীরগোরী কাচনিভাম্বরা।

য়ড্বিংশত্যাি কনিষ্ঠাহনং সাধবামোদমেত্রা।। ৮৬।।

চতুরাখ্যাৎ পিতুর্জাতা সূর্যামিত্রপিতৃব্যজা।
জনস্যাং চর্চিচকাখ্যায়াং পতিরস্যাস্ত পীঠরঃ।। ৮৭।।

৩। চম্পকলতা

চম্পকলতা তৃতীয়া সখী। ইঁহার অঙ্গকান্তি বিকসিত চম্পককুস্থমের ন্যায়, শ্রীরাধার এক দিনের কনিষ্ঠা। চাষ পক্ষির বর্ণের মত বসন। ৮৪।।

পিতার নাম আরাম, মাতার নাম বাটিকা, চণ্ডাক্ষনামা গোপ ইহার পতি। ইনি গুণে প্রায় বিশাখার তুল্যা ।। ৮৫ ।।

৪। চিত্রা (স্থচিত্রা)

চতুর্থী চিত্রা নামী সখীর অঙ্গকান্তি কাশ্মীর অর্থাৎ কুঙ্কু-মের ন্যায়, কাচের বর্ণের ন্যায় বসন, শ্রীরাধার ষড়্বিংশতি অর্থাৎ ২৬ দিনের কনিষ্ঠা, ইনি শ্রীকৃষ্ণের আনন্দে আনন্দিত।। ৮৬।।

ই হার পিতার নাম চতুর, এই চতুর সূর্য্যমিত্রের পিতৃব্য, মাতার নাম চচ্চিকা, পতির নাম পীঠর ॥ ৮৭ ॥

ए। जुक्रविम्या

পঞ্মী তুল্পবিদ্যা স্যাজ্জ্যায়সী পঞ্চতিদিনৈঃ। ठल्फनन्श्रिष्ठा क्कूम्या जिमानिनी ॥ ৮৮॥ পাভুমণ্ডলবস্ত্রেয়ং দক্ষিণপ্রথরোদিতা। মেধায়াং পুষ্করাজ্জাতা পতিরস্যাস্ত বালিশঃ।।৮৯॥

ए। डेन्द्रवा (डेन्द्रला)

ইন্দুরেখা ভবেৎ ষষ্ঠী হরিতালোজ্জনত্যতিঃ। দাড়িম্বপুষ্পবসনা কনিষ্ঠা বাসরৈম্বিভিঃ।। ৯০।। বেলা-সাগরসংজ্ঞাভ্যাং পিতৃভ্যাং জনিমীয়ুষী। বামপ্রখরতাং যাতা পতিরস্যাস্ত তুর্বলঃ।। ১১।।

ए। जूक विम्रा

পঞ্মী তুল্পবিদ্যা। ইনি জীরাধার পাঁচদিনের জ্যেষ্ঠাঃ অঙ্গন্ধ চন্দ্র অর্থাৎ কর্পূর্মিশ্রিত চন্দ্রের ন্যায়; অঙ্গপ্রভা কুন্ধুমের ন্যায়; বন্ত্র পিঙ্গলবর্ণ। দক্ষিণা ও প্রেখরা নামী নায়িকার গুণযুক্তা। ই হার মাতার নাম মেধা, পিতার নাম পুকর, পতির নাম বালিশ।। ৮৮-৮৯।।

ए। इन्द्रालथा

यष्ठी देन्तूत्नशात अन्न প্रভा दति जाति नाग्र छेड्वनः पाष्टिय-পুষ্পের ন্যায় বসন; জীরাধার তিন দিনের কনিষ্ঠা। মাতার নাম বেলা, পিতার নাম সাগর। ইনি বামা ও প্রথরা নায়ী নায়িকার গুণযুক্তা, ইঁহার পতির নাম তুর্বল।। ১০-১১।।

१। तक्राप्ति

সপ্তমী রঙ্গদেবীয়ং পদ্মকিঞ্জকণান্তিভাক্। জবারাগিত্বকূলেয়ং কনিষ্ঠা সপ্তভিদিনৈ: ॥ ৯২ ॥ প্রায়েণ চম্পকলতাসদৃশী গুণতো মতা। করুণা-রঙ্গসারাভ্যাং পিতৃভ্যাং জনিমীয়ুষী॥ ৯৩ ॥

४। यूप्ति

অস্যা বক্রেক্ষণো ভর্তা কনীয়ান্ ভৈরবস্য য:।
স্থানেবী রঙ্গদেব্যাস্ত যমজা মৃত্রপ্তমী ।। ৯৪ ।।
রূপাদিভিঃ স্বস্থ: সাম্যাৎ তদ্ভান্তিভরকারিশী।
ভাত্রা বক্রেক্ষণস্যেয়ং পরিণীতা কনীয়সা।। ৯৫ ।।

१। उञ्चादनी

সপ্তমী সখী রঙ্গদেবী। তাঁহার অঙ্গকান্তি পদ্মের কিঞ্জন্ধ অর্থাৎ কেশরের ন্যায়, বসন জবাপুষ্পের ন্যায় রক্তিমযুক্ত, প্রীরাধার সাত দিনের কনিষ্ঠা এবং গুণে প্রায় চম্পকলতার সদৃশী। পিতার নাম রঙ্গসার, মাতার নাম করুণা॥ ১২-১৩।।

७। श्रुप्ति वी

অন্তম সথী স্থদেবী। তাঁহার স্বামির নাম বক্তেক্ষণ। এই বক্তে-ক্ষণের কনিষ্ঠ ভ্রাতা ভৈরব। স্থদেবী রঙ্গদেবীর যমজা ভিগিনীও মৃত্ব স্থভাবা। রূপ, গুণ, স্বভাবাদি দ্বারা ভগিনীর সহিত সাদৃশ্য থাকায় ই হাকে দেখিয়া রঙ্গদেবী বলিয়াই যেন দর্শকের বিশেষ ভ্রম উপস্থিত হয়। পুর্বেবাক্ত রঙ্গদেবীর পতি বক্তেক্ষণের কনিষ্ঠ ভ্রাতা ভৈরব স্থদেবীকে বিবাহ করেন।। ১৪-১৫।।

वार्थ वतः॥

এতদ্পুক-কল্পাভিরপ্তাভিঃ কথিতো বরঃ। এতা দাদশবর্ষীয়াশ্চলদাল্যাঃ, কলাবতা।। ৯৬।। শুভাঙ্গদা হিরণ্যাঙ্গী রত্নলেখা শিখাবতী। কন্দর্পমঞ্জরী ফুল্লকলিকানঙ্গমঞ্জরী।। ৯৭।।

(क) তত্ৰ কলাবতী।।

মাতুলো যোহকমিত্রসা গোপো নামা কলাস্কুরঃ। কলাবতী হুতা তস্তু সিন্ধুমত্যামজায়ত।। হরিচন্দ্রবণেয়ং কার্ত্যতিপটাবৃতা। কপোতঃ পতিরেতসা বাহিকস্যানুজস্ত যঃ॥ ১৮-১১॥

অথ বর

এই অষ্ট সখীর মত আরও অষ্ট জন স্ত্রীকে "বর" নামক যুথ কথিত হয়। ই হাদের সকলেরই দাদশ্বর্ষ বয়ংক্রেম এবং সকলেরই বাল্যকাল গত প্রায়। তাঁহাদের নাম কলাবতী, শুভাঙ্গদা, হিরণ্যাঙ্গী, র্তুলেখা, শিখাবতী, কন্দর্পমঞ্জরী, ফুল্লকলিকা, ও অনঙ্গমঞ্জরী।। ৯৬-৯৭।।

(ক) তন্মধ্যে কলাবতী

কলাস্কুর নামে একজন গোপ ছিলেন। ইনি সর্কমিত্রের মাতুল। কলাবতী সেই কলাস্কুরের উরসে এবং সিন্ধুমতীর গভে জন্মগ্রহণ করেন। ই হার অঙ্গবর্ণ হরিচন্দনের ন্যায়, কীর অর্থাৎ শুকপক্ষীর কান্তির ন্যায় বর্ণবিশিষ্ট বসন। বাহিকের অনুজ কপোত, ইনি কলাবতীর পতি।। ৯৮-৯৯

(খ) শুভাঙ্গদা

শুভাবদাতবর্ণেরং বিশাখারাঃ কনীয়সী। পীঠরস্যাকুজেনেরং পরিণীতা পত্তিশা।। ১০০। বি) হিরণ্যাক্ষী

হিরণ্যাকী হিরণ্যাভা হরিণীগভ সম্ভবা।
সর্বসৌন্দর্যাসন্দোহ-মন্দিরীভূতবিগ্রহা। ১০১।।
যজা যশসী ধর্মাত্মা গোপো নামা মহাবস্থঃ।
স মিত্রং রবিমিত্রস্য বিচিত্রগুণভূষিতঃ।। ১০২।।
অভিলাষান্ স্তুতং বারং কন্যাঞ্চাভিমনোরমাং।
ইষ্টং ভাগুরিণারেভে নিয়তাত্মা পুরোধসা।। ১০৩।

(খ) শুভাঙ্গদা

শুভাঙ্গদা শুভ্রবর্ণা, বিশাখার কনিষ্ঠা ভগিনী, পীঠরের কনিষ্ঠ ভ্রাতা পতজ্ঞিনামক গোপকর্তৃক বিবাহিতা ॥ ১০০॥

(গ) হিরণ্যাক্ষী

হিরণ্যাক্ষীর বর্ণ হিরণ্য অর্থাৎ স্বর্ণের মত। ইনি হরিণীর গভঁসস্তবা এবং ইহার দেহ নিখিল সৌন্দর্য্যরাশির মন্দির-স্বরূপ ।। ১০১।।

মহাবস্থনামা গোপ যজনশীল, যশস্বী, ধর্মাত্মা এবং বিবিধ গুণদারা ভূষিত ছিলেন। ইনি রবিমিত্রের (অকমিত্রের) বন্ধু।। ১০২।।

এই মহাবস্থ এক বীরপুত্র ও একটা মনোরমা কন্যা অভিলাষ করিয়া ভাগুরিনামা পুরোহিতের দারা এক পুত্রেষ্টি অর্থাৎ পুত্রলাভার্থ যজ্ঞ আরম্ভ করেন।। ১০৩।।

ততঃ সুধাময়ঃ কোইপি সুচারু চরুরু গৈতঃ। निमाण्यः यहन्तारेश मधियोगि ह मज्यान्।। ১०८॥ % ভমশ্বত্যাং চরুং তদ্যামলিনে সম্মাজ্বিতঃ। यूत्रमाथा। वकहती क्तमी त्रिमीश्रयः॥ २०६॥ আগতা তরসা তস্যালোকাৎ কিঞ্চিদভক্ষয়ে। পশুপালী-হরিণাভে ততো গভ্যবাপতঃ।। ১০৬।। यूह्या यूर्व शूकः स्थाककृषः क्वि यः। অসোষ্ট গোষ্টমধ্যে সা হিরণ্যালীং কুরঙ্গিকা।। ১০৭।

অতঃপর সেই পুত্রযক্ত হইতে অমৃত্যয় এক চরু। যক্তীয় অর) উত্থিত হয়। মহাবস্থ আনন্দিত চিত্তে সহধিমণী অর্থাৎ স্তুচন্দ্রানামী পত্নীকে সেই চরু দান করেন। স্তুচন্দ্রা যখন সেই চরু ভোজন করেন, তখন তাহার কিয়দংশ অলিন্দে অর্থাৎ বহিদ্বারে সত্রতাবশতঃ পতিত হয়। সুরঙ্গী নামে এক মৃগী ব্রজমধ্যে ভ্রমণ করিত। রঙ্গিণীর জননী সেই মৃগী অমৃত্যয় চরু দর্শনে হঠাৎ আসিয়া উহা ভক্ষণ করে। ইহাতে সেই স্বচন্দ্রা গোপী (পশুপালী) ও মৃগী উভয়েই গভ প্রাপ্ত হয়। অতঃপর যথাকালে হুচল্রা যে পুত্র প্রসব করিল সেই পুত্রের নাম বিখ্যাত 'স্তোককৃষ্ণ'। মূলী যাহাকে গোষ্ঠ মধ্যে

^{*} তমশ্বিন্যাং চরুং প্রাশ্য সন্দিমেতাস্য জাভতঃ। ইত্যপি পাঠে। দৃশ্যতে

যা সখী প্রিয়গান্ধর্বা গান্ধর্বায়াঃ প্রিয়া সদা।
ফুল্লাপরাজিতা-শ্রেণীবিরাজিপটমণ্ডিতা।। ১০৮।।
এতাং দারতয়োদারাং দদৌ বৃদ্ধায় গোহুহে।
০ জরসা রাজ্যাযোগ্যোহ্সো গিরা গৌরবতঃ পিতা।।১০৯॥

(ঘ) রত্নলেখা

স্থানাহবয়স্য প্রোনিধিঃ।
তস্য পুত্রবতঃ পত্নী মিত্রা কন্যাভিলাধিণী॥ ১১০॥
শ্বেরারাধয়াঞ্চত্রে ভাস্কর স্তবক্ষরা।
প্রসাদেন তারত্বস্য রত্বালখামস্ত সা॥ ১১১॥

প্রসব করিল, তাহার নাম হিরণ্যাঙ্গী। গান্ধর্বা শ্রীরাধা ইংহার অত্যন্ত প্রিয়তমা স্থীম্বরূপিণী। ইনি প্রফুল্লিত অপরা-জিতা পুষ্পশ্রেণীর ন্যায় শোভাযুক্ত বসনদারা স্থশোভিতা ॥ ১০৪-১০৮॥

উক্ত হিরণ্যাঙ্গীনায়ী কন্যাকে পিতা মহাবস্থ গৌরববশতঃ একজন বৃদ্ধগোপের হস্তে পত্নীরূপে বাগ্দান করেন। ইনি বাদ্ধিক্যবশতঃ রাজ্যলাভে অযোগ্য হয়েন।। ১০৯।।

(ঘ) রত্নলেখা

সূর্যাসাহবয় অর্থাৎ বৃষভানুরাজের মাতৃষসার পু তার নাম পয়োনিধি। সেই পয়োনিধির পুত্র থাকিলেও কন্যা হয় নাই। এজন্য ই হার পত্নী ভক্তিসহকারে কন্যাভিলাধিনী হইয়া সূর্য্য-

০ জরসা র জাযোগ্যাহসৌ ইত্যত্র জরদ্গবায় গর্গন্য। ইতি পাঠান্তরং।

ননঃশিলারুচিরসৌ রোলম্বরুচিরাম্বরা।
ব্যভান্মন্তাপ্রেষ্ঠা ভান্মশুশারণে রতা ॥
চচারৈকেন ভাবেন মাতা যস্যার্দ্ধচারিকা।
মূর্ণরিস্তী দৃশৌ ঘোরে মাধবং প্রেক্ষ্য তজ্জ তি 0 ।। ১১২ ।।

(ঙ) শিখাবতী

ণ ধতাধতাদভূৎ কন্যা স্থানিখারাং শিখারতী। কর্ণিকারতাতিঃ কুন্দুলতিকায়াঃ কনীয়সী।।

দেবের আরাধনা করেন। অবশেষে সূর্য্যদেবের প্রসাদে তিনি এক কন্যা প্রসব করেন। সেই কন্যার নাম রত্নলেখা।। ১১০-১১১।।

এই রক্তলেখার কান্তি মনঃশিলা অর্থাৎ মনছালের বর্ণের স্থায়; ভ্রমর-মালার স্থায় বসনকান্তি। বৃষভান্তনন্দিনী জ্রীরাধার প্রিয়তমা হইয়া ইনি সূর্য্যারাধনায় রত হইয়াছিলেন। মাতা এই রক্তলেখাকে সূর্য্য-আরাধনা-বিষয়ে জ্রীরাধার সাহায্যকারিণী করিয়া দিলে রক্তলেখা একচিত্তে সূর্য্যের আরাধনা করিতেন। ইনি জ্রীকৃষ্ণকে দর্শন করিলে নেত্রদ্বয় ঘূর্ণন করিতে করিতে ভাহাকে ভক্তন করিতেন। ১১২।।

(ঙ) শিখাবতী

শিখাবতী 'ধনাধন্য বা বিহুধন্য'' নামক পিতার ঔরসে

^{*} कूमा वार्पाकात्वप याजा यमा कूर्वातिका। हेि भार्वाखतः।

০ তর্জ্জতি স্থলে গজ্জতি পাঠান্তরং।

प धनाधना । देजां वित्रधना । देजां भि भार्यः।

জরত্তিতির কিশ্মীরপটা মূর্তেব মাধুরী। উদূঢ়া গরুড়েনেয়ং গর্জরাখ্যেন * গোড়্হা।। ১১৩-১১৪॥ (চ কন্দর্পমঞ্জরী

কন্দর্পনঞ্জরী নাম জাতা পুষ্পাকরাং পিতৃঃ। জননাং কুরুবিন্দায়াং যস্যাঃ পিত্রা হরিং বরং ॥ ১১৫॥ হৃদিকৃত্য ন কুত্রাপি বিবাহেশ্হনাত্র কার্যাতে। কিঙ্কিরাতোজ্জলরুচিবিচিত্রসিচয়াবৃতা ।। ১১৬।।

স্থিবানামা জননার গর্ভে জন্মগ্রহণ করেন। ই হার অঙ্গকান্তি কর্ণিকার পু পের ন্যায়। ইনি কুন্দলতার কনিষ্ঠা ভগিনী। বৃদ্ধ তিত্তিরপক্ষির বর্ণের ন্যায় কিম্মীর অর্থাৎ বিচিত্রবর্ণের বসন ই হার পরিধান। ইনি যেন মূর্ত্তিমতী মাধুরী। গজরনামা গোপ ই হাকে বিবাহ করেন।। ১১৩-১১৪।।

(চ) কন্দর্পমঞ্জরী

পুষ্পাকরনামক পিতার ঔরসে এবং কুরুবিন্দানায়ী মাতার গর্ভে কন্দর্পমঞ্জরী জন্মগ্রহণ করেন। ইঁহার পিতা মনে মনে জ্রীকৃষ্ণকে সংপাত্র বলিয়া স্থির করিয়াছিলেন, এজন্য অন্যত্র কুত্রাপি বিবাহ দেন নাই। স্নতরাং জ্রীকৃষ্ণের হস্তেই সমর্পণ করিয়াছিলেন। এই কন্দর্পমঞ্জরীর দেহপ্রভা কিঙ্কিরাত পক্ষির ন্যায় উজ্জল এবং বসন বিচিত্রবর্ণে রঞ্জিত 11 550-556 11

^{*} গর্জরাখ্যেন ইতাত্র গরুড়াখ্যেন। ইতি পাঠান্তরং।

(ছ) ফুল্লকলিকা

শ্রীমন্ত্রাৎ ফুল্লকলিকা কমলিন্যামভ্ৎ পিতৃঃ।
সেয়মিন্দীবরশ্যামা শত্রুচাপনিভাম্বরা।। ১:৭।।
* সহজেনাশ্বিতা পীততিলকেনালিকস্থলে।
বিহুরোহস্যাঃ পতিদূরাশ্বহিষীরাহ্বয়ত্যসোঁ।। ১১৮।।

(জ) অনঙ্গমঞ্জরী

বসন্তকেতকীকান্তির্মঞ্জুলানঙ্গমঞ্জরী।
যথার্থাক্ষনামেয়মিন্দীবরনিভাম্বরা। ১১৯ ॥
তুর্মদো মদবানস্যাঃ পতির্ধো দেবরঃ স্বস্থঃ।
প্রিয়াসৌ ললিতাদেবা৷ বিশাখায়া বিশেষতঃ।। ১২০।।

(ছ) ফুল্লকলিকা

ফুল্লকলিকা শ্রীমল্লনামক পিতার ঔরসে কমলিনী নামী
মাতার গভে জন্মগ্রহণ করেন। ই হার দেহরুচি ইন্দীবর অর্থাৎ
নীলপদ্মের ন্যায়। বসন ইন্দ্রধন্তর ন্যায়, ইহার উজ্জ্বল ললাটমণ্ডলে স্বভাবজ পীতবর্ণ তিলক শোভা পাইতেছে। ইহার পতি
বিহুর। এই বিহুর দূর হইতে মহিষীগণকে আহ্বান করিয়া
থাকেন। ১১৭–১১৮।।

(জ) অন শমগুরী

অনঙ্গমঞ্জরীর অঙ্গকান্তি অতীব মনোহারিণী ও বসন্তকালীয় কেতকীপুষ্পের ন্যায়। ইঁহার বসন নীলপদ্মের ন্যায়। ইনি রূপমাধুর্য্যে অনঙ্গ অর্থাৎ কামদেবেরও স্পৃহণীয়া, স্থতরাং

^{*} সহজেনাদ্বিতা পাততৈলকেনালিকছলে। ইতি পাঠান্তরং।

অথ বয়স্থানাং সামান্যকর্মানি লিখ্যতে—

বেশঃ প্রিয়বয়স্যায়া গুরুপত্যাদি-বঞ্চনং। হরিণা প্রেমকলহে তস্যা এবানুযায়িতা।। ১২১।। অভিসারে সহায়ত্বমরাদিপরিবেশনং। আস্বাদনং সহক্রীড়া রহস্যপরিগোপনং।। ১২২।। পবিত্রচিত্তচাতুর্য্যং * পরিচর্য্যা যথোচিতং। উৎকর্মানিকারিত্বং স্বপক্ষপ্রতিপক্ষয়োঃ ।। ১২৩ ।।

অনঙ্গমঞ্জরী নামটী তাঁহার সার্থক। ই হার ভগিনীর দেবর মদোনাত্ত তুর্মাদ এই অনঙ্গমঞ্জরীর পতি ! ইনি ললিতাদেবীর, বিশেষতঃ বিশাখাদেবীর সমধিক প্রীতি পাত্রী ।। ১১৯-১২ ।।

অনন্তর বয়স্তাদিগের সাধারণ কার্য্য-

প্রিয়ব্যুস্যাগণ জ্রীরাধার বেশভূষা রচনা করেন ও গুরু ও পতি প্রভৃতিকে বঞ্চনা করেন। তাঁহারা শ্রীকৃষ্ণের সহিত জ্রীরাধার প্রেম-কলহ উপস্থিত হইলে জ্রীরাধার পক্ষাবলম্বন করেন ও অভিসার বিষয়ে সাহায্য করেন। তাঁহারা অন্নাদি ভোজ্যদ্রব্য পরিবেশন ও আস্বাদন করেন ও একসঙ্গে খেলা করেন এবং রহস্য-বিষয় গোপন করেন। তাঁহারা পবিত্র মনের চাতুর্য্য প্রকাশ করিয়া যথোচিত পরিচর্য্যা করেন এবং স্বপক্ষ ও প্রতিপক্ষের সর্বব বিষয়ে উৎকর্ষের হ্রাস করিয়া থাকেন। নৃত্য, গীত ও বাছদারা

^{*} পরিহাসেতু চাতুর্যাঃ। ইতি পাঠান্তরং।

তৌর্যাত্রিক-কলোল্লাসে উভয়োঃ পারতোষণং। অবকাশো চিভাচার-সেবাপ্রার্থনভাষণং ।। ১২৪।। ইত্যাদি হুষ্ঠু ভূয়িষ্ঠং জ্ঞেয়মাসাং বিচক্ষণৈঃ। সর্বা এবাখিলং কর্ম জানন্তি কুর্বতেইপিচ।। ১২৫।। তত্র কাশ্চিরিযুক্তাঃ প্রারনিযুক্তাশ্চ কাশ্চন। নিযুক্তাঃ স্বষ্ঠু যা যত্ৰ লিখ্যন্তে তাঃ ক্ৰমাদিমাঃ ॥ ১২৬ ॥ তথাপি পরমপ্রেষ্ঠনখ্যঃ * শ্রেষ্ঠতয়োদিতাঃ। সর্বত্র ললিতাদেবী প্রমাধ্যক্ষতাং গতা ।। ১২৭।।

শ্রীরাধাকুষ্ণের পরিভোষ সাধন করেন। অবকাশ বুঝিয়া ব্যবহার করা ও সেবাপ্রার্থনা ও কথা বলা বিষয়ে তাঁহারা পটু। অধিক কি বলিব? তাঁহাদের মাধুর্য্যপরিপূর্ণ কার্যাগুলি বিচক্ষণ ব্যক্তিগণ স্বতই বুঝিতে পারিবেন। সমস্ত বয়স্যাগণই সমস্ত কর্মা সর্ববিপ্রকারে অবগত আছেন ও নির্ববাহও করিয়া थार्कन ॥ ३२३-३२७॥

বয়স্যামধ্যে কতিপয় নিযুক্তা, অর্থাৎ দূরস্থিতা, কতিপয় অনিষুক্তা, অর্থাৎ নিকটে সেবাকার্য্যে নিরতা। এই নিযুক্তা বয়স্যাগণের মধ্যে যিনি যে স্থানে থাকেন, ইত্যাদি বিষয়-मकल क्रमभः (लथा याहेर एह ॥ ५२७॥

সকলের মধ্যে অত্যন্ত প্রিয়তম বয়স্যাগণকেই শ্রেষ্ঠ বলিয়া উল্লেখ করা থায়। সমস্ত বয়স্যাদির মধ্যে আবার জ্রীললিতাদেবীই সকলের উপরে অধ্যক্ষপদে আরু । সমস্ত ভাব ই হার আয়ত্ত।

স্বীকৃতাখিলভাবেয়ং সিদ্ধিবিগ্রহিণী মতা।
অপরাধ্যতি রাধায়ৈ মাধ্বে কাপি দৈবতঃ ।। ১২৮ ।।
চণ্ডিমা কৃঞ্চিতমুখী সখীত্যতিভিরারতা।
বিপ্রহে প্রেটিবাদে চ প্রতিবাক্যোপপত্তিয়ু ।। ১২৯ ।।
প্রতিভামুপলকাভিধ তে বিগ্রহমাগ্রহাৎ।
আয়াতি সন্ধিসময়ে তটস্থেব স্থিতা স্বয়ং ।। ১৩০ ।।
ভগবত্যাদিভিদ্ধারৈষু ক্রা সিদ্ধিং করোত্যসোঁ।
পৌষ্পাণাং মণ্ডনং ছল্রং শ্রনোখানবেশ্যনাং ।। ১৩১ ।।

প্রেমযুদ্ধে সন্ধি (মিলন) এবং বিপ্রন্থ (যুদ্ধ) তথা অপরাপর সর্ববিষয়ে তৎপরা। দৈববশতঃ কথনও বা তিনি শ্রীরাধার নিকট অথবা শ্রীকৃষ্ণের নিকট অপরাধ করিয়া থাকেন। বিপ্রাহ, প্রোট্রাদ (সগর্ব বাক্য) এবং প্রত্যুত্তর ও যুক্তিদান বিষয়ে যিনি ক্রোধবশে নতবদনা, এবং সখীদিগের কান্তিতে যেন তিনি আবৃতা হইয়া থাকেন। বিপ্রহ সম্প্রটিত হইলে যিনি স্বয়ং স্থীদিগকে প্রতিভা বিলাভ করাইয়া আগ্রহসহকারে বিগ্রাহ সম্পাদন করিয়া থাকেন, এবং সন্ধি অর্থাৎ মিলনকালে আগমন পূর্ববিক উদাসীনের মত অবস্থান করেন। অপিচ, পূর্ণমাসী প্রভৃতি স্থীগণের সহিত মিলিত হইয়াই শ্রীকৃষ্ণের সঙ্গে সন্ধি করাইয়া থাকেন। পুপাভৃষণ, ছল্ল, শ্যা, উত্থান ও

^{† &}quot;প্ৰজ্ঞা নবনবোল্লেখশালিনী প্ৰতিভা মতা" নব নব উল্লেখ অৰ্থাৎ উদ্ভাবনশালিনী বুদ্ধিকে প্ৰতিভা কহে। ইহার নামান্তর প্ৰত্যুৎপ্রমতিত্ব ৰা উপস্থিতবুদ্ধি।

মদনোনাদিনী বাট্যাং যা কিন্নরকিশোরিকাঃ।
প্রস্ন-বল্লী-তাম্ব্ল-বল্লী-পৃগদ্ধেমেষু চ।। ১৩২।।
নিশ্মিতাবিজ্ঞজালে চ প্রহেল্যাঞ্চাতিকোবিদা।

* তাম্ব্ল্ইধিকৃতা যাঃ স্থারস্থাস্ত দাসিকাশ্চ যাঃ॥ ১৩৩॥
সথ্যশ্চ বলদেবস্থা বরা মান্যোপজীবিনাং।
যাঃ বন্থকাঃ স্থাঃ সর্ব্রাস্থ তাম্বেবাধ্যক্ষতাং গতা।। ১৩৪॥
রত্নেখাদয়োইস্থো যাঃ প্রিয়সখ্যোইস্কীতিতাঃ।
সর্ব্র ললিতাদেব্যা জ্য়োঃ প্রত্যন্তরা সদা॥ ১৩৫॥

গৃহনির্মাণ প্রভৃতি কার্যা সাধন করেন। এবং বার্টীতে যিনি
মদনোমতা হইয়া কিন্নর-কিশোরীগণকে † পুপ্পবল্পী, তামুলবল্লী ও পূগরক্ষাদিতে ক্রীড়া করাইয়া থাকেন। যিনি ইন্দ্রজালাদি রচনায় এবং প্রহেলিকা (হেঁয়ালী) নামক কাব্য
রচনায় অতি-পণ্ডিতা। তামুল-সেবাতে যাঁহারা অধিকারিণী,
যাঁহারা জীরাধার দাসী, এবং যাঁহারা কন্সকা শ্রীবলদেবের
যে সথীগণ মাননীয়গণেরও মাননীয়, ললিতাদেবী তাঁহাদের
এবং পূর্ব্বোক্ত সকলেরই অধ্যক্ষ ।। ১২৭—১৩৪।।

রত্নলেখা প্রভৃতি যে অষ্টসংখাক প্রিয় সখীদিগের বিষয় পূর্বব বলা হইয়াছে, তাঁহারা সর্ববিষয়েই শ্রীললিতাদেনীর

^{*} তাম্ লেহধিকৃতায়াং সূর্বয়স্যাঃ দাসিকাশ্চ ষাঃ। ইতি চ পাঠঃ॥

[†] কিম্নক্রীড়া কামশাস্ত্রোক্ত রতিক্রীড়াবিশেষ। মনুষ্যের ন্যায় আকার, অশ্বের ন্যায় মুথবিশিষ্ট দেবযোনিকে কিম্নর কহে। তাহাদিগের যুবতীগণকে কিম্নর কিশোরী বলা যায়।

§ রত্বপ্রভা-রতিকালে তত্রাপ্যস্থাস্থ বিশ্রুতে।
† গুণসৌন্দর্য্যবৈদ্ধী-মাধুরীভিরুপাগতে ॥ ১৩৬।।
তাথ পূজেষু মগুনং।।
কিনীটা বালপ্যায় চ কর্মিবো লক্ষ্যবিশ্

কিরীটং বালপাশ্যা চ কর্ণপূরো ললাটিকা।
বৈবেয়কাঙ্গদে কাঞ্চীকটকে মণিবন্ধনী।। ১৩৭।।
* হংসকঃ কঞ্পূলীত্যাদি বিবিধং পুষ্পমশুনং।
মণিস্বর্ণাদিকাপ্তস্ত মণ্ডনস্তাত্র যাদৃশঃ।
১
আকারশ্চ প্রকারশ্চ কোস্ত্রমস্ত চ তাদৃশঃ॥ ১৩৮।।

১। কিরীটং।। রঙ্গিন-হেমযুখীভিন বিমালী-স্থমালিভিঃ।

প্রতিকূলবর্তিনী। অষ্টজনের মধ্যে রত্নপ্রভা এবং রতিকলাই বিখ্যাত, ও গুল-সৌন্দর্য্য-বৈদগ্ধী ও মাধুরীযুক্তা।। ১৩৫-১৩৬।।

वाथ পুष्पज्यन।

করীট, বালপাশ্যা কর্ণপূর, ললাটিকা, গ্রৈবেয়ক, অঙ্গদ, কাঞ্চী, কটক, মণিবন্ধনী, হংসক, কঞ্গুলী, ইত্যাদি রূপে পুষ্পভূষণ বহুবিধ। মণি ও স্বর্ণাদি ধাতুনির্দ্মিত ভূষণের আকার প্রকার যেরূপ, পুষ্পরচিত ভূষণের আকার প্রকারও কোন অংশে তাহার হীন নহে।। ১৩৭–১৩৮।।

১। তন্মধ্যে কিরীট যথা—রঙ্গিণী, স্বর্ণযূথী, নবমালিকা, ও স্থমালিকা প্রভৃতি পুষ্পদারা বিরচিত ভূষণকে কীরিট

[§] রত্নভারভিকালে তত্রাপাষ্ঠ।সু বিস্তৃতিং গতে। ইতি পাঠান্তরং॥
† মাধুরীভিরুপাগতে ইত্যত্র মাধুরীভিঃ কলাং গতে ইতি পাঠান্তরং॥
* কঞ্চলী স্থলে কঞ্চলী চ পাঠান্তরং দৃশ্যতে॥

† ধৃতি-মাণিক্যগোমেদমুক্তেন্দুমণিকান্তিভিঃ।
বিস্তমাভির্যথাশোভমাভিঃ হুন্ধু বিনিশ্মিতং॥ ১৯৯–১৪০॥
কৃতসপ্তশিখং হেমকেতকীকোরকচ্ছদৈঃ।
চিত্রকৈর্ধাতুভিশ্চিত্রেশ্চিত্তহারি হরেরিদং॥ ১৪১॥
কিরীটং পুষ্পপারাখ্যং রত্নপারাদিপি প্রিয়ং।
গান্ধর্বাতঃ কৃতিং যস্তালিতা সমশিক্ষত॥ ১৪২॥
তত্তু পঞ্চশিখং পুষ্পোঃ পঞ্চবর্ণৈবিনিশ্মিতং।
কোরকৈরপি গান্ধর্বাভূষণং * মূকুটং ভবেং॥ ১৪৩

কহে। ইহাতে ধৃতি (যোগ বা নৈপুণ্যবিশেষ), গোমেদ, মুক্তা ও চন্দ্রকান্তমণি প্রভৃতির শোভা প্রকাশ পাইয়া থাকে। কারণ, এই সকল পুষ্পভূষণ এরূপ স্থন্দরভাবে রচিত যে, যে যে স্থানের যে যে শোভা, ঠিক সেই সেই স্থানে সেই সেই মণিকাঞ্চনাদির শোভা উজ্জ্বল ভাবে দেদীপ্যমান হইয়া থাকে।। ১৩৯।। ১৪০।।

এই কিরীট স্থবর্ণকেতকী পুষ্পের কোরক (কলী) এবং পত্র তথা বিচিত্র চিত্রক ও ধাতুদ্বারাও নিশ্মিত হয়। ইহাতে সাতটী চূড়া থাকে। এই কিরীট মস্তকের ভূষণ, তথা শ্রীকৃষ্ণের অতীব মনোহর। অধিক কি, এই ভূষণ পুষ্পভূষণের পরাৎপর বলিয়া ইহার নাম পুষ্পপার। ইহা সর্বশ্রেষ্ঠ রত্ব হইতেও প্রিয়। শ্রীললিতাদেবী শ্রীরাধার নিকট ইহা শিক্ষা

[†] धृ जि-मा विका इल धृ जमालाका दे ि ह भार्यः।

^{*} ভূষণং ইত্যত্র ভ্রমণ: চ দৃশ্যতে॥

२। वालभाभग।।

কেশবন্ধনডোরী চ বিচিত্রৈঃ কোরকাদিভিঃ। আবলি গুন্ফিতা গাঢ়ং বালপাশ্যেতি কীর্ত্তিকা।। ১৪৪।।

७। कर्णश्रुतः॥

† তাড়ঙ্কং কুণ্ডলং পুষ্পী কর্ণিকা কর্ণবেষ্টনং। ইতি পঞ্চবিধঃ প্রোক্তঃ কর্ণপূরোহত্র শিল্পিভিঃ।। ১৪৫।।

কয়িয়াছিলেন। যে কিরীটে পাঁচটী চূড়া থাকে এবং পঞ্চবর্ণের পুষ্প ও কোরক (কলী) দ্বারা নির্দ্মিত হয়। ললিতার বিরচিত সেই পঞ্চূড়কিরীট শ্রীরাধার মুকুটভূষণ ॥ ১৪১-১৪৩

२। वालभागा॥

বালপাশ অর্থাৎ কেশসমূহের শোভাজনক বলিয়া ইহার নাম বালপাশ্যা। বালপাশ্যা বিচিত্র কোরকাদিদ্বারা সম্যক্ রূপে গ্রথিত হয়, ইহাকে কেশবন্ধনের ডোরী বলা যায় এবং উদরের পার্শ্ব পর্যান্ত গাঢ়ভাবে গুফিত থাকে।। ১৪৪।।

৩। কর্ণপূর (কর্ণভূষণ)।

শিল্পিণ কর্ণপূরকে পাঁচ প্রকারে বিভক্ত করেন। যথা— তাড়ঙ্ক, কুণুল, পুস্পী, কর্ণিকা ও কর্ণবেষ্টন ।। ১৪৫॥

[†] তাড়কং ইত্যত্ৰ তাটক্ষঃ। ইতি চ পাঠঃ।

১। তত্র তাড়ক্ষং

তালপত্রাকৃতিভূষা তাড়ক্ষঃ স দিধোদিতঃ। চিত্রপুষ্পকৃতঃ স্বর্ধকেতকীদলজস্তথা।। ১৪৬।। ২। কুণ্ডলং

ময়ূরমকরান্তোজ-শশাস্কার্দ্ধাদিসন্নিভং। স্বানুরূপেঃ কৃতং পুল্পেঃ কৃগুলং বহুধোদিতং।। ১৪৭ ।। ৩। পুষ্পী

চতুর্ববর্ণিঃ ক্রমাৎ পুষ্পৈশ্চক্রবালতয়া কুতঃ। মধ্যে পর্য্যাপ্তগুঞ্জোহয়ং স্তবকৈঃ পুষ্পিকোচ্যতে।। ১৪৮।।

তন্মধ্যে ১। তাড়ক্ষ

যে ভূষণের আকার তালপত্রের মত, তাহার নাম তাড়ঙ্ক। ইহা নানাবিধ প্রণালীতে গঠিত হইতে পারে। সাধারণতঃ উহার হুই ভেদ—বিচিত্র পুষ্পদারা রচিত, এবং স্বর্ণবর্ণ কেতকী-পুষ্পের দলদারা রচিত।। ১৪৬।।

২। কুণ্ডল

ময়য়পিচ্ছ, মকরমুখ, পদ্ম, এবং অর্দ্ধচন্দ্র প্রভৃতির স্থার আকারবিশিষ্ট ভূষণকে কুণ্ডল কহে। কুণ্ডলের আকারবিশিষ্ট অর্থাৎ তদন্তরূপ পুস্পদারা কুণ্ডল প্রস্তুত হয়। ইহা বন্ধ-প্রকার।। ১৪৭।।

७। भूको

চারি প্রকার পুপদারা চক্রবাল অর্থাৎ গোলাকারে যথা-ক্রমে পুষ্পী রচিত হয়। এই কর্ণভূষণের মধ্যে পর্য্যাপ্ত পরি-মাণে গুঞ্জা থাকিবে এবং কতিপয় স্তবক অর্থাৎ পুষ্পগুড়ছ থাকিবে।। ১৪৮।। ৪। কণিকা
রাজীবকণিকায়াশ্চ পীতপুল্পৈর্বিনিশ্মিতা।
ভূঙ্গিকাদাড়িমীপুষ্পপ্রোতমধ্যাত্র কণিকা।। ১৪৯।।
৫। কর্ণবৈষ্ঠনং
যত্ত কর্ণং বেষ্টয়তি বৃত্তং তৎ কর্ণবেষ্টনং।। ১৫০।।
৬। ললাটিকা

ড। ললাটকা দ্বিবর্ণপুষ্পরচিতা দ্বিপার্শ্বা শোণমধ্যমা। অলকাবলিমূলস্থা পুষ্পপার্টী ললাটিকা।। ১৫১

৪। কণিকা

পদ্মের কর্নিকার পাঁত (গৌর) বর্ণ পুষ্পদারা কর্নিকা গঠিত হয়। ইহার মধ্যে ভূঙ্গীযুক্ত একটী দাড়িম-পুষ্প গ্রথিত থাকে। অমরকোষে লিখিত আছে 'কর্নিকা ভালপত্রং স্থাৎ' অর্থাৎ গোলাকার তালপত্রদারা কর্নিকা রচিত হয়। ১৪৯।।

ए। कर्णदाष्ट्रेन

্যে কুণ্ডল কর্ণকে বেষ্টন করিয়া থাকে অথচ গোলাকার এবং বৃহৎ, তাহাকে কর্ণবেষ্টন কহে।। ১৫০।।

७। ननां हिका

ললাটিকা হই বর্ণের পুষ্পদারা রচিত হয়। ইহার হুইটা পার্ম্ম। মধ্যভাগ রক্তবর্ণ, অলকাবলীর অর্থাৎ ললাটের উপরি-স্থিত ক্ষুদ্র ক্ষুদ্র কেশের মূলদেশে অবস্থিত, এবং পুষ্পের পরি-পাটীযুক্ত। অমরকোষে লিখিত আছে 'পত্রপাশ্যা ললাটিকা', অর্থাৎ সামান্ত বিস্তৃত বলিয়া পত্রের ন্তায় যাহাকে গ্রথিত করা যায়, তাহাকে পত্রপাশ্যা বা ললাটিকা কহে।। ১৫১

१। देशदराकः

বর্ত্ত্বাশিচ চতুর্গ্রীবা কোন্থম্যো যত্র কোষ্টিকাঃ। তদ্বর্ণপুষ্পকৈর্মধ্যং জ্ঞেয়ং ত্রৈবেয়কন্ত তৎ।। ১৫২।।

४। जनन्

কপ্তপুষ্পলতাতন্ত্ৰপ্ৰোতৈৰ্মগুলতাং গতৈঃ।

ত্রিবর্ণোপযুর্গপুতিপুষ্পাননমঙ্গদং।। ১৫০।।

त्र। काकी

ক্ষুদ্রবাল্লরিসংবীতা চিত্রগুদ্য-করন্বিতা।
পঞ্চবর্ণৈ বিরচিতা কুস্থমৈঃ কাঞ্চিরুচ্যতে।। ১৫৪।।

१। दिश्वत्यस्क

যাহাতে গোলাকার অথচ মধ্যে পুষ্পারচিত চারিকর্মরার মত কোষ্টিকা, অর্থাৎ মধ্যভাগ লতাপত্রাদিশোভিত ক্ষুদ্র গুণিপাত সকল বিরাজমান এবং কোষ্টিকার তুল্য বর্ণ বিশিষ্ট পুষ্পারার যাহার মধ্যভাগ অলঙ্কৃত, এমত ভূষণকে গ্রৈবেয়ক অর্থাৎ কণ্ঠভূষা (চলিতভাষায় চিক্) কহে। ।। ১৫২।।

४। जनम

লতার তন্তু অর্থাৎ সূত্রে গ্রথিত পুষ্পদারা যাহার মধ্যভাগ রচিত, তিনবর্ণের পুষ্প যাহার উপরি উপরি বিন্যস্ত, যাহাতে তিনটা পুষ্প মৃথযুক্ত হইয়া আছে, অথচ গোলাকার, এতাদৃশ ভূষণকে অঙ্গদ কহে।। ১৫৩।।

त्र। काकी

কুড কুড ঝল্লরী (ঝালর) দারা েপ্টিত, বিচিত্র গুম্ফন-

५०। कठेकः

কুডাবৃক্তৈল গৈতন্তে প্রোতেরেকৈকশস্ত यः। কল্লিতো বিধিধৈঃ পুলৈও কটকা বহুধোদিতাঃ।। ১৫৫।।

ऽऽ। गणिवक्रनी

চতুর্বর্ণপ্রস্নাঙ্গ গুচ্ছলম্বিতিধারিকা। কর দোরী কুসুমজা কীর্ত্তিকা মণিবন্ধনী।। ১৫৬।।

সমন্বিত, এবং পঞ্চবর্ণ পুঞ্জে বিরচিত ভূষণকে কাঞ্চী, অর্থাৎ স্ত্রীদিগের কটিভূষণ (চক্রহার বা গোট) কহে। অমরকোষের টীকায় ইহার বহুপ্রকার ভেদ আছে। যথা—কাঞ্চী ৬% প্রকার, মেখলা ৬৭ প্রকার, সপ্তকী ২০ প্রকার, কলাপ ২৫ প্রকার, ইত্যাদি ॥ ১৫৪ ॥

५०। करेक

পুঞ্পের কুঁড়ি এবং বৃস্ত (বোঁটা) গুলিকে লতার স্থাত্র একটা একটা করিয়া গাঁখিলে কটক রচিত হয়। ইহাতে নানাপ্রকার পুষ্প থাকে। ইহাকে চরণের ভূষণ বা মল কহে। ইহা অনেক প্রকারের হয় ।। ১৫৫ ।।

१५। गणिवन्ननी

মণিবন্ধনীর অবয়ব চারিবর্ণের পুষ্পদারা রচিত হয় এবং গুচ্ছে তিনটী ধার লম্বমান থাকে। ইহা হস্তের ভোরাবিশেষ। ইহাকেই পুষ্পজাত। মণিবন্ধনী কহে।। ১৫৬।।

१२। इ९ मकः

ं शृथ्ला ह हरू: मृत्री श्रूष्त्रभृत्रा हेल श्रिका।

পাখে সৌননসা গুড়াঃ ফুরন্তি হংসকো ভবেং।। ১৫৭।।

५०। ककूली

ষড়্বৰ্পুপ্ৰিক্তাস-দোষ্ঠবেনাতিচিত্ৰিতা।

কস্তুরীবাসিতা কণ্ঠলম্বিগুচ্ছাত্র কঞ্চুলী।। ১৫৮।।

১৪। ছল্রং

‡ শুক্লৈঃ সূক্ষশলাকা লিপযু ্য প্রৈঃ কুন্তুমৈঃ কুতং।

স্বর্গ্যীচিতচ্ছজনতঃ ছল্মুদীর্যাতে।। ১৫৯॥

১২। হংসক

হংসকও চরণের বাঁকমল বিশেষ। ইহার আকার বৃহৎ ও চারিটী ভাগ উচ্চ বলিয়া ইহাকে চতুঃশৃঙ্গীও কহে। ইহার অপর নাম পুষ্পশৃঙ্গাট, অর্থাৎ প্রধান প্রধান পুষ্পারারা লম্বমান। ইহার পাশ্ব দেশে পুষ্পা রচনা সকল বিরাজমান থাকে।। ১৫৭।।

५०। ककूली

ছয় বর্ণের পুষ্প-বিক্যাসে যাহার শোভা অতি চিত্রিত, কন্ত্রীগন্ধে স্থাসিত, এবং কণ্ঠদেশে যাহার গুচ্ছ লম্বমান, এমন ভূষণকে কঞ্লী (কাঁচুলী) কহে।। ১৫৮।।

১৪। ছন্

সূক্ষা স্কা শলাকা প্রস্তুত করিয়া তাহাতে পুষ্পা গাঁথিতে

[†] পৃথুরাবরবঃ শাঙ্গী। ইত্যাদি পাঠঃ।

[‡] কপ্তসৃশ্বশলাকালিপযুৰ্গপ্তৈঃ। ইতি চ পাঠঃ।

১৫। শ্রনং

চম্পকাশোকপর্যাপ্তমল্লীগুন্ফিতগেণ্ডুকা। নবমালীকৃতা তূলী বিস্তীর্ণা শয়নং ভবেৎ।। ১৬०।।

১৬। উল্লোচঃ

† সূচীবাপসদৃক্ চিত্রপুষ্পবিন্যাসনিশ্মিত:।

‡ थिएटिंडः किछकी भरेवः भर्गवान् मिलि विद्याः ১৬১॥

হয় এবং স্বর্ণময়ী পুষ্পের দারা বিচিত্র দণ্ড নির্মান করিতে হয়। এইরূপ ভাবে ছল্র নিম্মিত হইয়া থাকে।। ১৫৯।।

১৫। শ্রন (শ্যা)

চম্পক, অশোক ও প্রচুর পরিমাণে মল্লিকাপুষ্পে গেণ্ডুক অর্থাৎ গেঁড়ুয়া প্রস্তুত করিয়া এবং নবমল্লিকা পুঞ্পে তুলী অর্থাৎ ক্ষুদ্র ক্ষুদ্র অথচ দীর্ঘাকার বালিশ প্রস্তুত করিয়া শ্যা সাজাইতে হয়। শয়নের স্থবিধার জন্ম ইহা বিজ্ঞার্ করাই উচিত।। ১৬১।।

५७। উল্লোচ

খণ্ড খণ্ড কেতকীপত্রে মল্লিকাপুষ্প ঝুলাইয়া এবং আমাদি পত্রশ্রেণী চারি ধারে গাঁথিয়া বিচিত্র পুষ্পবিন্যাসে যাহা রচিত, তাহার নাম উল্লোচ। সূচীদারা ইহার অনেক কার্য্য সম্পন্ন হয়। ইহা এক প্রকারের চন্দ্রভিপ ।। ১৬১ ।।

[‡] সূচীবাপস্থলে সুচিরাপঃ। ইতি দৃশ্যতে।

[‡] পূর্ণবান্ মলিনং তথা। ইতি চ পাঠঃ।

১१। চন্দ্রাতপঃ

পার্শ্বে চ স্থফলন্ট্রানিক্রানকলাপকং।
 মধ্যলন্থিনবাস্থোজশ্চন্দ্রাতপ ইতীর্যাতে।। ১৬২।।

१८। दवना

শরকাতৈঃ কৃতস্তম্ভং চিত্রপুষ্পাদিসংবৃতৈঃ। পুষ্পৈঃ কৃতচতুঃখণ্ডি বিবিধৈর্বেশ্ম ভণ্যতে।। ১৬৩।।

जय मृज्य

বৃন্দা বৃন্দারিকা মেলা মুরল্যান্তাস্ত দূতিকাঃ। কুঞ্জাদিসংস্কৃতাভিজ্ঞা বৃক্ষায়ুর্কেবদকোবিদাঃ।।

১৭। চন্দ্রতিপ

ষাহার পার্শ্বভাগে মুক্তাত্ল্য সিন্ধুবার পুপসকল দীপ্তি পার এবং মধ্যভাগে নূতন পদ্ম লম্বমান, তাহাকে চন্দ্রাওপ (চাঁদোয়া) কহে।। ১৬২।।

१८। दिशा

শরকাণ্ড অর্থাৎ নল-খাগোড় নামক তৃণের দণ্ডদারা যাহার স্তম্ভ (থাম বা খুঁটা) রচিত এবং ঐ শরকাণ্ডের সর্বাঙ্গ বিচিত্র পুপ্পরারা আর্ত, এমন বিবিধ পুপ্রচিত চতুঃখণ্ডী বা চতুরংশবিশিষ্ট স্থানকে বেশ্ম (গৃহ) কহে।। ১৬৩।।

অথ দূতীগণ

वृन्मा, वृन्माविका, रमला এवः भूवली প্রভৃতিকে দূতী কহে।

^{*} क्यूत्रमूक्यावतो ज्वित्रात्रकला भवात्। ই वि भार्याखदः।

‡ বশীকৃতস্থানবরা দ্বয়োঃ স্নেহেন নির্ভরাঃ। গোরাঙ্গ্য শ্চিত্রবসনা বৃন্দা তাস্থ বরীয়সী।। ১৬৪॥

विभाशा

বিশাখা নবতো ভদ্রা প্রেম-নর্মস্থী মতা। व्यथ्छारुक्षीनमाखुशः त्रापितन्त नर्मकर्मका ॥ পরিজ্ঞাতার্থহাদয়া বুদ্ধিদূত্যৈককোবিদা। সায়ি কান্দপিকোপায়ে দানে ভেদে চ পেশলা। §

ইহাঁরা কুঞ্জাভিসারের জন্ম কুঞ্জাদির সংস্কার বিষয়ে অভিজ্ঞা এবং বৃক্ষলতাদির চিকিৎসা-শাস্ত্রেও বিশেষ পারদর্শিনী।

দূতীগণ শ্রেষ্ঠ স্থান সকলকে নিজের আয়ত্তে রাখেন এবং সকলেই জ্রীরাধা-গোবিন্দের স্নেহে পরিপূণা। তাঁহারা গৌরবর্ণ-বিশিষ্টা ও বিচিত্র বসনপরিধানা। ইহার মধ্যে বৃন্দাই সর্বশ্রেষ্ঠা (ইহাঁর নামান্তর বনদেবী)।। ১৬৪।।

বিশাখা

विभाश नवीना, मक्रलमशी, त्थ्रमिविष्य नर्यमशी, श्रिश्व-স্বভাবা। ইহার মন্ত্রণা পরিপূর্ণ। এীকুষ্ণের নিকট পরিহাস-বাকা বলিতে ইহার শক্তি অধিক। হৃদয়ের ভাব বুঝিতে সমর্থা। বিশেষ বুদ্ধিসহকারে দূত্য কার্য্য করিতে একমাত্র পণ্ডিতা। কন্দর্প সম্পুক্ত উপায় যে সাম (সান্তনা), দান এবং टिन, **ए हिस्**रत् निश्र्ना।

[‡] वশীকৃতস্থাপুচরাঃ। ইতি পাঠান্তরং।

[া] সামি কান্দিপিকে কোপে দণ্ডে দানেচ পেশলা। ইতি পাঠান্তরং।

পত্রভঙ্গাদিরচনে মাল্যপীড়াদিগুক্ষনে ।
বিচিত্রদর্বতোভদ্রমণ্ডলাদি বিনিশ্মিতো ॥
নানাবিচিত্রস্ত্রেণ স্থাচিরপ্রক্রিয়াস্থ চ ।
স্থ্যারাধনসামগ্রীসাধনে চ বিচক্ষণাঃ ॥
বিচিত্রদেশীয়গীতে স্থদকা গ্রুপদাদিষু ।
রঙ্গাবলিপ্রভূতয়ো যাঃ স্থ্যশিচত্রকোবিদাঃ ॥ ১৬৫–১৬৬ ॥
বস্তুদ্রে স্যুগ্ন ৪—

মাধবী-মালতী-চক্ররেখাতা আলয়স্তথা *। যাশ্চ বস্ত্রাধিকারিণ্যঃ সখ্যো দাস্যশ্চ সম্মতাঃ।। ১৬৭।।

পত্রভঙ্গ অর্থাৎ বিশেষ বিশেষ তিলক রচনা এবং মাল্য ও আপীড় অর্থাৎ নিরন্থিত মাল্য নির্মাণ, কাব্যশান্তের মধ্যে চিত্রকাব্য প্রকরণের "দর্ববিতোভদ্রমণ্ডল" নামে এক প্রকার বিচিত্র রচনা আছে, তাহার নির্মাণ, নানাবিধ বিচিত্র স্থানারা স্চিরাভান্ত প্রক্রিয়া অর্থাৎ ক্ষণে ক্ষণে অভূত কৌশল প্রদর্শন, ইল্রন্ডাল, ছায়াবাজী, পুত্তলিকান্ত্য, ইত্যাদি কার্য্য, এবং স্থ্যপূজার বিবিধ সামগ্রী প্রস্তুতিকরণ, ইত্যাদি কার্য্যে দূতীগণ বিচক্ষণ। ভিন্ন ভিন্ন দেশের ভিন্ন ভিন্ন ভাষার সঙ্গীত এবং প্রপদ (ধুর্পদ) প্রভৃতি গান করিতে ও চিত্রবিচিত্র কার্য কথনে রঙ্গাবলী প্রভৃতি সথীগণকে বিশেষ ভৎপর জানিতে হুইবে॥ ১৬৫–১৬৬।।

বস্ত্রসেবার দাসাগণ

মাধবী মালতী ও গন্ধরেখা প্রভৃতি স্থীগণ বস্ত্র সেবায়

^{*} গন্ধরেখাদ্যাঃ। ইতি পাঠান্তরং॥

या वर्णापवाधिकृषाः मर्वानन्त्रप्रकृत्वी। যাশ্চ প্রস্থার্কেষু সংখ্যহধিকৃতিমাঞ্জিতাঃ।। ১৬৮।। ‡ মালিকাভাশ্চ যাস্তাস্থ সর্বাম্বধাক্ষতাং গতাঃ। তৃতীয়া চম্পকলতা দূত্যতন্ত্রপ্রঘট্টকে।। ১৬৯।। নিগৃঢ়ারন্তসন্তারা বাচোযুক্তিবিশারদা া * উপায়েন পটিমাচ প্রতিপক্ষাপকর্যকুং II ১৭ · II

নিযুক্তা স্থা ও সম্মত দাসী। তথা, স্ব্প্রাণীর আনন্দ ও আশ্চর্যা জন্মাইতে ঘাঁহারা বনদেবীর মধ্যে অধিকৃতা হইয়া পুষ্পা ও বৃক্ষাদিতে অদ্ভুত কৌশল প্রদর্শন করাইয়া খ্যাতি লাভ করিয়াছেন, সেই সকল স্থীর মধ্যে আবার মালিকা প্রভৃতি কোন কোন স্থী অধ্যক্ষপদ প্রাপ্ত হইয়াছেন। ইহার মধ্যে আবার পূর্বোক্ত চম্পকলতা ভূতীয়া। ইনি দূতীদিগের কার্য্যকলাপ এবং তাহাতে যে কিছু বাক্যরচনা, তদ্বিষয়ে বিশেষ পটু।। ১৬৭-১৬৯।।

উক্ত চম্পকলতার স্বভাব এই যে –ইনি কোন কার্য্য করিতে হইলে সেই কার্য্যের উদ্দেশ্যকে গোপন করেন, এবং তিনি বাক্যযুক্তিতে বিশেষ দক্ষা। কাৰ্য্যসাধনে এবং পটুত বিষয়ে

^{‡ &#}x27;'মালিকাল্যাশ্চ'' ইত্যত্র ''ক্যাশ্চন্ত, সখ্যঃ'' ইতি পাঠান্তরং॥ † वाहा युक्तिः ইতাসা অর্থঃ বাগ্যুক্তিঃ। অলুক্ সমাসঃ। ''বাগ্ দিক্ পশাতো যুক্তিদণ্ডহরে। ইতি সূত্রাৎ। বাচো যুক্তিঃ। দিশো দণ্ডঃ। পশাতো হয়ঃ (স্বর্ণকারঃ, পশাত্তং জনং অনাদৃত্য হরতি যঃ সঃ)॥

^{*} উপায়েন পটুঃ সাচ। ইতি পাঠান্তরং।

জলপ্রস্নকন্দানাং সন্ধানপ্রক্রিয়াবিধা।

হস্তচাতুর্য্যমাত্রেদ নানাস্থ্যমিশ্রিতো।। ১৭১।।

যদ্রসানাং পরীক্ষায়াং শুদ্ধশাস্ত্রেচ কোবিদা।

সিতোৎপলাকৃতিপটুর্মিষ্টহস্তেতি বিশ্রুতা।। ১৭২॥

া পৌরগব্যান্চ পচনে যাং সখ্যো দাসিকান্চ যাং।

কুরঙ্গাক্ষীপ্রভূতয়ঃ সখ্যো যা অষ্টসংখ্যকাঃ * ।। ১৭০॥

जष्टेमशी हिं जिंदि है -

সকলেষু দ্রুনলতাগুলোমধিকুতাশ্চ যাঃ। সখীপ্রভূতয়ঃ সর্বাঃ সংপ্রাপ্তাধ্যক্ষতামসোঁ॥ ১৭৪॥

প্রতিপক্ষগণের অপকর্ষ করিয়। স্বপক্ষের উৎকর্ষসাধিকা।
কল, পুস্ম ও কন্দ (মূল) সমূহের সন্ধান এবং প্রক্রিয়া ব্যাপারে
পাই, হস্তের চতুরতায় নানাপ্রকার মৃত্তিকার দ্রব্য নির্মাণ
করিতে সিদ্ধ-হস্তা। কটু, তিক্ত, কষায়, অয়, মধুর ও লবণ
—এই ছয় প্রকার ইসের পরীক্ষা বিষয়ে, এবং হিশুদ্ধ শাস্তে তিনি
স্থদক্ষা এবং মিছরীলারা বিচিত্র আকারের উৎপল প্রস্তুতে
পাটু, এজন্য মিষ্টহস্তা বলিয়া তিনি বিখ্যাতা॥ ১৭০–১৭২ ॥

কুরঙ্গাক্ষী প্রভৃতি যে আটজন সখীর বিষয় পূর্বের উক্ত হুইয়াছে এবং পৌরগবীনামক সখীগণ তথা তাহাদের দাসীগণ পাককার্য্যে স্থদক্ষা ।। ১৭৩।

[🗓] পৌরগবাক্ষ ইতাত্র পুয়ো গবাসা ইতি চ পাঠঃ॥

^{*} সংপ্রাপ্তাধ্যক্ষতামসৌ। ইতি চ পাঠঃ॥

প্রবেশনীয়া সর্বত্র চিক্রাদিপূর্বকর্মস্থ ।

চিত্রা বিচিত্রচাতৃর্য্যা সর্বত্রাসো প্রবেশিনী ।

যানেহতিসরণাতিখ্যে ষড় গুণস্ত তৃতীয়কে ।। ১৭৫ ॥

লেখেহপীন্দিতবিজ্ঞানে নান'দেশীয়ভাষিতে ।

দৃষ্টিমাক্রাং পরিচয়ে মধুক্ষীরাদিবস্তনঃ ।। ১৭৬ ॥

কাচভাজনির্ম্মাণে তন্মধ্যোশ্মিবিনির্ম্মিতৌ ।

জ্যোতিংশাস্ত্রে পশুব্রাত-বিজ্ঞায়াং কার্ম্মণেহপি চ ।। ১৭৭ ॥

অষ্ট্রস্থীর চরিত্র বর্ণন।

যাহারা সকল বৃক্ষ, লতা ও গুলোর কার্য্যে নিযুক্ত সেই স্থীপ্রভৃতিই তাঁহাদের অধ্যক্ষ ।। ১৭৪।।

চিত্ৰা

পূর্বে যে সকল চিত্রবিদ্যাদির উল্লেখ করা হইয়াছে, সেই সকল গুণেও উক্ত কুরঙ্গাক্ষী বিশেষ দক্ষা, ইহা বুঝিতে হইবে। চিত্রাসখীর চতুরতা বিচিত্র। ইনি সকল দলেই প্রবেশ করিতে পারেন। অভিসরণ অর্থাৎ মিলিত যুদ্ধযাত্রা, সকলের নামজ্ঞান, যুদ্ধশাস্থীয় ষড় গুণের তৃতীয় গুণে, অর্থাৎ যুদ্ধ যাত্রায় ইনি বিশেষ অভিজ্ঞা। ১৭৫।

লেখনকার্য্যা, ভিন্ন ভিন্ন দেশের ভাষার ইঙ্গিতবিজ্ঞান,
মধু ও ক্রীরাদি বস্তুর নানাবিধ পাকের দৃষ্টিমাত্রে পরিচয়,
কাচের পাত্র পঠন, ভাহার মধ্যে আবার উন্মিনির্মান অর্থাৎ
কাচপাত্রে জলতরঙ্গ বা ঢেউখেলান ভাব প্রকাশ, জ্যোতিষশাস্ত্রের কার্য্যা, পশুগণের পরিচয়বিত্যা, বৃক্ষাদির রোপণ ও
পালনাদি কার্য্যা, বাণনির্মাণ ও পানক অর্থাৎ পানা বা সরবৎ

বৃক্ষোপচার-শাস্ত্রে চ বিশেষাৎ পার্টবং গতা।
রসানাং পানকাদীনাং সুষ্ঠ নির্মাণকর্মনি ।। ১৭৮ ।।
অষ্টো রসালিকাতাঃ স্থাঃ যাঃ সখ্যঃ পরিকীর্তিতাঃ।
যাশ্চ পেয়াধিকারিণ্যঃ সখ্যো দাস্তশ্চ সম্মতাঃ ।। ১৭৯ ।।
দিব্যোষধীনাং প্রায়েণ হীনানাং কুম্মাদিভিঃ।
তথা বনস্থলীনাঞ্চ বিরুধাঞ্চাধিকারিতাং ।। ১৮০ ।।
লব্ধাঃ সখ্যাদয়ো যাশ্চ তব্রৈষাধ্যক্ষতাং গতা।
তৃঙ্গবিতা তু বিত্যানামস্টাদশতয়াংশিতা ।। ১৮১ ।।

প্রভৃতি রসপদার্থের প্রস্তুত কার্য্যে তিনি বিশেষ পটুতা লাভ করিয়াছেন।। ১৭৬-১৭৮।।

যে আটজন রসালিকা প্রভৃতি সখী এবং দাসী পেয়সেবায় নিযুক্ত বলিয়া কথিত হইয়াছেন, ইহারা সেই সেই সেবা কার্য্যের জন্মই সম্মতা।। ১৭৯।।

আরও কতিপয় সখী আছেন, তাঁহারা প্রায়শঃ পুষ্পাদিহীন দিব্য-ঔষধির, বনস্থলীর ও লতাসকলের অধিকার বিষয়ে স্বপটু।। ১৮০।।
তুক্সবিক্যা

এই সকল সখীর মধ্যে তুঙ্গবিছা শ্রেষ্ঠা, কারণ ইনি অষ্টাদশ । বিদ্যার পারগামিনী ।। ১৮১ ।।

* অষ্টাদশ বিদ্যা যথা—
সমভ্দা চতুর্বেদী মীমাংসা ন্যায়বিস্তরঃ।
পুরাণং ধর্মশাস্ত্রঞ্চ বিদ্যা অষ্টাদশ স্মৃতাঃ॥

১ ঝার্মেদ, ২ সামবেদ, ৩ যজুর্ব্বেদ; ৪ অথর্ববেদ, ৫ শিক্ষা, ৬ কম্প,
৭ ব্যাকরণ, ৮ নিরুক্ত, ১ জ্যোতিষ, ১০ ধাতুগণ, ১১ বেদান্তদর্শন,

সন্ধাবতীব কুশলা কৃষ্ণবিশ্রস্তশালিনী।
রসশাস্ত্রে নয়ে নাট্যে নাটকাখ্যায়িকাদিষু ॥ ১৮২ ॥
সর্ববিদ্যায়ামাচার্য্যকমুপাগতা।
বিশেষান্মার্গগীতাদো † বীণাযন্ত্রাদিপভিতা ॥ ১৮৩ ॥

সন্ধিকার্য্যে বিশেষ কুশলা, এবং জ্রীকৃষ্ণের বিশ্বাস-ভাজন। ইনি রসশান্তে, নীতিশান্তে, নাটক ও আখ্যায়িকাদি শান্তে, অর্থাৎ কবিবংশবর্ণাদিরূপ চরিত্র্কীর্তনে, সমূহ গান্ধর্ববিদ্যায় শিক্ষয়িত্রীপদে আরুঢ়া। বিশেষতঃ, সঙ্গীতের মার্গ এবং গানে ও বীণাযন্ত্রাদি বিষয়ে তুঙ্গবিদ্যা পণ্ডিতা।। ১৮২–১৮৩।।

মঞ্মেধা প্রভৃতি যে আটজন সখীব বিষয় পূর্কেব বলা হইয়াছে, যে সকল দূতীগণ * ষড়্গুণের প্রথম গুণে (সন্ধিতে) স্বপটু, সঙ্গীত এবং রঙ্গশালায় যাঁহারা অধিকারপ্রাপ্ত,

১২ মীমাংসাদর্শন, ১৩ ন্যায়দর্শন, ১৪ বৈশেষিক দর্শন, ১৫ সাঙ্খ্যদর্শন, ১৬ পাতঞ্জলদর্শন (যোগদর্শন), ১৭ পুরাণ, ১৮ ধর্মশাস্ত্র।

† वोवायाकाতিপণ্ডিতা। ইতি চ পাঠঃ।

* সন্ধিন'। বিগ্রহো যানমাসনং দ্বৈধন্বাশ্রয়ঃ॥

১ সিদ্ধি (মিলর)। ২ বিগ্রহ (য়ৄদ্ধ) ৩ যাব (য়ুদ্ধযাত্রা)। ৪ আসন (উভয়পক্ষের সময় অপেক্ষা করিয়া অবস্থান)। ৫ দ্বৈধ (প্রবলের নিকট দুর্বালের আত্মসমর্পণ)। ৬ আশ্রয় (শত্রুকর্তৃক উৎপীড়িত হইয়া বলবৎ পক্ষের আশ্রয় গ্রহণ। মঞ্মেধাদয়ঃ সখ্যো যা অষ্ঠো পরিকীর্তিতাঃ।
যা দূত্যঃ কুশলাঃ সন্ধো ষড়্গুণস্থাদিমে গুণে।। ১৮৪।।
সঙ্গীতরঙ্গশালায়াং যাঃ সখ্যোহধিকৃতিং গতাঃ।
মার্দিপিকাঃ কলাবত্যো নর্ত্তনী-প্রমুখাশ্চ যাঃ।। ১৮৫।।
বন্দাবনান্তরস্থেষু জলেমধিকৃতাশ্চ যাঃ।
সখ্যশ্চ জলদেব্যশ্চ তব্রৈষাধ্যক্ষতাং গতা॥ ১৮৬।।

যাঁহারা মৃদঙ্গবাদ্য, * চতুঃষষ্টিকলা প্রদর্শন ও নৃত্যকার্য্যে দক্ষা, বৃন্দাবনের সমূহলোকের মধ্যে যাঁহারা কার্য্যনিযুক্তা সথী এবং যে সমস্ত জলদেবতা, এই স্থীসকলের মধ্যে তুঙ্গবিদ্যাই অধ্যক্ষতা প্রাপ্ত হইয়াছেন।। ১৮৪–১৮৬।।

^{*} ভগবান্ শ্রীকৃষ্ণ অগ্রজ বলদেবের সহিত সাবিত্রীদীক্ষার পর মথুরা হইতে অবন্তীনগরে গুরু সান্দীপনির ভবনে যথন বিদ্যা শিক্ষা করিতে গমন করেন, ভথন ৬৪ দিনে ৬৪ বিদ্যা শিক্ষা করিলে পর এক দিন কাষ্টাহরণে বনগমন করত তথায় প্রবল ঝড়বৃষ্টিতে রাত্রি যাপন করেন। শেষে গুরুদেব তাঁহাদিগকে গৃহে আনয়ন করেন। কৃষ্ণের শাক্ত তিনি পূর্ব্বেই অবগত হইয়া ভিক্ষাবৃত্তিতে জীবন যাপন করিতে আজ্ঞা দেন। তৎকালে রামকৃষ্ণ অবন্তীনগরে এক রাজার গৃহে অতিথি হইতেন। তিনি কৃষ্ণের আত্মীয়। শেষে গুরু-দক্ষিণার্থে গুরুদেবের মৃতপুত্র যমালয় হইতে আনয়ন করেন। তৎকালে শঙ্খাসুর দমনপূর্ব্বক পাঞ্চজন্য শঙ্খ লাভ কৃরিয়াছিলেন। এ সকল কথা ভাগবতে বিস্তৃতভাবে লিখিত আছে। চতুঃষষ্টি বিদ্যা অনেকের জানা নাই। এজন্য বৈষ্ণবতোষণী হইতে তাহা উদ্ধৃত করিয়া প্রকাশ কবা হইল।

৫৬] জ্রীরাধাকৃষ্ণগণেদেশদীপিকা

- ১। গীত অর্থাৎ গানশিক্ষা (গীতনির্মাণ, স্বরজাতি রাগভেদ, তাল মাত্রাদির রচনাপ্রকার, সাধক বাধক স্বরাদি মেল ও মানসকলের পরিজ্ঞান)।
 - २। वामा वर्थार वामा जाति अकात ठारात भिक्षामि भूर्विवर।
 - ७। तृठा। (तर्डत)
 - 8। ताটা (রূপক্ষয়)।
 - ে। আলেখা (চিত্রকর্ম)।
 - ৬। বিশেষকচ্ছেদা (অর্থাৎ তিলক করিবার সময়ে নানা বিচ্ছেদ রচনা)।
- ৭। ততুলকুসুমবলিবিকার (ততুল এবং কুসুমাদি পুজোপহারে বিবিধ প্রকার রচনা)।
 - ৮। পूष्भाष्ठत् (भूष्भानि हाता भया तिर्साप)।
 - ১। দশন-ৰসনাঙ্গরাগ (অর্থাৎ দন্ত ও বসনের নানাপ্রকার রঞ্জন)
 - ১০। মণিভূমিকা-কর্মা, অর্থাৎ ময়দানবনিষ্মিত পাণ্ডবসভার মত মণিবদ্ধ ভূমিকিয়া।
 - ১১। শयुत्तवहत (अर्घाक्वानि तिस्नाप)।
 - ১২। উদকবাদা, অর্থাৎ সরোবরাদিতে স্থাপিত ভাণ্ডে অথবা জলপূর্ব পাত্রে মধুর নানা তাল সমুখান।
 - ১७। উদক্ষাত, वर्षा**९** जलस्रविদ্যा।
 - ১৪। চিত্রযোগ (নানা প্রকার অভূত বস্তুর দর্শনের সমাক্ উপায়)
 - ১৫। माला গ্রহণবিকলপ (माला तहताय श्रकात (७५)।
 - ১৬। কেশশেখরাপীড় ষোজন (কেশে চূড়াদি বঁংধা)
 - ১৭। (तপ্র্যাষার্গ (অলঙ্কার কর্ণ)।
 - ১৮। কর্ণপত্রভঙ্গ (অর্থাৎ কর্ণাদিতে তিল্করচনা)।
 - ১৯। शक्षयूङि (कष्ट्रितिकापि शक्ष तूर्णभन)।

- २०। ভূষণযোজন (অলঙ্কার পরিধাপন)।
- २ । रेखनाल (उक्कीवाको।
- ২২। কৌচুমার যোগ, অর্থাৎ কুচুমার নামক ব্যক্তি কর্তৃক প্রকাশিত আপরাতে নানা রূপ প্রকটন।
- ২০। হস্তলাঘৰ, অর্থাৎ চমৎকার দর্শনার্থ অলক্ষিত হস্তাদি সঞ্চালন দারা তত্তৎ বস্তুর প্রবর্তন।
- ২৪। চিত্রশাকাপুপ ভক্ষাবিকার-ক্রিয়া, অর্থাৎ পিষ্টক প্রভৃতি ভক্ষবস্তুর নানা প্রকার নির্মাণ।
- ২৫। পানক রস রাগআসবযোজন, অর্থাৎ সরবৎ প্রভৃতি পেয় রসের নানাবিধ বর্ণ এবং মধুরত্ব যোজন।
- ২৬। সূচীবাপ, কর্মসূত্রক্রীড়া অর্থাৎ সূত্র সঞ্চালনে পুত্তলিকাদির চালন।
- २१। वीवा-एमक-वामा।
- २৮। প্রহেলিকা (গোপন বাকোর অর্থ পরিজ্ঞান)।
- ২৯। প্রতিমালা, অর্থাৎ সকল বস্তুর প্রতিকৃতি নির্মাণ।
- ৩০। দুর্বাচ-যোগ, অর্থাৎ যাহা যাহা বলিবার সামর্থ্য হয় না, তত্তৎ কথনের উপায়।
- ৩১। পুস্তকবাচন, অর্থাৎ পুস্তকে কোন কোন বর্ণ বিদ্যমান না থাকিলেও সেই সেই বর্ণ সংযোজন পূর্ব্বক অতি ক্রত পাঠকরণ।
- ৩২। নাটিকাখ্যায়িকাদর্শন, অর্থাৎ নাটকাদি শাস্ত্রের পরিজ্ঞান এবং তাহার রচনা।
- ৩০। কাব্যসমাস পূরণ, অর্থাৎ কাব্যে সমাসের সজ্জেপোপ্ত গুপ্ত পদের সহসা পূরণ করিতে অসমর্থ হইলে শ্লোকাংশের অংশান্তর দ্বারা পূরণ।

৫৮] জীরাধাকৃষ্ণগণেদেশদীপিকা

- ৩৪। পট্টিকাস্ত্রে বালবিকল্প, অর্থাৎ সূত্রেপ্ত চিপিটাকার বন্ধনাদি দারা কষা (অশ্বতাড়না চাবুক) এবং বাবের কল্পনা।
- ৩৫। তকু-কির্মানসাধন-লৌহশলাকা, অর্থাৎ টেকো ছারা সাধ্য বিবিধ সূত্র কম্পনা।
- ৩৬। তক্ষণ (সূত্রধরের কর্মা)।
- ৩৭। বাস্তুবিদ্যা, গৃহোচিত ভূম্যাদি এবং তরিষ্মাণাদিব নানাবিধ অবস্থা জ্ঞান।
- ৩৮। রূপরত্ন পরীক্ষা অর্থাৎ রূপ্যাদি রত্নের সৎ অসৎ জ্ঞাत।
- ৩৯। ধাতুবাদ (ম্বানাদি কম্পনা)।
- ৪০। মণিরাষ, অর্থাৎ মণিসকলে নানা প্রকার বর্ণনির্মাণ জ্ঞান।
- ৪১। আকরজ্ঞান (দর্শনমাত্রে মনি প্রভৃতির উদ্ভবভূমির জ্ঞান)।
- ৪২। বৃক্ষায়ুর্বেদযোগ অর্থাৎ বৃক্ষাদি উদ্ভিদ পদার্থের চিকিৎসা জ্ঞান।
- ৪৩। মেষ-শাবক ও কুকুট-শাবকাদির যুদ্ধবিধি।
- 88 । खक-भातिका-श्रलाभत।
- ৪৫। উৎসাদন (মন্ত্রনা দারা পরস্পর আসজিত্যজন)।
- ৪৬। কেশমার্জন কৌশল।
- ৪৭। অক্ষরমৃষ্টিকা কথন। অর্থাৎ অদৃষ্ঠ অক্ষর এরং মুষ্টিকান্থিত বস্তুর স্বরূপ এবং সন্ধ্যার কথন।
- ৪৮। ম্লেচ্ছিত বিকল্প (বিবিধ ম্লেচ্ছভাষা তথা ভরতশাস্ত্রের জ্ঞান)।
- ৪৯। বিভিন্ন দেশভাষা-জ্ঞান।
- ৫০। পুষ্পসক্টিকা-নিমিভজ্ঞান: অর্থাৎ পুষ্পসকটোপাধিক বিদ্যা নিমিভ জ্ঞান।
- ৫১। মন্ত্রমাতৃকা (পূজানিমিত্ত মাতৃকাবর্ণে যন্ত্রনির্মাণ)।

- एर। धात्रपमा एका।
- ৫०। সংপাটা (অভেদা होतका मित दिधोकत्व)।
- ৫৪। মানসী কাব্যক্রিয়া, অর্থাৎ প্রমনঃস্থিত অর্থের অনুগামী
- ००। कियाविकल्य, जवन् अकव किया वर अकात विल्यानत ।
- ৫৬। ছলিতক যোগ (পরস্পর বঞ্চনাব উপায়)।
- ৫৭। অভিধান, কোষ ও ছন্দোজ্ঞান।
- ৫৮। বস্ত্রগোপন, অর্থণিৎ তূলসূত্রাদিময় বস্ত্রের পট্টবস্ত্রাদি রূপে দশন প্রক্রিয়া (সূতী কাপড়কে রেশমী আদি রূপে দেখান)।
- ৫৯। দূতবিশেষ (বিশিষ্ট দূত-বিদ্যা)।
- ৬০। আকর্ষণাক্রয়া (দূরস্থিত ক্রিয়াদ্রব্যের আকর্ষণ)।
- ७७। वालको इतक भिखन (थल्ता श्रम् कि।
- ७२। देवतायको (विविध श्रकारतत लिभि तस्ता)।
- ७०। देजिं विकासिको (শक्जि (विकासिका विविद्याना विकासिका विविद्याना विकासिका विविद्याना विविद्याना
- ७८। देवणालिको (स्वन्भार्थ-त्रम्ता)।

ইন্দুলেখা ভবেদ্বল্লা নাগতন্ত্রোক্তমন্ত্রকে। *
বিজ্ঞানস্ত চ মন্ত্রেইপি সামুদ্রক-বিশেষবিৎ।। ১৮৭ ।।
হারাদিগুন্ফনে চিত্রে দন্তরঞ্জনকর্ম্মণি।
সর্বরত্বপরীক্ষায়াং পটুডোরাদিগুন্ফনে।। ১৮৮ ।।
লেখে সৌভাগ্যমন্ত্রস্তা কৌশলং ‡ যন্তুজে মৃতং।
অন্ত্যোত্তরাগমুৎপাদ্য সৌভাগ্যং জনয়েদ্বরং †।। ১৮৯।।
তুঙ্গভন্দাদয়ন্ত্রস্তাঃ সখ্যঃ স্তাঃ প্রত্যনন্তরাঃ।
যাস্ত সাধারণা দূত্যো দ্বোঃ পালিন্ধিকাদয়ঃ॥ ১৯০।।

इन्मुत्नथा

ইন্দুলেখা সখী সর্পশাস্ত্রোক্ত মন্ত্রে একজন বিশেষ সমর্থা। কেবল ইহাই নহে, বিজ্ঞান-মন্ত্র এবং সামুদ্রক-শাস্ত্রে ইনি সম্পূর্ণ তত্ত্বজ্ঞা।। ১৮৭।।

বিচিত্র হার।দি-গুল্ফন, দন্তরঞ্জন-কার্য্যা, রক্তমমূহের পরীক্ষা, পট্ডোরী প্রভৃতি প্রস্তুতকরণ এবং সোঁভাগ্যমন্ত্রের লিখন-কোশল তাহার করতলগত। ইনি জীরাধা ও জীকুফের মধ্যে পরস্পারের প্রতি অনুরাগ উৎপাদন করিয়া উৎকৃষ্ট সৌভাগ্যা বিস্তার করিয়া থাকেন। ১৮৮-১৮৯।।

তুঙ্গভদা প্রভৃতি সখীপণ ইন্দুলেখার বিপরীত পক্ষাবলম্বিনী।
দূত্য কার্য্যের উদ্ধার বিষয়ে পালিম্বিকাদি কতিপয় সাধারণ দূতী
আছেন। তাঁহাদিপের গোপনীয় কথা কহিবার জন্ম ইন্দুলেখা

^{*} বাগমন্ত্রোক্ততন্ত্রকে। ইতি পাঠান্তরং॥

[‡] কৌশলং ইতাত্র কোবিদা ইতি চ পাঠঃ॥

[†] জনয়েছরং ইতাত জনয়ন্তীয়ং। ইতি চ পাঠঃ॥

তাসাং রহস্থবার্ত্তানামিয়ং ভাজনতাং গতা।

অলঙ্কারেয়ু বেশেয়ু কোষরক্ষাবিধাে চ যাঃ।। ১৯১ ।।

সথ্যো দাস্থেইপ্যধিকৃতা যাশ্চ বৃন্দাবনান্তরে।

হলেম্বধিকৃতা যাশ্চ তাম্বধ্যক্ষতয়া স্থিতা।। ১৯২ ।।

রঙ্গদেবী সদোত্ত, জা * হাবেঙ্গিত-তরঙ্গিণী।

কৃষ্ণাগ্রেহপি প্রিয়্মখী-নর্ম্মকোত্হলোৎস্থকা।। ১৯৩ ।।

যাড় গুণাস্থ গুণে তুর্য্যে যুক্তিবৈশিষ্ট্যমাঞ্রিতা।

কৃষ্ণস্থাকর্ষণং মন্ত্রং তপস্থা পূর্ব্বমীয়ুধী।। ১৯৪ ।।

একজন যোগ্য পাত্র। যে সকল সখী বৃন্দাবনে দাস্ত কার্যা, অলঙ্কার ও বেশ রচনায় এবং কোষ রক্ষাতে, এমন কি, স্থলভাগের অধিক কার্য্যেই নিযুক্তা, ইন্দুলেখা তাঁহাদের সকলেরই অধ্যক্ষা ॥ ১৯০-১৯২।।

तक्रपनि

রঙ্গদেবী সর্ববদাই উত্তুঙ্গা অর্থাৎ গৌরবোশান্ত হইয়া ভাব ও ইঙ্গিত বাক্যের নানারূপ ছলিকা করিয়া থাকেন, অধিক কি শ্রীকৃষ্ণের নিকটেও শ্রীরাধাকে পরিহাস এবং কৌতুক করিয়া উৎস্ক্য প্রকাশ করিয়া থাকেন।। ১৯৩।।

ছয় গুণের মধ্যে চতুর্থ গুণে, অর্থাৎ উভয় পক্ষের কাল প্রতীক্ষায় অবস্থান গুণে, এবং বাদ্যযন্ত্রে বিশেষরূপ স্বর্যোগ করিতে সমর্থা। তপস্থা দ্বারা পূর্বের ইনি জীকুঞ্চের আকর্যণ মন্ত্র লাভ করিয়াছিলেন।। ১৯৪।।

^{*} হাবরঙ্গতরঙ্গিণী। পাঠান্তরং॥

বিচিত্রেষঙ্গরাগেষু গন্ধযুক্তবিধো চ যাঃ।
কলবপ্তী-প্রভৃতয়ঃ সখ্যোহস্টো যাঃ প্রকীর্তিতাঃ ।। ১৯৫ ।।
সাখ্যা দাস্তেহপ্যধিকৃতা যাশ্চ ধূপন-কর্ম্মণি ।
শিশিরেইঙ্গারধারিণ্যস্তপর্তাবিপ বীজণে ।। ১৯৬ ।।
আরণ্যকেষু পশুষু কেশারিষু ‡ মৃগাদিষু ।
সখী-প্রভৃতয়ো যাশ্চ তত্রৈষাধ্যক্ষতাং গতা ।। ১৯৭ ।।
স্থানেরী কেশসংক্ষারং প্রিয়সখ্যান্তথাঞ্জনং ।
অঙ্গসন্থাহনং চাস্তাঃ কুর্বতী পার্শ্বগা সদা ।। ১৯৮ ।।
শারিকা শুক্ শিক্ষায়াং ৡ নোকা-কুকুটখেলনে ।
ভূরি-শাকুনশাস্ত্রে চ পক্ষাাদিক্তবোধনে ॥ ১৯৯ ॥

কলক্ষ্ঠী প্রভৃতি যে অষ্ট্রসখীর বিষয় পূর্বে লিখিত হইয়াছে, তাঁহারা বিচিত্র অঙ্গরাগ এবং গন্ধজব্যের নিয়োগ সম্বন্ধে ভারপ্রাপ্ত; এবং যে সকল সখী ধূপদান কার্য্যে, শিশিরকালে অগ্নি প্রজ্ঞালন, গ্রীষ্মকালে চামর ব্যজনাদি দাস্যকর্মে নিযুক্তা, তথা সিংহ ও মৃগাদির পরিদর্শন কার্য্যে যে সকল সখী নিযুক্তা, সেই সকল সখীর মধ্যে রঙ্গদেবী সর্ব্বাধ্যক্ষা ।। ১৯৫—১৯৭ ।।

ञ्चलवी

স্থানির সথী প্রিয়সথী শ্রীরাধার নিকটে সর্ববদা অবস্থিতি করিয়া কেশসংস্কার, নেত্রে অঞ্জন দান এবং অঙ্গ-সন্থাহনাদি সেবা করিয়া থাকেন।। ১৯৮।।

শারিকা ও শুকের শিক্ষা, নোকাখেলা, কুরুটখেলা, শাকুন-

[‡] কেশরিষু ইতাত্র "ছেকেযুচ" ইত্যপি পাঠঃ।

[§] শুকশিক্ষায়াং ইতাত্র দ্বাশিক্ষায়াং ইতি চ পাঠঃ।

চত्यापराज श्रूष्णापि † विकिविपाविधाविषा । উদ্বৰ্তনবিশেষে চ হুষ্ঠু কৌশলমাগতা ॥ ২০০ ॥ গণ্ডু ষক্ষেপপাত্রেষু গেণ্ডু কে শয়নেইপি চ। যাঃ কাবেরীমুখাঃ সখ্যস্তা অস্যাঃ প্রত্যনন্তরাঃ ।। ২০১।। আসনস্থাধিকারে যাঃ স্থো দাস্ত সম্মতাঃ। প্রতিপক্ষাদিভাবানাং যা জ্ঞানায় চরন্তি চ।। ২০২।। श्रुं : প্রনিধিরূপেণ নানাবেশধরা: স্ত্রিয়:।

শাস্ত্র অর্থাৎ জ্যেতিষান্তর্গত গুভাশুভ চিহ্নবিজ্ঞান, পশু পক্ষি প্রভৃতির শব্দজ্ঞান, চল্ফোদয়ে সে সকল পুষ্প বিক্ষিত হয় তাহার জ্ঞান, অগ্নিবিদ্যা-ব্যাপার এবং উদ্বর্ত্তন অর্থাৎ তৈলাদি মর্দ্দনকার্য্যে সুদেবী স্থী বিশেষ কৌশল লাভ করিয়াছেন।। ১৯৯-২০০।। গণূষ, অর্থাৎ মুখবারি নিক্ষেপণ, পত্রের স্থাপন, গেণ্ডু,ক খেলা

এবং শয়ন রচনাদি কার্য্যে কাবেরী প্রভৃতি যে সকল স্থী নিযুক্তা আছেন, ইহাঁরা স্থদেশীর নিকট হইতে পরস্পরায় জ্ঞান প্রাপ্ত रहेशाएक ।। २०० ।।

य मकन मथी এवः मामीभव आमन-समात अधिकारत नियुक्ता, অপিচ যাঁহারা প্রতিকূলগামিনী স্থীদিগের পরিজ্ঞান বিষয়ে বিচরণ করেন, যাঁহারা ধূর্ত্তমভাবা হইয়া প্রতিনিধিরূপে নানা বেশ ধারণ করেন, যাঁহারা বন্যপক্ষী ও ছেক* নামক অনুপ্রাস

[†] চল্রে দ্য়ার্দ্রপূপ্ণাদি ইতাত্র মল্লারেষদ্রপুষ্পাদি ইতি পাঠঃ।
* ছেক এক প্রকারের অনুপ্রাস। অনেক প্রকার ব্যঞ্জনবর্ণের এক কিংবা বহুবার যে সাদৃশ্য তাহাকে ছেকানুপ্রাস কহে। (সাহিত্যদর্পণ उ कावा अका म प्रहेवा)।

০ যাশ্চ পক্ষিষু বন্যেষু ছেকেম্বধিকৃতান্তথা।। সথ্যশ্চ বন্দেব্যশ্চ তত্ত্রৈষাধ্যক্ষতাং গতা॥ ২০৩॥

मथीताः विভिन्न ভावाः

অথ শিল্প-নিয়োগাদেবিবৃতিঃ ক্রিয়তেইধুনা ।। ২০৪ ।।
† বিগ্রহে গ্রহিলাঃ সখ্যঃ পিগুকা নির্বিতণ্ডিকা ।
পুণ্ডরীকা সিতাখণ্ডী চারুচণ্ডী স্থদন্তিকা ।। ২০৫ ।।
অকৃষ্ঠিতা কলাকণ্ঠী রামচী মেচিকাদয়ঃ ।
তামাংশুকাপি কান্তভা পিগুকে নিশ্চিতাগ্মং ।।

কান্যে নিযুক্তা, এবং যাঁহারা কানন দেবতা, ইহাঁদের সকলের মধ্যে স্থদেবী সর্ব্বাধ্যক্ষা।। ২০২–২০৩।।

সখীদিগের বিভিন্ন ভাব—

অনন্তর শিল্পনিয়োগাদি কার্য্যদারা সম্প্রতি স্থীগণের বিবৃতি করা যাইতেছে ।। ২০৪ ।।

পুগুরীকা, দিতাখণ্ডী, চারুচণ্ডী, সুদন্তী, অকুষ্ঠিতা, কলাকণ্ঠী, রামচী ও মেকচা প্রভৃতি সখীগণ বিগ্রহ-বিষয়ে বিশেষ আগ্রহযুক্তা। জ্রীরাধার মত কান্তিযুক্তা তামাংশুকা নামী সখী
পিণ্ডক অর্থাৎ তুরদ্ধাদশীয় গন্ধজ্ব গ্রহণার্থ জ্রীকৃষ্ণকে
সমাগত দেখিয়া চাতুর্যাপূর্ণ শ্লেষবাক্যে বিশেষ লজ্জিত করিয়া
থাকেন।। ২০৪-২০৬॥

গৃহাসক্তেয়ু পক্ষিয়ু। ইতি পাঠান্তরং।
 † পিণ্ডকেলি বিতিণ্ডিকে। ইত্যপি পাঠঃ।

শ্লিষ্টের্বচনশোটির্ষ্যৈবিলজ্জয়তি মাধবং ॥ ২০৬॥
হরিজাভা হরিচ্চেলা হরিমিত্রালি যা গিরা।
বিতত্তিকা বিতত্তাভিনিগ্রহৈ: স্থানমানয়েং ॥ ২০৭॥
১। পুগুরীকা পটং ধ্বা পুগুরীকাজিনজ্জবিঃ।
পুগুরীকাঙ্গভা তর্জ্জেং পুগুকাক্ষমাগিদি ॥ ২০৮॥
২। * শিখণ্ডিনীবিষা গৌরীনামা সিতাম্বরা সদা।
বক্তি কাঠিন্যমাধুর্ষ্যাৎ সিতাখণ্ডীতি যা হরেঃ॥ ২০৯॥

হরিজাভা, হরির্চেলা এবং বিতণ্ডিকা—ইহাঁরা প্রীকৃষ্ণের নিকট কথার দারা মিত্রবং আচরণ করেন, এবং প্রীকৃষ্ণের প্রতিপক্ষ সখীগণকে বিতণ্ডা-বাক্যে নিগ্রয় করিয়া তাহাদিগকে শ্রীকৃষ্ণ সমীপে আনয়ন করিয়া দেন।। ২০৭।।

১। পুগুরীকা সখীর বসন পুগুরীক, অর্থাৎ শ্বেতপদ্মের আয় শুল এবং নিজেও পুগুরীকবং শ্বেতাঙ্গী । ইনি শ্রীকৃষ্ণকে আগত দেখিয়া বস্ত্র ধারণ পূর্বক বিশেষ তর্জন গর্জন করিয়া থাকেন ।। ২০৮।।

২। গোরীনামী সখীর কান্তি ময়ুরের স্থায়, বস্ত্র ধবল ও মেচক বর্ণ। ইনি কঠোর ও মধুর ভাবে কথা বলিয়া থাকেন। এজন্য জীক্ষের নিকট গোরী সখী সিতাখণ্ডী নাম প্রাপ্ত হয়েন। কারণ 'সিতা' শব্দে মিছরী। উহা স্বতই কঠোর ও ধারাল। আপাততঃ মুখে কপ্ত বোধ হইলেও গলস্থ ও উদরস্থ হইলে মাধুর্য্য

^{*} শিতাখণ্ডাত্বিধা গৌরা। ইতি পাঠান্তরং

০। চারুচণ্ডী ভরিনাস্থাঃ ভূঙ্গুণামা তড়িৎপটা †
চারুচণ্ডতয়া বাচাং চারুচণ্ডীতি ভণাতে ॥ ২১০ ॥
৪। স্বৃত্তিকা শিরীষাভা কুরুট্ কর্নিভাম্বরা ।
করোত্যুজ্জনমপোষা পাটবৈরসমুজ্জলং ॥ ২১১ ॥
৫। অকুন্তিতাজ্ঞকাণ্ডাভা বিসকাণ্ডসিতাম্বরা ।
আগঃ কুষ্ণস্থা যা বৃষ্টি স্বসমাজ-সমূন্ধরে ॥ ২১২ ॥০

পিওনাশাদি গুণ প্রকাশ করিয়া থাকে। তদ্রুপ এই স্থীও বাহিরে কঠোরা এবং অন্তরে মধুরা রূপে প্রতীয়মানা হয়েন। ইহাঁর নাম গোরী, কিন্তু উক্ত কারণে সিতাখণ্ডী নামে বিখ্যাতা হইরাছেন।। ২০৯।।

- ত। সিতাখণ্ডীর ভিগিনীর নাম চারুচণ্ডী। ইহাঁর কর্ণ ভূক্তের স্থার কথা মনোহর ও প্রচণ্ড—এই উভয় গুণবিশিষ্ট বলিয়া চারুচণ্ডী নামে অভিহিতা হইয়া থাকেন।। ২১০।।
- ৪। স্থদন্তিকা সখীর কান্তি শিরীষ-কুস্থমের স্থায়। তাঁহার বসন কুরন্টক পুষ্পের স্থায়। ইনি শ্রীকৃষ্ণের উজ্জ্বল রসকে বিশেষ পটুতার সহিত বিস্তৃত করিয়া থাকেন।। ২১১।।
- ে। অকুষ্ঠিতা সখীর দেহপ্রভা পদ্মনালের স্থায়। তাঁহার বসন নৃণালদণ্ডের মত শ্বেতবর্ণ। ইনি নিজ দলের পুষ্টিসাধন জন্ম শ্রীকৃষ্ণের অপরাধ কামনা করিয়া থাকেন।। ২১২।।

[†] তড়িৎপটা ইত্যত্র হরিৎপটা। ইতি চ পাঠঃ॥ ০ বষ্টি শ্ব সমাজঃ। ইতি চ দৃশ্যতে॥

৬। কলবণ্ঠী কুলীপুপুবর্ণক্ষীরোদকাম্বরা।
বিষ্টি গান্ধর্বিকামানং যা হরেশ্চাটুকাজ্জয়া।।২১০।।
৭। রামচী ললিতা-ধাত্যাঃ পুল্রী গোরগুকাংশুকা †
† যয়া হরিছর্বিচোভিরুদ্ধবে পরিহস্ততে।।২১৪।।
৮। পিওপুপ্সরুচিঃ পাভুছকূলা মেচকা সদা।
কৃষ্ণস্থ কুরুতে ব্যক্তমাগস্তস্যেব যা গিরা।।২১৫।।
আথ দুত্তিঃ।

সাগ্রহা বিগ্রহাদো স্থাদূ তাঃ আলিতযৌবনাঃ।
† পেটরী বারুড়ী চারী কোটরী কালটিপ্লনী॥

৬। কলকণ্ঠী সখীর বর্ণ কুলী-পুষ্পের স্থায়। তাঁহার বসন ত্থা ও জলের স্থায় শ্বেতবর্ণ। ইনি জীকুফের চাটু অর্থাৎ তোষামোদ প্রার্থিনী হইয়া জীরাধার মান প্রকাশ করিয়া থাকেন।। ২১৩॥

৭। রামচী সখী ললিতার ধাত্রীর কন্তা। ইহাঁর বসন গৌরবর্ণ ও শুক পাখীর বর্ণবং। কারণ ইনি আনন্দ করিয়া শ্রীকৃষ্ণকে তুর্বাক্যদারা পরিহাস করিয়া থাকেন।। ২১৪।।

৮। মেচকা স্থীর অঙ্গপ্রভা পিণ্ড-পুপ্পের স্থায়। তাঁহার বসন পাণ্ড্বর্ণ। ইনি শ্রীকৃষ্ণের অপরাধ না থাকিলেও যেন "তাঁহারই অপরাধ" এইরূপ ভাব বাক্য দারা বিশেষরূপেই ব্যক্ত করিয়া থাকেন।। ২:৫।।

^{*} গৌরাংশুকা সদা। ইতি চ পাঠ্॥
† ষয়া বীরাপি দুর্বায়া গীভিক্তজ্ম হস্যতে। ইতি পাঠান্তরং॥
‡ পেটরীর্বারুড়িশ্চৈব। ইত্যপি পাঠঃ।

া মক্লণ্ডা মোরটা চূড়া চুগুরী গোণ্ডিকাদয়: ।।
পিণ্ডকেলি-পুরোগানা এতাঃ স্থার্বনগাঃ সদা ।। ২১৬–২১৭ ।ঃ
বিষকাণ্ডোপমজটা পেটরী বৃদ্ধগুর্জেরী ।
া বার্রডির্গারুড়ী বেণীসদৃক্ চিকুরবেণিকা ।। ২১৮ ।।
কুচারীভগিনী চারী তপংকাত্যায়নী স্মৃতা ।

দূতীগণ

১ পেটরী, ২ বারুড়ি, ৩ চারী, ৪ কোটরী, ৫ কালটিপ্লনী, ৬ মরুণ্ডা, ৭ মোরটা, ৮ চুড়া, ৯ চুণ্ডরী, ১০ গোঞ্চিকা, প্রভৃতি কতিপয় দূতী প্রীক্তফের বনগা অর্থাৎ বন-লীলার সাহায্যকারিণী। ইহাঁদের যোঁবন স্থালিত (গতপ্রায়), বুদ্ধাদি কার্য্যে আগ্রহযুক্তা। ইহাঁরা প্রীকৃফের সম্মুখে পিণ্ডকেলী, অর্থাৎ দৈহিক বিলাস বা ভোজনবিক্যাস পান করিয়া থাকেন।। ২১৬–২১৭।।

১ পেটরীনামী দূতী বৃদ্ধা এবং শুর্জের (গুজরাট) দেশ-জাতা। ইহাঁর জটা মৃণাল-দণ্ডের স্থায় শুল্র বর্ণ। (২) বারজী দূতী গরুড়-দেশ-জাতা। কেশগুলি বেণীর আকারে আবদ্ধ।। ২১৮।।

৩। চারী দূতী কুচারীর ভগিনী। ইনি কঠোর তপস্থা দারা কাত্যায়নী দেবীর আশ্রয় প্রাপ্ত হইয়াছিলেন। এই জন্ম চারীকে তপঃকাত্যায়নী বলা হয়। কোটরী দূতী জাতিতে আভীরী।

[§] मक़क्षा इल माक्ष्या। ইতি পाঠः॥

[†] বাকতী গারতী বেণী ইতি চ পাঠ:॥

কঠোরতপদা কাত্যায়নীং দেবীং দমা প্রিতা।
আতীরী কোটরী জাত্যা তিলতগুলকেশতাক্ ॥ ২১৯ ॥
পলিতা পাণ্ডু চিকুরা রজকী কালটিপ্রনী।
মরুণ্ডা শ্বন্ধ মুণ্ডিতশিরাং পাণ্ডু রক্রকুলালিকা ॥ ২২০ ॥
জবনা মোরটা কাশকুস্থমোপমমূর্দ্ধজা।
চূড়াবলিদিপ্রমুখা ললাটে পলিতোজ্জলা ॥ ২২১ ॥
চূণ্ডরী পুণ্ডরীকাক্ষস্ততার্দ্ধজরতী দিজা।
গোণ্ডিকেয়ং জরদেগাণ্ডী মুণ্ডপাণ্ডু শিখোজ্জলা ॥ ২২২

কেশগুলি তিলতগুলেবৎ অর্থাৎ কিয়দংশ পরু, কিয়দংশ অপরু, এজগু শুভকুষণে মিশ্রিতা॥২১৯॥

8। কালটিপ্লনী দূতী জাতিতে রজকী। ইহাঁর কেশগুলি জরাবশতঃ শুভ্র ও পিঙ্গলবণ। ৫। মরুণ্ডা দূতীর মস্তক মুণ্ডিত। জান্বয়ের লোমগুলি পাণ্ডুর বর্ণ।। ২২০।।

৬। মোরটা দূতী জবনা অর্থাৎ সবেগে গমন করিতে সমর্থা। ইহাঁর কেশপাশ কুস্তুপুষ্পের ক্যায়, অর্থাৎ কমল অপেক্ষাও উজ্জ্বলবর্ণ। চূড়াসমূহে ইহার মূখ লিপ্ত, এবং বলি জরা-জনিত শিথিল চর্ম্মে আরত, এবং ললাটপ্রদেশে জরাজনিত শুক্ল কেশ দ্বারা উজ্জ্বল।। ২২১।।

৭। চুওরী নামী দূতী ব্রাহ্মণ-বংশজাতা এবং অর্দ্ধ জরতী,

^{*} মারুত্তা ইতি চ পাঠঃ॥

व्यथ मिक्दिप्ठाः।

চাতুর্য্যসন্ধিকুশলাঃ শিবদা সোম্যদর্শনা।
স্থানাদা সদাশান্তা শান্তিদা কান্তিদাদয়ঃ ॥ ২২৩॥
সর্ববিথা ললিতাদেবী জীবিতাদ্বস্তুত্ত্বমাঃ †।
মাধবস্য পরীবারৈস্তস্যাপ্তা ইতি মন্যতে ॥ ২২৪॥

অর্থাৎ অর্দ্ধাংশে বৃদ্ধা। এবং পুগুরীকাক্ষ শ্রীকৃষ্ণের ভাবে সর্বাদা আবৃতাঙ্গী। ৮। গোণ্ডিকা দূভীর গণ্ডদেশ (গাল) বার্দ্ধক্য চিহ্নযুক্ত অর্থাৎ শিথিল চর্মাবৃত। মস্তক মুণ্ডিত, পাণ্ডুবর্ণ এবং উজ্জল।। ২২২।।

সন্ধিদূতী অর্থাৎ মিদনকারিণী দূতী

শিবদা, সোম্যদর্শনা, প্রপ্রসাদা, সদাশান্তা, শান্তিদা এবং কান্তিদা প্রভৃতি সন্ধিদূতী। ইহাঁরা সকলেই চতুরতা এবং সন্ধি বিষয়ে কুশল, এবং সর্বপ্রকারে ললিতাদেবীর জীবনরূপ পদার্থ হইতেও শ্রেষ্ঠ। এত শ্রেষ্ঠ ষে যাহার তুলনা হয় না। জ্রীকৃষ্ণের পরিবার মধ্যে তাঁহারা বিশেষ আপ্ত বলিয়া গণ্য হইয়া থাকেন।। ২২৩-২২৪।।

জীরাধা যৎকালে কলহান্তরিতা দশা (🛠) প্রাপ্ত হয়েন,

† বস্তুতাইতাঃ। ইতি চ দৃশ্যতে॥

চাটুকারমপি প্রাণনাথং রোষাদপাষ্য যা। পশ্চান্তাপমবাপ্নোতি কলহান্তরিতা তু সা॥

পতি নানাবিধ চাটু বাক্যে প্রার্থনা করিলেও যে নায়িকা তাহাকে রোষবশে বিদূরিত করিয়া পশ্চাৎ অনুত্যপে কাতরা হয়, লোকে তাহাকে কলহান্তরিকা কহে।

^{*} কলহান্তরিতা, যথা সাহিত্যদর্পণে—

গান্ধর্বায়াং প্রপন্নায়াং কলহান্তরিতাং দশাং।
ললিতেন্দিতমাসাত হরের্গণতয়া স্থিতাঃ।। ২২৫ il
া সরীয়েতি ধিয়া তেন নিস্প্রাঃ পৃথুয়ত্বতঃ।
কৃতিতুপ্তা নিজাভীপ্তং সন্ধিমেব স্থমন্ত্রিতাঃ॥ ২২৬ ।।
বিধায় স্থপ্প্র গোবিন্দাদিন্দন্ত্যঃ পারিতোষিকং।
য়ান্তি বৃন্দাবনের্থয়্যাঃ প্রসাদভরপাত্রতাম্॥ ২২৭ ।।
রাঘবী শিবদা সোম্যদর্শনা সোমবংশজা।
পোরবী স্প্রসাদেয়ং সদা শান্তা তপন্ধিনী।। ২২৮ ।।

তৎকালে ইহাঁরা ললিতার ইঙ্গিতভাব অবগত হইয়া শ্রীকৃষ্ণের গণে অবস্থিতি করেন।। ২২৫।।

এই কারণে জ্রীকৃষ্ণ তাঁহাদিগকে আত্মীয়বুদ্ধিতে বিশেষ যত্নসহকারে নিস্প্রা নামক দূতীর পদে নিয়োগ করেন, এবং উক্ত দূতীগণও তংকার্য্যে পরিভুপ্তা হইয়া জ্রীরাধাকৃষ্ণের মিলন বিষয়ে সাবধান হয়েন।। ২২৬।।

তাঁহারা প্রীকৃষ্ণের নিকট পারিতােষিক লাভ করিয়া তাঁহার অভিপ্রেত মিলন সম্পাদন করেন। প্রীবৃন্দাবনেশ্বরী প্রীরাধার নিকট গমন করিয়া তাঁহার নিকটেও তদ্ধপ প্রসন্নতা প্রাপ্ত হয়েন; অর্থাৎ উভয়েরই প্রিয়কার্য্য বিধান করা ইহাঁদের স্বভাব।। ২২৭।।

উল্লিখিত সন্ধি-দূতীগণের মধ্যে 'শিবদা দূতী' রাঘবী, অথাৎ

[‡] সরীয়া ইতাত্র স্বায়া ইতি পাঠান্তরং॥

⁽২) স্বীয়াঃ ইতাত্র হলে সরীয়া এইরূপ পাঠও আছে। "সরীয়া" কথাটী পশ্চিম প্রদেশের ব্রজমণ্ডলাদি স্থানে একরূপ সম্বোধন বাকা।

শান্তিদাকান্তিদে চেতি ভূমিদেন-কুলোদ্ভবে। व्यमानात्व (नवर्सद्वा वामः बक्ष ययुः ॥ १२२ ॥ जय हिनी यस छल १

षिणीरशास्यायना ७ तृ । तथा भाषा भाषा भाषा भाषा । ममाममाख्यम् त्र अवस्थित ।। २००॥ वर्गः প্রियमशीनाः यः ममत्थ्रामाज्यामा मजः। স দিধা স্যান্নিত্যসিদ্ধো ভক্তিসিদ্ধস্তথা ভবেৎ ॥ ২৩১॥ নিত্যপ্রিয়াণাং তত্রাপি দশকোটিমিতো গণঃ। ममनारमा नियुकानाः लक्ष्यत्रेष्ठा जित्तन ह ॥ ७०२ ॥

রঘুবংশজাতা; সোম্যদর্শনা দূতী চক্রবংশজাতা; স্থপ্রসাদা দূতী পুরুবংশজাতা; সদাশান্তা দূতী তাপস-ক্তা; শান্তিদা এবং কান্তিদা দূতীদ্বয় ব্রাহ্মণ কুলে উৎপন্না। ইহাঁরা দেবর্ঘি শ্রীনারদ মহাশয়ের প্রসাদে জীবৃন্দাবনে বসতি প্রাপ্ত হয়েন।। ২২৮-২২৯।।

দিতীয় মণ্ডল

পূর্বের মণ্ডল (দল বা গোষ্ঠী) অপেক্ষা দ্বিতীয় মণ্ডলের প্রেম কিঞ্চিৎ ন্যন। ইহাদের প্রেম তুই প্রকার—সম ও অসম। এই বর্গদ্বয় ক্রমে বলা যাইতেছে।। ২৩॰।।

এতন্মধ্যে যেটী প্রিয়স্থীদিগের দল, তাহাই সমপ্রেম। সমপ্রেম আবার নিত্যসিদ্ধ ও ভক্তিসিদ্ধ ভেদে দ্বিবিধ।। ২৩১।। ইহার মধ্যে নিত্যসিদ্ধ প্রিয়সখীদিগের গণ দশকোটি-

পরিমিত। যে সকল সখীর কথা পূর্বেব যুথমধ্যে সমবায় নামক দলের মধ্যে বলা হইয়াছে, তাহাদের সঙ্খ্যা বিশ कािं जां नक ॥ २०२ ॥

যদষ্ঠকং পরপ্রেষ্ঠসথীরস্থান্থগছত ।
বহবঃ সঞ্চয়াস্তত্র সহস্রৈঃ কোহপি পঞ্চধিঃ ।। ২৩৩ ।।
ভবেৎ কশ্চিচ্চতুপক্তিঃ কশ্চিল্রিচভূরৈরপি ।
কুতশ্চিদিহ সাধার্যাৎ প্রায়ঃ স্যাৎ সঞ্চয়ৈকজা ।। ২৩৪ ।।
* সমাজঃ সঞ্চয়োহনেকৈরেষাপ্যোকসমাজভা ।
ভবেৎ স্বেহবিশেষেণ কশ্চিৎ ষোড়শভাগিহ ।। ২৩৫ ।।
বিংশত্যাপি তথা পঞ্চবিংশত্যা ত্রিংশতা তথা ।
যক্ত্যা কশ্চিৎ সমাজঃ স্যাচ্চতুঃ যন্ত্যাদিভিস্তথা ।। ২৩৬ ।।

পূর্বের যে পরমশ্রেষ্ঠ আট-জন স্থীর উল্লেখ করা ইইয়াছে, ভাঁহারা প্রধান অপ্তস্থীর অনুগামিনী। ইহাঁর মধ্যেও বহু প্রকার স্ক্ষয়, অর্থাৎ দলভেদ আছে। ভাহাতে কোন স্ক্ষয়ে পাঁচ সহস্র, কোন স্ক্ষয়ে ছয় সহস্র।। ২৩৩।।

আবার কোনটা চারি পাঁচ সহস্র, কোনটা তিন বা চারি সহস্র। বস্তুতঃ কোন প্রকারে পরস্পার সাধর্ম্ম্য থাকায় সকল সঞ্চয়েরই (দলেরই) প্রায় একতা আছে।। ২৩৪।।

সমাজ ও সঞ্চয় নামক দল অনেক সখীদারা গঠিত হইলেও মূলভাবের একতাবশতঃ এক সমাজ বলিয়াই প্রায় গণ্য হয়। পরন্ত, স্নেহের ইতর-বিশেষ থাকায় কোন সমাজ যোড়শভাগে বিভক্ত হইয়া থাকে।। ২৩৫।।

কোন সমাজ বিংশতিজন স্থীদ্বারা এবং কোন সমাজ পঞ্চবিংশতি, কোনটী বা ত্রিংশৎ, কোনটী ষ্টি, কোন সমাজ

^{*} সমাজঃ ইতাত্র সদজ্জি ইতি পাঠান্তরং।

চতুঃষষ্ট্যাদিভিস্তত্র সমাজোইয়ং প্রপঞ্চতে। षा छा १ षिटे विश्व छ जूरा पि छि भहां नी करेन छ (वर ।। २०१ ।। চত্বারিংশদ্যূথঃ কশ্চিদেবং পঞ্শতা ভবেৎ। সর্বভাবেণ সাধর্ম্ম্যে সমাজোঽপি সমন্বয়া 🗱 ।। ২৩৮ ।। রত্নপ্রভা রতিকলা স্থতদ্রা রতিকা তথা সুমুখী 5 ধনিষ্ঠা চ কলহংসী কলাপিনী ।। ২৩৯।।

ব। চতুঃষষ্টি জন সখীদারা গঠিত হইয়া থাকে।। ২৩৬।।

চতুঃষ্ঠি স্থীর সমাজই সম্প্রতি বিস্তৃত ভাবে প্রদর্শিত হইতেছে। কোনও সমাজ তুই জন, কোনটী তুই বা তিন, কোনটী তিন বা চারি জন স্থী দারা গঠিত হয়।। ২৩৭।।

উল্লিখিত সমাজ মধ্যে চত্নারিংশৎ অর্থাৎ চল্লিশটী যূথ আছে। এইরপে সমাজকে পাঁচশত ভাগে বিভক্ত করা যায়। সমস্ত ভাবের সাধর্ম্মা অর্থাৎ সমানধর্ম্ম থাকায় উক্ত সমাজ "সমন্বয়" সঙ্খাতেও নিবিষ্ট জানিতে হইবে।। ২০৮।।

সমন্বয় সভ্যা সমাজের প্রধান-স্থী দিগের ৬৪টী নাম উল্লেখ করা যাইতেছে। ইহাতে চতুঃষষ্টি সমাজ ও তাহার বিস্তৃতি জানিতে হইবে। যথা—১। রত্বপ্রভা, ২। রতিকলা, ৩। স্বভদ্রা, ৪। রতিকা, ৫। সুমুখী, ৬। ধনিষ্ঠা, ৭। কলহংসী, ৮। कलाशिभी, २। माधवी, २०। माल छी, २२। हज्यद्रथा, ১२। कुछती, ১७। इतिनी, ১८। हलना, ১৫। मासी, ১৬।

^{*} সমন্বয় ইত্যত্র সমস্ত্রয়ং। ইতি চ পাঠঃ॥ † রতিকা তথা ইত্যত্র ওজরেখিকা ইতি পাঠান্তরং॥

মাধবী মালতী চন্দ্রবেথিকা কুঞ্জরী তথা।
হরিণী চপলা দামী স্থরতিশ্চ শুভাননা।। ২৪০।।
কুরঙ্গান্ধী স্থচরিতা মণ্ডলী মণিকুণ্ডলা।
চিন্দ্রকা ট চন্দ্রললিতা ই পদ্ধজান্দী স্থমন্দিরা।। ২৪১।।
রসালিকা তিলকিনী শৌরসেনী স্থান্ধিকা।।
* রামিণী কামনগরী নাগরী নাগবেণিকা।। ২৪২।।
মঞ্জুনেধা স্থমধুরা স্থমধ্যা মধুরেক্ষণা।
তন্মধ্যা ০ মধুস্পন্দা গুণচূড়া বরাঙ্গদা।। ২৪০।।
তুঙ্গভদা রসোত্ত্রলা রঙ্গবাটী স্থসঙ্গতা।
চিত্ররেখা বিচিত্রাঙ্গী মোদিনী মদনালসা।। ২৪৪।।

স্থরভি, ১৭। শুভাননা, ১৮। কুরঙ্গাক্ষী, ১৯। স্থচরিতা, ২০। মণ্ডলী, ২১। মণিকুণ্ডলা, ২২। চন্দ্রিকা, ২০। চন্দ্রলভিকা, ২৪। পক্ষজাক্ষী, ২৫। স্থমন্দিরা, ২৬। রসালিকা, ২৭। তিলকিমী, ২৮। শৌরসেনী, ২৯। স্থগিন্ধিকা, ৩০। রামিণী, ৩১। কামনগরী, ৩২। নাগরী, ৩৩। নাগবেণী, ৩৪। মঞ্জুমেধা, ৩৫। স্থমধুরা, ৩৬। স্থমধ্যা, ৩৭। মধুরেক্ষণা, ৩৮। তন্ত্মধ্যা, ৩৯। মধুস্পান্দা, ৪০। গুণচূড়া, ৪১। বরাঙ্গদা, ৪২। তুঙ্গভন্দা,

[‡] চন্দ্রলতিকা ইত্যত্র চন্দ্রলতিকা ইতি ৮ পাঠঃ।

^{*} পঙ্গজাক্ষা ইত্যত্র কুন্দকাক্ষা ইতি ভক্তিরত্নাকরধৃতঃ পাঠঃ। ৫ম তরঙ্গ ৪৪৫ পৃষ্ঠে দ্রষ্টব্য॥

[†] রামিণা স্থলে কামিনীতে ভক্তিরত্নাকারধৃতঃ পাঠঃ (ঐ)।

o মধুস্পন্দা ইত্যত্র মধুসাক্রা ঐ পাঠঃ।

কলকণ্ঠী শশিকলা কমলা মধুরেন্দিরা।

‡ কন্দর্পস্থনরী কামলতিকা প্রেমমঞ্জরী। ২৪৫॥

কাবেরী চারুকবরা স্থকেশী মঞ্কেশিকা।

হারহীরা মহাহীরা হারবণ্ঠী মনোহরা।। ২৪৬।।

श्रीत्राथाया जष्टे मथाः मत्यावनज्ञ

* লীলাবতী সাধিকা চ চন্দ্ৰিকা মাধবী তথা। ললিতা বিজয়া গোৱী তথা নন্দা প্ৰকীৰ্ত্তিতা॥ ২৪৭॥

৪৩। রসোত্ত্রপা, ৪৪। রঙ্গবাটী, ৪৫। স্থাঙ্গতা, ৪৬। চিত্ররেখা, ৪৭। বিচিত্রাঙ্গী, ৪৮। মোদিনী, ৪৯। মদনালসা, ৫০। কলকণ্ঠী, ৫১। শশিকলা, ৫২। কমলা, ৫৩। মধুরেন্দিরা, ৫৪। কন্দর্প-স্থানরা, ৫৫। কামলতা, ৫৬। প্রোমমঞ্জরী, ৫৭। কাবেরী, ৫৮। চারুকবরা, ৫৯। স্থকেশী, ৬০। মঞ্জুকেশী, ৬১। হারহীরা, ৬২। মহাহীরা, ৬৩। হারকণ্ঠী ৬৪। মনোহরা,—ইতি চতুঃষষ্টি সখীর সমাজ সম্পূর্ণ। ২৩৯–২৪৬।।

সম্মোহন-তত্ত্বের মতে শ্রীরাধার অপ্তস্থী লীলাবতী, সাধিকা, চন্দ্রিকা, মাধবী, ললিতা, বিজয়া, গৌরী এবং নন্দা ।। ২৪৭ ।।

[†] কন্দর্পসুন্দরীত্যাদি নামত্রয়ং ভক্তিরত্নাকরে (৫ম তরঙ্গে) ন ধৃতঃ॥

^{*} लोलावजो तमवजो माधिका साधवी जथा। देजि भाषाखत्र ॥

গ অন্যাশ্চাপ্তে। ।। কলাবতী রসবতী শ্রীমতী চ স্থগমুখী । বিশাখা কৌমুদী মাধ্বী শারদা চাষ্টমী স্মৃতা ।। ২৪৮ ।।

তত্ত রত্বভবाः

এতা নোপে ক্ষিতা * উক্তা নিত্যানামবধারণে ।। ২৪৯।।
ইত্যেতৎপরিবারাণাং শ্রীবৃন্দাবননাথয়োঃ।
অসম্থ্যানাং গণয়িতুং দিল্পাত্রমিহ দর্শিতম্ ।। ২৫০।।
তল্পান্নপানতামুল-হিল্পোলস্থাসকাদয়ঃ।
অত্যেহপি যে বিশেষাঃ স্থাঃ স্বয়মূহাস্ত তে বুধৈঃ।। ২৫১।।

উক্ত সম্মোহনতন্ত্রে আরও অপ্তস্থার নাম যথা—কলাবতী, রসবতী, শ্রীমতী, স্থামুখী, বিশাখা, কৌমুদী মাধ্বী এবং শারদা॥ ২৪৮।।

ইহার মধ্যে অর্থাৎ সম্মোহনতন্ত্রোক্ত রক্তবা" পর্যায়ের কতিপয় সখী এই গ্রন্থে উপেক্ষিত হয় নাই; পরন্ত নিত্য-সখীদিগের পর্য্যায়ে তাঁহারা গণিত, ইহা বুঝিতে হইবে॥ ২৪৯॥

বৃন্দাবননাথ শ্রীশ্রীরাধানাথের পরিবার অসঙ্খ্য। তবে কতিপয় সঙ্খ্যার গণনা করিবার জন্মই এই গ্রন্থে কেবল দিক্দর্শন মাত্র হইল।। ২৫০।।

শয্যা, অন্ন, পান, তাস্থূল, হিল্লোল (দোল ও ঝুলন), স্থাসক অর্থাৎ তিলক রচনা, ইত্যাদি লীলা, এবং সেই সেই লীলার অনুসারী সখীগণ, তথা আরও যে যে বিশেষ লীলা আছে, সেই সেই লীলানুযায়ী, সখীগণের নাম সাধকগণ স্বয়ং

[†] তত্রাব্যা রময়ন্তাশ্চাপ্টো। ইতি পাঠান্তরং॥

^{*}উক্তা ইতানন্তরং শ্রীরূপগোস্বামিনা। ইতি দৃশ্যতে, তত্তু টীকারূপং নতু মূল পাঠ॥

লুপ্ততমাসীৎ কুপয়া, জ্যোতির্ঘটয়েব ভান্তমত্যাসোঁ।
ক্রপবিষয়াপি দৃষ্টিঃ সরসান্ শব্দানবৈক্ষিষ্ট ।। ২৫২ ।।
শাকে দৃগশ্বশক্রে, নভসি নভোমণিদিনে ষষ্ঠ্যাং।
ব্রজপতিসদ্ধনি রাধা-কৃষ্ণগণোদ্দেশদীপিকাদীপি ॥ ২৫৩ ।।

উহা অর্থাৎ বিভিন্ন শাস্ত্র হইতে উদ্ধার করিয়া বুঝিয়া লইবেন ॥ ২৫১॥

অন্ধকার উপস্থিত হইলে যেমন রূপাদি বিষয় প্রাহিকা দৃষ্টিশক্তি বিলুপ্ত হইয়া যায়, কিন্তু পুনর্ব্বার চন্দ্র-সূর্য্যাদি জোতির্গণ উদিত হইলে সেই দৃষ্টি সকল পদার্থ গ্রহণ করিতে সমর্থ হইতে পারে, সেইরূপ কালরূপ অন্ধকারে প্রীক্রীরাধানাথের পরিবারবর্গের নাম একরূপ বিলুপ্ত হইয়াছিল, কিন্তু রূপের (প্রীরূপগোস্বামির) দৃষ্টি ভগবৎ—কুপা—রূপ জ্যেতির্ঘটা (জ্যোতির্গণ) দ্বারা ভান্তমতী হইয়া অর্থাৎ সূর্য্য-প্রকাশ লাভ করিয়া সরুস শব্দগণকে অবলোক্ষম করিতে সমর্থ হইয়াছে। তাৎপর্য্য এই যে, প্রীরূপগোস্বামী প্রীরাধা ও প্রীকৃষ্ণের পরিবারবর্গের নাম স্কুম্পন্ত প্রাপ্ত না হইয়া বিবিধ শাস্ত্র হইতে ভগবৎ কুপায় উদ্ধার করিয়াছেন ।। ২৫২ ।।

দূক্ ২, অশ্ব ৭, শক্র (ইন্দ্র) ১৪। 'অঙ্কস্য বামা গতিঃ" অর্থাৎ অঙ্কের গতি বামদিকে—এই নিয়মে ১৪৭২ (চৌদ্দৃশত বায়াত্তর) শকাকা। নভস্ শব্দে প্রাবণমাস, নভোমণি স্থ্য, দিন

।। *।। ইতি শ্রীলরূপগোস্বামিপাদ-বিরচিতায়াং শ্রীরাধাকুষ্ণগুণোদ্বেশদীপিকায়াং —

वृश्क्षा मञ्भूनी ।। *।।

শব্দে বার, অর্থাৎ ১৪৭২ শকাব্দের প্রাবণ মাসে রবিবারে যপ্তী তিথিতে প্রীরূপগোস্বামিপাদ ব্রজপতি প্রীনন্দমহারাজের শোভমান গৃহে (নন্দগ্রামে কদমটেরে) "এই বৃহৎ রাধাকৃষ্ণ-গণোদ্দেশদীপিকা" গ্রন্থ প্রণয়ন করিয়াছেন।। ২৫৩।।

।। *।। ইতি শ্রীল রূপগোস্বামিপাদ-বির্চিত শ্রীরাধাকৃষ্ণ-গণোদ্দেশদীপিকার শ্রীরাসবিহারি সাখ্যাতীর্থ-লিখিত বৃহদ্ভাগের বঙ্গামুবাদ সম্পূর্ণ।। *।।

ত্বং শ্রীভাগবতাবলী সহমিব প্রেষ্ঠস্তথা শক্তরঃ
শ্রীরিক্রশ্চ ন মে, যথা ত্বমি:ত সংস্কৃষ্টঃ স্বয়ং প্রোচিবান্।
সোহপি প্রার্থয়তোদ্ধবঃ স্ফুটমুরুপ্রেমশ্রিয়া বিশ্বিতোযাসাং ভাববিধাং ব্রজাম্বুজদৃশামন্যো জনস্তব্র কঃ॥ ১॥
উথায় পুনরুত্থায় পতিত্বা ধরণীতলে।
রূপদেবপদান্ডোজে নতিঃ স্যাজ্জমজম্বনি॥ ২॥
আত্মারামস্য জাবোহয়ং কদা বৃন্দাবনান্তরে।
শশাক্ষো রূপদেবস্য আজ্ঞাবাহী ভবেৎ কিল॥ ৩॥

এতৎ শ্লোকত্রয়ং পুস্তকান্তরে অন্তিমভাগে গ্রন্থস্য শেষে পুষ্পিকার্রপেণ দৃশ্যতে, কিন্তু তাদৃগ্ভাবার্থসঙ্গতির জায়তে।

পত্রস্য পত্রাংশস্য যা স্থানপুর্ণার্থং যঃ কন্দিৎ শ্লোকো ভগবন্নামাদিকঞ্চ লেখকৈলিখ্যতে, বহুষু পুরাতনপুস্তকেষু ইয়ং রীতিঃ পরিদৃশ্যতে চ। অত্রাপি তাদৃগেব প্রতিডাতি। শশাঙ্ক ইতি সংজ্ঞাতু গ্রন্থলেখকস্য ইত্যপানুমায়তে, আত্মারাম ইতি ভগবানুত তস্য কশ্চিৎ পুজ্যোজনঃ ?।

"হে উদ্ধব! তুমি "অহমিব" মৎসদৃশ অর্থাৎ আমার তুলা এবং শ্রীভাগবতাবলা অর্থাৎ ভগবৎপরায়। ভক্তজনের মধ্যে তুমি যেরূপ আমার প্রিয়তম, সাক্ষাৎ শঙ্কর (মহাদেব), শ্রী (লক্ষ্মীদেবা), এবং ইন্দ্র অর্থাৎ দেবরাজ ও সেরূপ প্রিয় নহেন"। শ্রীকৃষ্ণ অতিশয় সন্তোষ-সহকারে যে উদ্ধবকে এই কথা বলিয়াছিলেন, সেই উদ্ধবও শ্রীকৃষ্ণের আজ্ঞারূপ মহতা প্রেমসম্পত্তিতে বিশ্বিত হইয়া যে সকল পদ্মলোচনা ব্রজাঙ্গনাদিগের ভাববিধা অর্থাৎ বিভিন্ন প্রকারের ভাবকে প্রার্থনা করিয়াছিলেন, ইহাতে অন্য জন আর কে? অর্থাৎ সর্ব্বপ্রেষ্ঠ ভক্ত উদ্ধব যে গোপীপ্রেমের প্রার্থী, তাহা অপর ভক্ত যে প্রার্থনা করিবেন, তাহা কি আর বলিতে হয় ।। ১॥

বার বার ধরণীতলে পতিত এবং উত্থিত হইয়া রূপদেবের অর্থাৎ শ্রীরূপগোস্বামিপাদের চরণে আমি যেন জন্মে জন্মে প্রণত হইতে থাকি॥ ২॥

আত্মারাম শ্রীভগবানের এই জীব অথবা আত্মারাম নামক কোনও লোকের অনুগত জীব এই শশাঙ্ক শ্রীবৃন্দাবনের মধ্যে রূপদেবের (শ্রীরূপগোস্বামিপাদের ?) কবে আজ্ঞাবাহা দাস হইতে পারিবে॥ ৩॥

- (১) य তিনটী শ্লোকের বঙ্গানুবাদ দেওয়া হইল। এই তিনটী শ্লোক এখানে কেন লেখা হইয়াছে, তাহা সুস্পষ্ঠ বুঝা যায় না। প্রথম শ্লোকটীতে অনেক লিপিকারে প্রমাদ (ভূল) ছিল। বর্দ্ধমান শ্রীথণ্ডের বর্ত্তমান গৌরব পণ্ডিতপ্রবর পূজাপাদ প্রাযুক্ত রাখালানন্দ ঠাকুর মহাশয় বিশেষ চিন্তা সহকারে সংশোধন করতঃ পাঠের কথঞ্চিৎ উদ্ধার করিয়া দিয়া আমার যথেষ্ঠ উপকার করিয়াছেন। তিনটী শ্লোকের সঙ্গে মূল গ্রন্থের কোনই সামঞ্জস্য নাই। আমি প্রায় ২৫ বৎসর ধরিয়া প্রাচান হস্তলিখিত গ্রন্থের পর্য্যালোচনা করিয়া আসিতেছি। সেই ভূষোদর্শন বা বহুদন্শিতার ফলে ইহাই বলিতে পারি ষে, অনেক হস্তলিখিত প্রাচান গ্রন্থের শেষে, এমন কি স্থানে স্থানে প্রস্তের মধ্যে মধ্যে পুস্তকের পাতায় অবকাশ স্থলে অর্থাৎ লেখক গ্রন্থ লিখিয়া, পাতার যে অংশ সাদা উদ্ধৃত থাকে, তথায় ইচ্ছা-প্রসূত কোন অভীষ্টদেবের নাম অথবা গুণ, ভূথক্ গদ্য পদ্য অথবা কোন প্রাচীন প্লোক বা স্বক্বত শ্লোক লিখিয়া থাকেন। ইহার আমি বহুতর দৃষ্ঠান্ত দেখাইতে পারি, এবং ঘাঁহারা প্রাচান পুথির বেশী আলোচনা করেন তাঁহারাও ইহা অবগত আছেন। লেখকের মনে উদ্ধবের প্রাথিত গোপীপ্রেমের কথা জাগিয়াছিল। তাই পূর্বাকৃত বা তৎকালকৃত শ্লোক পাতার শেষে বসাইয়া দিয়াছেন।

- (২) ঐরূপ ভাবেই প্রারূপের অর্থাৎ মূলগ্রন্থকারের প্রতি মবে প্রবল ভক্তি উদিত হওয়ায় দ্বিতায় পদাটী লিখিয়া থাকিবেন।
- (৩) তৃতীয় শ্লেকে আত্মারাম, জীব ও শশাক্ষ যে কে ? তাহা বুঝিবার উপায় নাই। তবে মনে হয় যে, এই গ্রন্থের লিপিকারের নামই শশাক্ষ হইবে। এবং আত্মারাম শকে হয় ভগবান্, না হয় তাহার কোনও পূজা ব্যক্তিও হইতে পারেন।

ইহা ভিন্ন অন্য সিদ্ধান্ত আমার মনে এখনও উপস্থিত হয় নাই। নিবেদক—শ্রীরাসবিহারী সাঙ্খ্যতীর্থ রাজাগঞ্জ, পোঃ থাগড়া, (মুশিদাবাদ)

लघु

शीताक्षक्षशाप्तम-मीशिका

श्रीक्षभा क्रशादिकः

স্থালাবণ্যমাধুর্য্যদলিতাঞ্জনচিক্কণঃ। ইন্দ্রনীলমণিঃ কিংবা নীলোৎপলরুচিপ্রভা॥ ১॥

মধুমঞ্জরিকাযুক্ত-নবনীপাখ্যয়োর্ময়া।
পিত্রোঃ স্বর্যাতয়োঃ পাদান্ নতা রাসবিহারিণা।
রাধাক্ষণণোদ্দেশদীপিকা লঘু-সংক্রিতা।
বঙ্গভাষান্তবাদালৈঃ সজ্জিতা বহুযত্তঃ।।
প্রথমতঃ শ্রীকৃষ্ণের রূপ, গুণ, মাধুর্যা ও বয়ঃক্রমাদি বর্ণিত
হইতেছে।

শ্রীকৃষ্ণের অঙ্গকান্তি সুধার তাায় লাবণা ও মাধুর্য্যে পরিপূর্ণ,

* এতদাদিসুভদ্রলকণপর্যান্তোহংশঃ পুস্তকান্তরে নাস্তি। তত্রতু বৃহদ্-ভাগারপর্জন্যাবিশুরুবর্গস্য দেহর ক্ষিসুহৃদাং ধাত্রীণাঞ্চ লক্ষণানি সন্তি। প্রায়ন্তেচ "যে সূত্রিতাঃ সতা রত্যা" ইত্যয়ং শ্লোকশ্চ বর্ত্ততে। বৃহদ্ভাগে উক্তত্বাৎ পুনরক্তিতিয়া অত্র তে শ্লোকা নোদ্ধৃতাঃ॥ কিংবা নব্যতমালোহপি মেঘপুঞ্জমনোহর:।
প্রভা মারকতী কান্তিঃ স্থালাবণ্যবারিধি:।। ২।।
পীতবন্ত্রপরীধানো বনমালাবিভূষিত:।
নানারতভূষিতাঙ্গো নানাকেলিরসাকর:।। ৩।।
দীর্ঘকুঞ্জিতকেশোহপি বহুগদ্ধস্থগদ্ধিত:।
নানাপুষ্পমালয়া চ চূড়াদীপ্রির্মনোহরা।। ৪।।
শ্রীমঁল্ললাটপাটীরস্তিলকালক-শোভিতঃ।
নীলোন্নত-ক্রবিলাস-কামিনীচিত্তমোহনঃ।। ৫।।

বিগলিত অঞ্জনের স্থায় চিক্কণ, ইন্দ্রনীলমণির স্থায় উজ্জল, অথবা নীলোৎপলের রুচির স্থায় দীপ্তিশীল।। ১।।

অথবা নবীন তমাল ও জলধরমগুলীর ভাায় মনোহর, মরকত মণির কান্তির ভাায় উজ্জল, অধিক কি অমৃতময় লাবণ্যের সমৃদ্রস্বরূপ ॥ ২ ॥

পরিধানে পীতবসন, দেহ বনমালা ও নানাবিধ রত্নে বিভ্ষিত, স্থতরাং নানা প্রকার লীলারসের আকরম্বরূপ।। ৩।।

কেশপাশ দীর্ঘ, কুঞ্চিত (চাঁচর) এবং নানাবিধ স্থগন্ধে আমোদিত। বক্তবিধ পুষ্পমালায় চূড়ার শোভা মনোহারিণী ॥৪॥

শোভমান ললাট-প্রদেশটী তিলক ও অলক অর্থাৎ ক্ষুদ্র ক্ষুদ্র কেশ দারা, এবং নীলবর্ণ উন্নত ক্রযুগলের শোভা দারা কামিনী-গণের মনকে মুগ্ধ করিতেছে।। ৫।। ঘূর্ণয়মানং স্থনয়নং রক্তনীলোৎপলপ্রভং।
খগেল-চঞ্চলাবণ্য-স্থনাসাপ্রজন্তনরঃ॥৬॥
মনোহারি কর্ণয়্মাং মণিকুগুলশোভিতং।
নানামণি-কুগুলাঢ্য-গগুস্থল-বিরাজিতঃ॥৭॥
মুখপদ্মং স্থলাবণ্যং কোটিচক্রপ্রভাকরং।
নানাহাস্ত-স্থমধুরশ্চিবুকো দীপ্তিমান্ ভবেং॥৮॥
কণ্ঠদেশঃ স্থলাবণ্যো মুক্তামালা বিভূষিতঃ।
ভিভঙ্গে ললিতস্নিশ্বপ্রীবস্তৈলোক্যমোহনঃ॥৯॥

নয়নযুগল ঘূর্ণমান, রক্তাভ ও নীলবর্ণ উৎপলের প্রভাযুক্ত, এবং নাসিকার অগ্রভাগ খগপতি গরুড়ের চঞ্চুর স্থায়। উহাতে শ্রীকৃষ্ণের মুখমগুলের শোভা লাবণ্যপূর্ণ হইতেছে।। ৬॥

মনোহর কর্ণয়ুগলে মণিময় কুওলদ্বয় শোভা পাইতেছে। ঐ কুওলের চতুষ্পাশ্ব নানাবিধ মণিমাণিকের প্রভায় গওস্থলের প্রভা উজ্জল হইতেছে।। ৭।।

মুখপদ্ম স্থলর লাবণাযুক্ত ও কোটি কোটি চন্দ্রের প্রভার আকরম্বরূপ অথবা কোটি কোটি চন্দ্রের মত কান্তিজনক। উক্ত মুখমণ্ডলের নিমন্থ চিবুক (অধরের নিমভাগ) নানাবিধ হাস্তদ্বারা স্থমপুর ও দীপ্তিমান্ হইতেছে।। ৮।।

স্থলর লাবণাপূর্ণ কণ্ঠদেশ মুক্তা-মালায় বিভূষিত, এবং ত্রিভঙ্গ ও মধুর স্নিগ্ধ গ্রীবাযুক্ত হইয়া ত্রিলোককে মুগ্ধ করিতেছে।। ৯।। বক্ষংস্থলঞ্চ লাবলৈরমনীরমণোৎপ্রকং।
মিলিকৌস্ত ভবিত্যন্তামুক্তাহারবিভূষিতং।। ১০।।
আজারুলম্বিভভূজো কেয়ুরবলয়ায়িতো।
রক্তোৎপলহস্তপদ্মো নানাচিহ্নস্থশোভিতো।। ১১।।
গদা-শঙ্খ-যবচ্ছ ত্র-চন্দ্রার্দ্ধামুশশোভিতো।
ধ্বজ্ল-পদ্ম-যূপ-হল-ঘট মীন-বিরাজিতো।। ১২।।
উদরঞ্চ স্থমপুরং লাবণ্যকেলিস্থন্দরং।
পৃষ্ঠপার্শস্থারম্যং রমনীকেলিলালসং।। ১৩।।
কটিবিম্বস্থান্ডোজং কন্দর্পমোহনোৎস্থকং।
রামরন্তে ইবোর দ্বো নারীমোহনকারকো।। ১৪।।

বক্ষঃস্থল মণিপ্রবর কোস্তভ এবং সোদামিনীর প্রভাযুক্ত মুক্তাহারে বিভূষিত হইয়া লাবণ্যরাশি দ্বারা রমণীগণের রমণ-বিষয়ে যেন উৎস্থক হইয়া রহিয়াছে।। ১০।।

ভূজদ্বর জান্থ পর্যান্ত লম্বমান। উহাতে কের্র এবং বলর শোভা পাইতেছে। রক্তপদ্মের মত করপদ্ম নানাবিধ চিহ্ন দারা অঙ্কিত। গদা, শঙ্খা, যব, অর্দ্ধচন্দ্র ও অঙ্কুশ এবং ধ্বজ্ঞ পদ্ম, যুপ, হল, ঘট ও মৎস্থা চিহ্নে স্থাশোভিত।। ১১–১২।।

উদরপ্রদেশ স্থন্দর মাধুর্য্যপূর্ণ এবং লাবণ্যবিলাসে মনোহর। উদরের পশ্চাৎ ও পাশ্বভাগ স্থার আয় রমণীয় হইয়া রমণীগণের কেলি-বিষয়ে লালসার উৎপাদন করিতেছে।। ১৩॥

কটিদেশ অমৃতপদ্মের সদৃশ ও কন্দর্পের মোহন বিষয়ে উৎস্থক হইয়াছে। রামরস্তার স্থায় উরুদ্বয় নারীগণের মনকে মোহন করিতেছে।। ১৪।।

कान् रको ह स्नावरणी मधुरती शतरमाञ्चरनो । পাদপদ্মো স্থমধুরো রক্ত্বপুরভূষিতো ॥ ১৫॥ জবাপুষ্পসমরুচী নানাচিহ্নস্থশোভিতে। চক্রাৰ্দ্ধচন্দ্রাষ্টকোণ ত্রিকোণ-যব-শোভিতে।। ১৬॥ অহরক্ত্র-কলশ-শঙ্খ-গোপদ-স্বস্থিকো। অঙ্কুশান্তোজধনুষা জান্ববেন চ শোভিতে ॥ ১৭ ॥ অঙ্ল্যাইরণভাঃ সমাঙ্নখচন্দ্রমবিতাঃ। শ্রীযুতে চরণান্তোজো নানাপ্রেমস্থার্ণবো।। ১৮।। এতেষাং কৃষ্ণ্রূপাণাং তুলনা ন হি বিছতে। কিঞ্ছিত্বদীপনার্থায় দিখ্মাত্রমিহ দর্শিতং ।। ১৯।।

জারুদ্ধ হন্দর লাবণাপূর্ণ, মধুর ও অত্যন্ত উজ্জল। স্থমধুর পাদপদাযুগল রত্নয় নৃপুর দারা ভূষিত এবং জবাপুজের তায় কাতিযুক্ত ও নানাবিধ চিহ্ন দারা মুশোভিত। সেই সকল চিহ্ন যথা — চক্র, অর্দ্রচন্দ্র, অষ্ট্রকোণ, ত্রিকোণ, যব, অম্বর (আকাশ), ছত্র, কলশ, শঙ্খ গোষ্পদ, স্বস্তিক, অঙ্কুশ, পদ্ম, ধনুঃ এবং जन्यू कल II ১৫-১१ il

পূর্ণতম নখচন্দ্র দারা সমন্বিত অঙ্গুলীসকল অরুণকান্তিতে পরিপূর্ণ। শোভাশালী চরণপদ্মদ্বয় নানা প্রকার প্রেমস্থ্রের मानवज्ना ॥ ১৮॥

এই সকল উল্লিখিত প্রীকৃষ্ণের রূপমাধুর্য্যের তুলনা জগতে অসম্ভব। তবে ভক্তমগুলীর মানসিক সাধনের উদ্দীপন জন্ম

व्यथ वयमगाः ॥

অথ শ্রীকৃষ্ণচন্দ্রস্যা সথিবৃন্দঞ্চ কথ্যতে। অগ্রগামী বয়স্যানাং প্রলম্বারাতিরগ্রজং।। ২০।।

वश्रखाडिका ।।

হুদং-সখি-প্রিয়সখাঃ প্রিয়নর্মসখন্তথা। বসস্থাঃ কৃষ্ণচন্দ্রস্থা স্ফুটমত্র চতুর্বিধাঃ।। ২১।।

তত্র সুহাৎ॥

স্থভদ্রঃ কুণ্ডলো দণ্ডী মণ্ডলোহ্মী পিতৃব্যজাঃ। স্থনন্দো নন্দিরানন্দী ইত্যাতা যাতরঃ স্মৃতাঃ।। ২২।।

কিঞ্চিশাত দিগদর্শনরূপে প্রদলিত হইল।। ১৯।।

বয়স্তগণ

অনন্তর প্রীকৃষ্ণচন্দ্রের স্থাদিগের বিষয় বর্ণিত ইইতেছে। শ্রীবলদেব বয়স্তাগণের অগ্রগামী। ইনি প্রীকৃষ্ণের অগ্রজ শ্রাতা এবং প্রলম্ব নামক বিখ্যাত অস্থরের নিহন্তা।। ২০।।

ৰয়স্থগণের প্রভেদঃ

শ্রীকৃষ্ণচল্রের বয়স্থাগণ চতুর্বিবধ—হুন্তং, সখা, প্রিয়সখা এবং প্রিয়ন্দ্রসখা ।। ২১ ।।

সুহাদগণ

স্থভদ্র, কুণ্ডল, দণ্ডী ও মণ্ডল এই চারি জন বয়স্ত প্রীকৃষ্ণের পিতৃব্যপুত্র, অর্থাৎ খুল্লভাত ও জ্যেষ্ঠভাতের পুত্র। স্থনন্দ, নন্দি, আনন্দী,ইত্যাদি বয়স্তগণ বন-গমনের সঙ্গী বলিয়া বিখ্যাত ॥২২॥

শুভদো মণ্ডলী ভদ্র-ভদ্রবর্দ্ধন-পোভটাঃ।

যক্ষেত্র-ভট-ভদ্রাঙ্গ-বীরভদ্র-মহাগুলাঃ ।। ২৩ ।।

কুলবীরো মহাভীমো দিব্যশক্তিঃ স্থরপ্রভঃ।
রণস্থিরাদয়ো জ্যেষ্ঠকল্লাঃ সংরক্ষণায় যে ।। ২৪ ।।

পিতৃভ্যামভিতো ভীতচিত্তাভ্যাং তুষ্ঠকংসতঃ।
প্রাণকোট্যধিকপ্রেষ্ঠপুল্রাভ্যাং বিনিযোজিতাঃ।।

অত্রাধ্যক্ষোহস্বিকাস্মুর্হিজয়াক্ষস্তপস্থা।

যঃ কিলাম্বিকয়া লেভে ধাত্রোপাস্থ সদাম্বিকাং।। ২৫ ।।

শুভদ, মণ্ডলী, ভদ্র, ভদ্রবর্দ্ধন, গোভট, যক্ষেক্র, ভট, ভদ্রাপ্র, বীরভদ্র, মহাগুণ, কুলবীর, মহাভীম, দিব্যশক্তি, স্থরপ্রভ এবং রণস্থির, প্রভৃতি বয়স্থাগণ শ্রীকুষ্ণের জ্যেষ্ঠকল্প এবং দেহরক্ষায় নিযুক্ত ।। ২৩–২৪।।

প্রীকৃষ্ণ ও প্রীবলদেব মাতা-পিতার প্রাণ অপেক্ষাও কোটি কোটি গুণে প্রীতিভালন। স্থতরাং তাঁহারা ছষ্ট কংস হইতে মনে ভয় পাইয়া উল্লিখিত শুভদ প্রভৃতি বালকগণকে পুত্রবয়ের দেহরক্ষায় নিষুক্ত করিয়াছিলেন। এই সকল বালকের মধ্যে অম্বিগা-পুত্র বিজয়াক্ষ-নামক বালক সকলের অধ্যক্ষ। ইহাঁর জননী অম্বিকা-দেবী পুত্রার্থে অম্বিকা অর্থাৎ পার্ববতীর তপস্থা ও উপাসনা করিয়া এই পুত্রটী লাভ করেন।।২৫।।

ত্র সুভদ্রঃ॥

স্থাচিকাণো নীলবর্ণঃ স্থভজো দীপ্তিমান্ ভবেং। পীতবস্ত্রপরিধানো নানাভরণশোভিতঃ।। ২৬॥ উপনন্দঃ পিতা তস্তু তুলা মাতা পতিব্রতা। পরমোজ্জলকৈশোরঃ পত্নী কুন্দলতা ভবেং।। ২৭॥

व्यथं म्यांगः ॥

বিশাল-ব্যভৌজ্সি-দেবপ্রস্থ-বর্রথপাঃ ।।
মন্দারঃ কুসুমাপীড়-মণিবন্ধকরাস্তথা ।। ২৮ ।।
মন্দারশ্চন্দনঃ কুল্দঃ কলিন্দ-কুলিকাদ্যঃ ।
কনিষ্ঠকল্লাঃ সেবায়াং স্থায়ো বিপুলাগ্রহাঃ ।। ২৯ ।।

সুভদ্র

স্থভদের দেহপ্রভা চিক্কণ, নীলবর্ণ ও দীপ্তিময়। পরিধানে পীতবসন এবং নানাবিধ আভরণে ভূষিত।। ২৬।।

ইহাঁর পিতা উপনন্দ, মাতা তুলা। ইনি বিশেষ পতিব্রতা। স্কুভদ্রের বয়স পরমোজ্জন কৈশোরভাবে পরিপূর্ণ। ইহাঁর পদ্ধীর নাম কুন্দলতা।। ২৭।।

স্থাগণ

বিশাল, বৃষভ, ওজস্বী, দেবপ্রস্থা, বর্রথপ, মন্দার, কুত্রমাপীড়, মণিবন্ধকর, মন্দর, চন্দন, কুন্দ, কলিন্দ এবং কুলিক, প্রভৃতি স্থাগণ শ্রীকৃষ্ণের কনিষ্ঠকল্প। শ্রীকৃষ্ণের সেবাতে ইহাঁদের আগ্রহ অতীব বিপুল।। ২৮–২৯।। তথ প্রিরস্থা? ।।
† জ্রীদামা দামা-স্থদামা-বস্থদামা তথৈব চ ।
কিঙ্কিণি-ভদ্রসেনাংশু স্তোককৃষ্ণা বিলাসিনঃ ।। ৩০ ।।
পুগুরীক-বিটস্কাক্ষ-কলনিস্ক-প্রিয়ন্ধরাঃ ।
জ্রীদামান্তাঃ সমাস্তত্র জ্রীদামা পীঠমর্দ্দিকঃ ।। ৩১ ।।
সমস্তমিত্রসেনানাং ভদ্রসেনশ্চমূপতিঃ ।
স্থোককৃষ্ণো যথার্থাখ্যঃ কৃষ্ণস্থ প্রতানন্তর ‡

প্রিয়সখাগণ

শ্রীদামা, দামা, স্থদামা, বস্থদামা, কিন্ধিনি, ভদ্রংসন, অংশু, স্থোককৃষ্ণ, পুগুরীক, বিটন্ধাক্ষ, কলবিঙ্ক ও প্রিয়ন্ধর—ইহাঁরা সকলেই শ্রীকৃষ্ণের বিলাসের সাহায্যকারী। এই শ্রীদামা প্রভৃতি স্থাগণ শ্রীকৃষ্ণের "সম বয়স্ক" পর্য্যায়ভুক্ত। ইহার মধ্যে শ্রীদামা পরীঠমর্দ্দ"-নামক নায়ক-সহায়ের গুণবিশিষ্ট ।।৩০-৩১।।

এই সকল স্থার মধ্যে ভদ্রসেন সমস্ত মিত্র-সেনাদিগের মধ্যে চম্পতি, অর্থাৎ সেনাপতি; আর স্তোককৃষ্ণ শ্রীকৃষ্ণের প্রতিকূল পক্ষে বর্তুমান থাকিয়া সার্থক নামা।। ৩২।।

[†] অথ প্রিয়সখা দামসুদামবসুদামকাঃ। ইতি চ পাঠঃ।

[‡] পীঠমর্দ্দলক্ষণং (সাহিত্যদর্পণে) যথা—
দূরাবুবন্তিনি স্যাৎ তস্য প্রাসঙ্গিকেতিবৃত্তে তু।
কিঞ্চিত্তদৃগুণহানঃ সহায় এবাস্য পীঠমর্দ্দাখ্যঃ॥

^{*} নায়কের বহুব্যাপী প্রাসঙ্গিক ইতিবৃত্ত অর্থাৎ কর্ত্তব্য কর্মা বিষয়ে যিনি সহায় অথচ নায়কের সাধারণ গুণে কিঞ্চিৎ হান, — এরূপ সহায়কে পীঠমর্দ্দ কহে। যেমন প্রারামচন্দ্রের সুগ্রীব, তেমনি প্রীকৃষ্ণের প্রাদামা।

রময়ন্তি প্রিয়সখাঃ কেলিভিবিবিধৈরমী। নিযুদ্ধদণ্ডযুদ্ধাদিকোতুকৈরপি কেশবং॥ ৩৩ ।। এতে প্রিয়সখাঃ শান্তাঃ কৃষ্ণপ্রাণ-সমা মতাঃ॥ ৩৪ ॥

जाथ श्रियतस्मिशाः॥

স্বলার্জ্নগন্ধর্ব-বসন্তোজ্জলকোকিলাঃ।
সনন্দন-বিদ্ধাতাঃ প্রিয়ন্ম্মথা মতাঃ। ৩৫।।
তদহস্তম্ভ নাস্তোব যদমীযাং ন গোচরঃ।
মধুমঙ্গলপুষ্পান্ধহাসস্কাতা বিদূষকাঃ।।
শ্রীমান্ সনন্দনস্তত্র সোহদানন্দস্করঃ।

মূর্তিমানেব রসরাড়ুজ্জ্বলাশ্চ মহোজ্জনঃ।
বিলাসিশেখরো যস্যা বিলাসেন বশীকৃতঃ।। ৩৬।।

প্রিয়সখা সকল বিবিধ কেলি, নিযুদ্ধ ও দণ্ডযুদ্ধাদি কৌতুক দারা জ্রীকৃষ্ণকে সুখী করিয়া থাকেন।। ৩৩।।

এই সকল প্রিয়সখা শান্তমভাবাপন্ন, এবং শ্রীকৃষ্ণের প্রাণ-তুল্য ।। ৩৪ ।।

প্রিয়**নর্ম্মগাগণ** স্থবল, অর্জুন, গন্ধর্বব, বসন্ত, উজ্জ্বল, কোকিল,

স্থবল, অর্জুন, গন্ধবর্ব, বসন্ত, উজ্জ্বল, কোকিল, সনন্দন এবং বিদগ্ধ প্রভৃতি সখা প্রিয়ন্ত্র্মসখা বলিয়া বিখ্যাত ।। ৩৫।।

শ্রীকৃষ্ণের এমন কোন রহস্ত বা গোপনীয় বিষয়ই নাই, যাহা এই প্রিয়নর্শ্বসংগদিপের অগোচর।

মধুমঙ্গল, পুপ্পান্ধ এবং হাসন্ধ প্রভৃতি প্রীক্ষণ্ণের বিদূষক। এই প্রিয়নর্মসখাগণের মধ্যে প্রীমান্সনন্দন সৌহ্নত-জনিত আনন্দে স্থান্ব। উচ্ছল নামক বালক নামেও উচ্ছল কার্য্যেও মহান্

ज्जारि श्रीमात्रा ॥

শ্রীদামা শ্রামলক চিরঙ্গকান্তির্মনোহরা।
পীতবন্ত্রপরীধানো রক্তমালাবিভূষিতঃ।। ৩৭।।
বয়: ষোভূশবর্ষঞ্চ কিশোরঃ পরমোজ্জলঃ।
শ্রীকৃষ্ণস্থ প্রিয়তমো বহুকেলিরসাকরঃ।। ৩৮।।
ব্যভান্থঃ পিতা তস্তু মাতা চ কীর্ত্তিদা সতী।
রাধানঙ্গমপ্ররী চ কনিষ্ঠা ভগিনী ভবেং।। ৩৯॥

তত সুদামা

ঈষদেগারঃ সুদামা চ দেহকান্তির্মনোহরা। নীলবস্ত্রপরীধানো রক্নান্তরণভূষিতঃ।। ৪০।।

উজ্জল, এবং মূর্ত্তিমান্ রসরাজস্বরূপ। অধিক কি বলিব, বিলাস-শালিদিগের মুকুটমনি উজ্জল শৃঙ্গার-রদের অধিষ্ঠাত্রী-দেবতা জীকৃষ্ণও যাঁহার গুণে বশীভূত।। ৩৬।।

তন্মধ্যে প্রথমতঃ শ্রীদামা

প্রীদামার অঙ্গকান্তি শ্রামলবর্ণ ও মনোহর। পরিধানে পীতবসন এবং রক্তমালা দারা অঙ্গ বিভূষিত। বয়:ক্রম ষোড়শ বর্ষ, স্থতরাং পরম উজ্জল কৈশোরভাবে পরিপূর্ণ ও প্রীকৃষ্ণের প্রিয়তম ও বহুবিধ লীলারসের আকর-স্বরূপ। ইহাঁব পিতা বুসভান্থ রাজা, মাতা পতিব্রতা কীর্তিদা, প্রীরাধা ও অনঙ্গমঞ্জরী ইহাঁর কনিষ্ঠা ভগিনী। ৩৭-৩৯।।

ञ्चन भा

স্থদামার দেহকান্তি ঈষৎ গৌরবর্ণ ও মনোহারী। পরিধানে

পিতা চ মটুকো নাম রোচনা জননী ভবেৎ। স্থাকিশোরবয়োবেশঃ নানাকেলিরসোৎকরঃ।। ৪১।।

ठ। जय स्वलः ॥

স্থালন্ত গোরকান্তির্নীলবস্ত্রমনোহরঃ।
নানারত্বত্বিতাঙ্গো নানাপুপবিভূষিতঃ।। ৪২ ।।
সার্দ্রদাদশবর্ষীয়ঃ কৈশোরবয়সোজ্জনঃ।
সখীভাবং সমাশ্রিত্য নানাসেবাপরিপ্ল,তঃ।। ৪৩ ।।
হয়োর্মিলননৈপুণ্যো মধুরো ভাবভাবিতঃ।
নানাগুণ-স্থাপেতঃ কৃষ্ণপ্রিয়তমো ভবেং।। ৪৪ ।।

নীলবসন এবং রত্নময় আভরণে বিভূষিত। ইহার পিতার নাম মটুক, মাতার নাম রোচনা। স্থন্দর কিশোর বয়সে স্থানোভিত হইয়া এবং বেশভূষা করিয়া শ্রীকৃষ্ণের নানা প্রকার লীলারসে উৎস্থক হয়েন।। ৪০–৪১।।

১। সুবল

স্থবলের কান্তি গৌরবর্ণ। স্থবল নীলবসনে মনোহর ও নানা রত্নে বিভূষিত ও বিবিধ পুষ্পমালায় স্থশোভিত। সার্দ্ধ দাদশবর্ষ বয়ংক্রম, স্থতরাং কৈশোর বয়ংক্রমে উজ্জল। ইনি সখীভাব অবলম্বন পূর্বক শ্রীকৃষ্ণের নানা-সেবায় ব্যাপৃত, এবং শ্রীরাধা-কৃষ্ণের মিলন-বিষয়ে স্থনিপুন, ও কৃষ্ণভাবে-বিভোর হইয়া অসীম স্থখ অন্থভব করেন। এই জন্য স্থাগণ মধ্যে স্থবল শ্রীকৃষ্ণের বিশেষ প্রীতির পাজ। স্থিবল-মিলন-লীলা বিখ্যাত। একবার শ্রীরাধা স্থবলের বেশ ধারণ করতঃ নবীন গো-বৎস বক্ষে লইয়া

२। जर्कतृ मः ॥

রক্তোৎপলনিভা কান্তিরজ্জুনো দীপ্তিমান্ ভবেং।
বসণে চক্রকান্তিশ্চ নানারত্বস্থাভিতঃ ।। ৪৫ ।।
পিতা-স্থাক্রণস্তস্ত ভদ্রা চ জননী ভবেং।
জ্যেষ্ঠে। ভ্রাতা বস্থামা দ্বয়োঃ প্রেমপরিপ্লুতঃ ।। ৪৬ ।।
সার্দ্ধাশ্চতুর্দ্দশ সমা বয়ঃ কৈশোরকোজ্জলঃ !
নানাপুষ্পভ্ষিতাঙ্গো বনমালাবিভ্ষিতঃ ।। ৪৭ ।।

७। शक्तर्वः ॥

নিশাকরপ্রভাকান্তির্গন্ধর্বো রূপবান্ভবেং। রক্তবন্ত্রপরিধানো নানাভব্ণসংযুতঃ।। ৪৮।।

স্তনযুগল আচ্ছাদন পূর্বক জীক্ষের নিকট গমন করিয়াছিলেন। কেহ তাঁহাকে জীরাধা বলিয়া জানিতে পারে নাই]। 8২-88।। ২। অজ্জুন

অজুনের কান্তি রক্তপদাের ন্থায়, স্ত্তরাং দীপ্তিশালী।
চন্দ্রকান্তির ন্থায় ধবল বসন এবং নানা রত্নে স্থানাভিত। ইহাঁর
পিতার নাম স্থদক্ষিণ, মাতার নাম ভদ্রা, বহুদামা ইহার জ্যেষ্ঠ
ভাতা। ইনি জীরাধাক্ষের প্রেমে পরিপূর্ণ। সার্দ্ধ-চতুর্দ্দশ
বৎসর বয়স, কৈশােরভাবে উজ্জল, নানাবিধ পুপমালা ও
রতুমালায় অঙ্গ বিভূষিত।। ৪৫–৪৭।।

७। शक्तर्व

গন্ধর্ব বিশেষ রূপবান্। ইহাঁর অঙ্গকান্তি শশধরের তায়,

বয়ো দ্বাদশবর্ষঞ্চ কিশোরবয়সোজ্জনঃ।
নানাপুষ্পভূষিতাঙ্গো গন্ধর্বশ্চ স্থশোভিতঃ।। ৪৯।।
মাতা মিত্রা স্থসাধ্বী চ বিনাকো জনকো মহান্।
শ্রীকৃষ্ণস্য প্রিয়তরো নানাকেলিকুতৃহলঃ।। ৫০।।

८। वञ्चः ॥

ঈষদেগারাঙ্গকান্তিশ্চ বস্ত্রং চন্দ্রসমোজ্জলং।
নানামণিভূষিতাঙ্গো বসন্ত উজ্জলো ভবেৎ।। ৫১।।
একাদশবর্ষবয়া নানামাল্যবিভূষিতঃ।
মাতা চ শারদী সাধ্বী পিঙ্গলো জনকো মহান্।। ৫২।।

পরিধানে রক্তবর্ণ বসন এবং নানাবিধ আভরণে বিভূষিত।
বয়ঃক্রম দ্বাদশ বর্ষ এবং কিশোর বয়সে উজ্জল। নানাবিধ পুষ্পমালার ভূষণ থাকায় গন্ধর্ব স্থন্দর শোভার আকরম্বরূপ।
ইহার মাতা স্থন্দরী পতিব্রতা মিত্রা, পিতা মহাত্মা বিনাক।
এই বিনাক শ্রীকৃষ্ণের প্রিয়তর ও শ্রীকৃষ্ণলীলায় বিবিধ বিলাস
দ্বারা বিশেষ কুতৃহলী।। ৪৮-৫।।

8। वमख

বসন্তের অঙ্গকান্তি ঈষৎ গোরবর্ণ। বসন চন্দ্রের ন্যায় উজ্জ্বল, এবং অঙ্গ নানাবিধ মণি ও পুষ্পমালা দ্বারা ভূষিত হওয়ায় রূপ বড়ই উজ্জ্বল। বয়স একাদশ বৎসর। মাতা পতিব্রতা শারদী, পিতা মহাত্মা পিঙ্গল।। ৫১–৫২।।

ए। उँज्यालः

রক্তবর্ণপ্রভা কান্তিরুজ্জ্বলঃ পরমোজ্জলঃ।
তারাবলী-সমং বস্ত্রং মুক্তাপুষ্পবিরাজিতঃ।। ৫৩।।
সাগরাখ্যঃ পিনো তস্য মাতা বেণী পতিব্রতা।
ত্রয়োদশবর্ষবয়াঃ কিশোরঃ পরমোজ্জলঃ।। ৫৪।।

ए। काकिलः ॥

শুক্রকান্তিঃ সুলাবণ্যঃ কোকিলঃ পরমোজ্জলঃ।
নীলবস্ত্রপরিধানো নানারত্ববিভূষিতঃ।। ৫৫।।
বর্ষৈকাদশকং মাসাশ্চতারো যদ্ধয়:ক্রমঃ।
জনকঃ পুষ্করো নাম মেধা মাতা যশস্বিনী।। ৫৬।।

৫। উজ্জ्वन

উজ্জলের দেহকান্তি রক্তবর্ণ। বসন নক্ষত্রমালার ক্যায়,
মূক্তা ও পুষ্পদারা বিরাজিত। স্থতরাং উজ্জল নাম ও স্বভাব
উভয় প্রকারেই উজ্জল। বয়স ত্রোদেশ বৎসর ও কিশোরাবস্থা
প্রাপ্ত হইয়া উজ্জল নামের সার্থকতা সম্পাদন করিতেছেন।
ইহাঁর পিতার নাম সাগর, মাতার নাম পতিব্রতা বেণী
।। ৫৩–৫৪।।

৬। কোকিল

পরম উজ্জল কোকিলের অঙ্গপ্রভা শুল্রবর্ণ ও লাবণ্যপূর্ণ।
পরিধানে নীলবসন, নানা রত্নে দেহ বিভূষিত। ইহাঁর বয়ংক্রম
একাদশ বৎসর চারি মাস। পিতার নাম পুষ্কর, মাতার নাম
যশস্বিনী মেধা।। ৫৫-৫৬।।

१। अतन्त्वः ॥

ঈষদেশারাঙ্গকান্তিশ্চ শোভিতশ্চ সনন্দনঃ।
নীলবস্ত্রপরীধানো নানাভরণভূষিতঃ।। ৫৭।।
সার্দ্ধাশ্চতুর্দ্ধশ সমা বয়ো মাল্যবিরাজিতঃ।
অরুণাক্ষঃ পিতা তস্য মাতা চ মল্লিকা ভবেং।। ৫৮।।
শ্রীমান্ সনন্দনস্তত্র সোহাদানন্দস্থন্দরঃ।
মূর্ত্তিশানেব রসরাড়ুজ্বলশ্চ মহোজ্জলঃ।। ৫৯।।

छ। विस्कः ॥

রূপং চম্পকবর্ণাঢ্যং বিদশ্বে। দীপ্তিমান্ ভবেৎ। শিথিকপ্তবর্ণবাসা মুক্তামালাবিভূষিতঃ।। ৬০।।

१। जनमन

সুশোভিত সনন্দনের অঙ্গকান্তি কিঞ্চিং গৌরবর্ণ। পরিধানে
নীল-বসন, এবং নানাবিধ আভরণে ও পুষ্পমালায় বিভূষিত।
বয়স সার্দ্ধচতুর্দ্দেশ বংসর। পিতার নাম অরুণাক্ষ, মাতার নাম
মল্লিকা। উল্লিখিত স্থাদিগের মধ্যে জীমান্ সনন্দন সোহার্দ্দজনিত আনন্দে সুন্দর, উজ্জ্বল হইতেও মহোজ্জ্বল, এবং মূর্ত্তিমান্
রসরাজ শৃঙ্গার-রসের স্থায়।। ৫৭-৫৯।।

৮। विनक्ष

দীপ্তিমান্ বিদধ্যের রূপ চম্পক-পুষ্পের স্থায় মনোহর। বসন ময়ূরকণ্ঠের স্থায় মেচক-বর্ণ। অঙ্গ মুক্তমালায় বিভূষিত। বয়ংক্রম পূর্ণ চতুর্দ্দেশ বংসর, এবং কিশোর বয়সে অত্যন্ত চতুর্দ্দশবর্ষপূর্ণঃ কিশোরঃ পরমোজ্জলঃ।
পিতা চ মটুকো নাম জননী রোচনা ভবেৎ।। ৬১।।
স্থদামা চাগ্রজজ্ঞাতা ভগিনী স্থশীলাপি চ।
শ্রীকৃষ্ণস্য প্রিয়তমো যুগ্মভাববিভাবিতঃ॥ ৬২।।

उज श्रीसधूसऋसः ॥

ঈষচ্ছ্যামলবর্ণোহপি শ্রীমধুমঙ্গলো ভবেং।
বসনং গোরবর্ণাঢ্যং বন্দমালাবিরাজিতঃ ।। ৬৩॥
পিতা সান্দীপনির্দেবো মাতা চ স্থমুখী সতী।
